



ট্রাম্পের বিরুদ্ধে
মামলা ফেড গভর্নর
কুকের পৃষ্ঠা ২২

প্রথম আলো

Prothom Alo North America
Thursday, 28 August 2025, 9th Year, Issue 441, 40 Pages



প্রথম বাংলাদেশি-
আমেরিকান ব্রিগেডিয়ার
জেনারেল হলেন
শরীফুল খান পৃষ্ঠা ২৬

বৃহস্পতিবার, ২৮ আগস্ট ২০২৫, ১৩ ভাদ্র ১৪৩২, ৪ রবিউল আউয়াল ১৪৪৭, ৯ম বর্ষ, সংখ্যা ৪৪১, পৃষ্ঠা ৪০

মন্ট্রিয়লে ৩৯তম ফোবানা সম্মেলনের পর্দা উঠছে শুক্রবার

গোপেন দেব

রংধনুর সাত রঙে রাঙা এক বর্ণিল অনুষ্ঠানের আলো ছড়িয়ে শুরু হতে যাচ্ছে ফেডারেশন অব বাংলাদেশি অ্যাসোসিয়েশনস ইন নর্থ আমেরিকা (ফোবানা) আয়োজিত ৩৯তম ফোবানা সম্মেলন। ২৯, ৩০ ও ৩১ আগস্ট পুরো উইকেন্ডজুড়ে কানাডার মন্ট্রিয়লে বসবে উত্তর আমেরিকার বাংলাদেশিদের এই মহা-সম্মেলন। আয়োজক সংগঠন কানাডা-বাংলাদেশ সলিডারিটি ইতোমধ্যেই বিশাল আয়োজনের প্রস্তুতি সম্পন্ন করেছে।

সাংস্কৃতিক অনুষ্ঠানের বড় পর্বটি ছাড়াও সেমিনার, ইয়ুথ ফোরাম, বিজনেস সামিট, ট্যালেন্ট শো, ফোবানা স্কলারশিপ, কাব্য জলসা ও অপরাপর বিভাগগুলো যাতে উপভোগ্য ও জ্ঞানগর্ভ হয় সে লক্ষ্যে দায়িত্ব প্রাপ্তরা সক্রিয়ভাবে কাজ করছেন। প্রতি সপ্তাহেই বিভাগীয় পর্বগুলোর কর্মকর্তা, কলাকুশলীরা বসছেন - পরিকল্পনা, পরামর্শ, রিহার্শেল করছেন। এখন চলছে প্রস্তুতির ফাইনাল টাচ। এখন শুধু মঞ্চে উঠার প্রতিক্ষা।

বছরব্যবসার পর এবার মন্ট্রিয়লের ডাউন টাউনে যাচ্ছে ফোবানা। ডাউন টাউনের প্লাজা কনভেনশন সেন্টার,

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

৫০ বছরে প্রথমবার কমলো অভিবাসীর সংখ্যা

যুক্তরাষ্ট্র

পিউ রিসার্চ সেন্টারের বিশ্লেষণে দেখা গেছে, ২০২৫ সালের প্রথম ছয় মাসে অভিবাসীর সংখ্যা প্রায় ১.৪ মিলিয়ন কমে গেছে।

বিশেষ প্রতিনিধি

যুক্তরাষ্ট্রে অভিবাসীর সংখ্যা ৫০ বছরের মধ্যে প্রথমবার হ্রাস পেয়েছে। পিউ রিসার্চ সেন্টারের সাম্প্রতিক বিশ্লেষণে দেখা গেছে, ২০২৫ সালের প্রথম ছয় মাসে অভিবাসীর সংখ্যা প্রায় ১.৪ মিলিয়ন কমে ৫১.৯ মিলিয়নে নেমেছে। যা দেশটির ১৯৬০-এর দশকের পর সবচেয়ে বড় পতন।

জানা গেছে, ট্রাম্প প্রশাসন অভিবাসী প্রবাহের উপর কঠোর নিয়ন্ত্রণ আরোপ করেছে। স্বেচ্ছায় দেশত্যাগ করেছে প্রায় ১.৬ মিলিয়ন অভিবাসী, আর আইসিই ২০০ দিনের মধ্যে ৩.৩ লাখের বেশি অবৈধ অভিবাসীকে বহিষ্কার করেছে। পাশাপাশি দেশজুড়ে ০.৫৯ লাখ অবৈধ অভিবাসী গ্রেফতার করা হয়েছে।

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

■ বিশ্লেষকরা সতর্ক করে বলছেন, এই হ্রাস কৃষি, নির্মাণ, হসপিটালিটি এবং স্বাস্থ্যসেবা খাতে শ্রমিক সংকট সৃষ্টি করতে পারে।

বিশেষ করে নিউইয়র্ক, লস এঞ্জেলস ও শিকাগোর মতো শহরে। প্রশাসন সীমান্তে অনিয়মিত প্রবেশ প্রায় বন্ধের পর্যায়ে আনার পাশাপাশি আশ্রয়প্রার্থীদের ভিসা প্রক্রিয়া কঠোর করেছে।

বিশ্লেষকরা সতর্ক করে বলছেন, এই হ্রাস কৃষি, নির্মাণ, হসপিটালিটি এবং স্বাস্থ্যসেবা খাতে শ্রমিক সংকট সৃষ্টি করতে পারে। অভিবাসীদের সংখ্যা কমার কারণে দেশে উদ্ভাবন, গবেষণা ও শিক্ষার ক্ষেত্রেও প্রভাব পড়তে পারে। যুক্তরাষ্ট্রে বিদেশি জন্মগ্রহণকারীর অংশ কমে ১৯% থেকে ১৮.৫% নেমেছে। শ্রমবাজারে এ হঠাৎ পরিবর্তন দেশটির জিডিপি, সামাজিক সুরক্ষা ও মুদ্রাস্ফীতির ওপর

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৫

মিনেসোটার চার্চে গুলি শোক, আতঙ্ক আর বন্দুকের রাজনীতি

ইব্রাহীম চৌধুরী

মিনেসোটার মিনিয়াপোলিসে ঘটে যাওয়া বুধবারে চার্চ হামলার ঘটনাটি শুধু একটি স্থানীয় ট্র্যাজেডি নয়, বরং আমেরিকান সমাজের গভীরে প্রোথিত সহিংসতা, বিভক্তি আর নীতিগত অচলাবস্থার নগ্ন প্রতিচ্ছবি। ২৭ আগস্ট, বুধবার সকালে অ্যানানসিয়েশন ক্যাথলিক চার্চে যখন শিক্ষার্থীরা নতুন শিক্ষাবর্ষের প্রথম সপ্তাহের গণপ্রার্থনায় অংশ নিচ্ছিল, তখনই ঘটে যায় এই নারকীয় হামলা। ২৩ বছর বয়সি রবিন ওয়েস্টম্যান নামের বন্দুকধারী বাইরে থেকে চার্চের রঙিন কাঁচ ভেদ করে নির্বিচারে গুলি চালায়। মুহূর্তেই শিশুর চিংকার, আতঙ্ক আর মৃত্যুর বিভীষিকায় ভরে ওঠে প্রার্থনালয়। নিহত হয় দুই শিশু, আহত অন্তত ১৭ জন—এর মধ্যে ১৪ শিশু এবং তিনজন প্রবীণ ভক্তও রয়েছেন। হামলার পরপরই আতঙ্ক ছড়িয়ে পড়ে গোটা শহরে।

পুলিশ জানিয়েছে, হামলাকারীর কাছে রাইফেল, শটগান ও পিস্তল ছিল—সবই বৈধভাবে কেনা। যুক্তরাষ্ট্রে সহজে অস্ত্র কেনার সুযোগ বছবার প্রশ্নবিদ্ধ হলেও রাজনৈতিক অচলাবস্থার কারণে কার্যকর আইন প্রণয়ন হয়নি। এ কারণেই সাধারণ নাগরিকরাও মারাত্মক অস্ত্রের মালিক হতে পারছেন।

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

আবু সাঈদ হত্যা মামলার আনুষ্ঠানিক বিচার শুরু

জুলাই গণ-অভ্যুত্থান

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ গতকাল বুধবার সূচনা বক্তব্য উপস্থাপনের মাধ্যমে বিচার শুরু হয়।

ঢাকা অফিস

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম শহীদ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলার আনুষ্ঠানিক বিচার শুরু হয়েছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ গতকাল বুধবার সূচনা বক্তব্য উপস্থাপনের মাধ্যমে বিচার শুরু হয়।

বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের ট্রাইব্যুনালে প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। এ সময় তিনি আবু সাঈদকে জুলাই আন্দোলনের ‘ফিনিক্স পাখি’ এবং জুলাই শহীদদের ‘অগ্রসেনানী’ হিসেবে আখ্যায়িত করেন।

ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও



গত বছরের ১৬ জুলাই রংপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ গুলিবিদ্ধ হয়ে নিহত হান।

বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। বৃহস্পতিবার সাক্ষাৎ গ্রহণ শুরু হবে।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য মো. হাসিবুর রশীদসহ ৩০ জনকে এ মামলায় আসামি করা হয়েছে। সাবেক উপাচার্যসহ ২৪ জন আসামি পলাতক। অন্য ছয় আসামি কারাগারে আছেন। তারা হলেন রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর শরিফুল ইসলাম, সাবেক সহকারী রেজিস্ট্রার রাফিউল হাসান, রেজিস্ট্রার কার্যালয়ের চুক্তিভিত্তিক সাবেক কর্মচারী আনোয়ার

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

অপপ্রচার থেকে বিরত থাকার আহ্বান শাহনেওয়াজের

শুভানুধ্যায়ীদের সঙ্গে আলোচনা

মঙ্গলবার শুভানুধ্যায়ীদের নিয়ে আয়োজিত এক আলোচনায় তিনি নিজের অবস্থান পরিষ্কার করেন।

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির সুপরিচিত ব্যবসায়ী ও গোপেন দেব হোম কেয়ারের সিইও শাহনেওয়াজ ও তার পরিবারের বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে চলতে থাকা কুৎসা ও অপপ্রচারের তীব্র নিন্দা জানিয়েছেন। গত ২৬ আগস্ট (মঙ্গলবার) উডসাইডের গুলশান ট্যারেসে শুভানুধ্যায়ীদের নিয়ে আয়োজিত

এক খোলামেলা আলোচনায় তিনি আরেগধন বক্তব্যের মাধ্যমে নিজের অবস্থান পরিষ্কার করেন এবং সবাইকে সামাজিক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানান।

শাহনেওয়াজ বলেন, “আমিও লিখবো না, আপনারাও লিখবেন না। ছেলে-মেয়েদের সামাজিক মর্যাদার কথা চিন্তা করুন। তাদের বিয়ে-শাদি দিতে হবে, ভবিষ্যৎ গড়তে হবে। যদি কোনো ভুলত্রুটি আমার হয়ে থাকে, আমি ক্ষমা চাই, আপনারাও আমাদের ক্ষমা করবেন।”

তিনি আরও বলেন, তার প্রতিষ্ঠানের কর্মচারীরা ব্যক্তিগতভাবে সামাজিক যোগাযোগমাধ্যমে যা লিখে থাকেন, তার সঙ্গে তিনি জড়িত নন। কাজের বাইরে

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪



মঙ্গলবার উডসাইডের গুলশান ট্যারেসে শুভানুধ্যায়ীদের নিয়ে আলোচনায় নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির সুপরিচিত ব্যবসায়ী ও গোপেন দেব হোম কেয়ারের সিইও শাহনেওয়াজ

জাতীয় নির্বাচনের রোডম্যাপ

বিএনপি খুশি, হতাশ জামায়াত এনসিপি

ঢাকা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কর্মপরিকল্পনা (রোডম্যাপ) ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর মাধ্যমে ভোটের ট্রেন চালু করে দিল সাংবিধানিক প্রতিষ্ঠানটি। রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে গতকাল বৃহস্পতিবার রোডম্যাপ ঘোষণা করেন ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ। ভোটের রোডম্যাপকে স্বাগত জানিয়েছে বিএনপি। অপরদিকে জুলাই সনদ চূড়ান্ত হওয়ার আগে নির্বাচনী রোডম্যাপ ঘোষণা

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত ?

আমরা বয়লার পরিবর্তনের মাধ্যমে আপনার বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে ক্রিন হিট লাগিয়ে থাকি

সরকারী অনুদানে \$ 8000-\$10000 ডলার

বিস্তারিত জানতে কল করুন: 914-222-9477, 914-989-0089

GREEE MECHANICAL YONKERS Contact: 1900 Central Park Avenue, Yonkers, New York 10710

তৌফিক চৌধুরী

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস

TRUSTED ACCOUNTING AND TAX SERVICES

Over 13 Years of Accounting and Taxation Experience

ইনকাম ট্যাক্স

- INDIVIDUAL TAX RETURN
- CORPORATE TAX RETURN
- SMALL BUSINESSES TAX RETURN
- SELF-EMPLOYED (UBER/LYFT/CAB DRIVER)

একাউন্টিং ও বুককিপিং

- PAYROLL
- W2S, 1099S
- FINANCIAL STATEMENT
- SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS

Call/email/make appointment at www.chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY 11372

LIBERTY TRAVELS & TECH

AIR TICKET. WORLDWIDE MONEY TRANSFER

OUR OTHER SERVICES:

- PHOTOCOPY
- E-MAIL PRINT
- BANNER
- MONEY TRANSFER
- BUSINESS CARDS
- CUSTOM T-SHIRT
- FLYER
- A-SIGN
- CARGO
- FEDEX/UPS
- CELL PHONE
- MUG PRINTING

Call: 347-448-6092, 518-699-2499



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাঙ্গিক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন ফিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমুদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস করে থাকি



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

IMMIGRATION

ইমিগ্রেশন

TRANSLATION
TAX FILING





Dilli R. Bhatta
Attorney at Law



Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator

- ইমিগ্রেশন • অ্যাসাইলাম
- অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
- ডিভোর্স (আনকনটেস্টেড)

631-805-1051

Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372

We Work with
BHATTA LAW & ASSOCIATES

PEOPLE TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005




EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleTech Alumni from Partner University: www.wust.edu



Washington University of Science and Technology

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

Authorized Employment Agency by:
NYC
Consumer and Worker Protection

Certified Training Institute by:
 

জ্যামাইকার সার্টিফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়।
- গ্রাহিয়ারি কোয়ার্টার/ইন্টারনাল মেডিসিন
- ব্লাড, গ্রন্থি, ইন্টেলিজেন্স, সেরোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে।
- হাত ও ওমরার খরচীর জন্য ছুঁ/ডাক/স্পিন
- জব, কুইন, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- কোলন ইন্সপেকশন ছাড়া রোগীদের বিশেষভাবে ডিক্রিসের ব্যবস্থা আছে।
- ডি ব্লাড মেশার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে।
- মূত্র চর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়।
- খুঁদ-কলেকের জন্য অয়োজনীয় ডিগ্রা দেওয়া হয়।
- প্রেক্ষাপলি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের ডিক্রিসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা গ্রাহ সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
- আমাদের অফিস গ্রাহ ৭ দিনই খোলা।



আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের স্বাস্থ্যসেবা আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এডজমা (হাঁপানি), বাতের বাধা, চর্মরোগ, এলার্জি, বোন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং ডিক্রিসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehil Associates

ATTORNEYS AT LAW

www.gehilaw.com

Grand Opening

আমরা এখন Jackson Height

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911

- *ইমিগ্রেশন *ব্যাকগ্রাউন্ড *ক্রেডিট কার্ড মেটোর *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
- *চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ডিসা ও ফিন্যান্সি ডিসা প্রসেসিং

WE ARE OPEN
7 DAYS
a week

- > Do you want apply for a green card?
- > Are you being deported?
- > Are you having credit card problems?
- > Are you unable to pay your debts?
- > Has your bank account been sealed?
- > Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সক্ষমতা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



আমরা বাংলায় কথা বলি



সুরাইয়া রহমান

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবী দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.





We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:

718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে



Free
Consultation

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:

- গাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়াবিলিটি
- খেলাধার মাঠে দুর্ঘটনা

- বার্গ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেভ পরজনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাঙ্গিক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

www.surdezperezlaw.com

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

পরামর্শের জন্য ফি লাগে না

আমরাই একমাত্র দ্বারা সর্বোচ্চ সুবিধার নিভরযোগ্য নিশ্চয়তা প্রদান করি





আমাদের সার্ভিস সমূহ

 এয়ার টিকেটিং

 হজ্ প্যাকেজ সার্ভিস প্রোগ্রাম

 হোটেল বুকিং

 ভিসা প্রোসেসিং

 ওমরাহ প্যাকেজ সার্ভিস প্রোগ্রাম

কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ প্রিমিয়াম সহায়তা

- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিশোধ

এয়ার লাইন সমূহ









 ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

 নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com zamzamtravelus@gmail.com



CENTERLIGHT
Healthcare PACE



CENTERLIGHT PACE-এ,
বয়স কেবল একটি সংখ্যা
হতে পারে।
আপনার হৃদয়কে তরুণ রাখতে
আমাদের সাহায্য করতে দিন।



আপনার PACE®-এর
সাথে তাল মিলিয়ে চলা
1-877-286-PACE
CenterLightHealthcare.org

বর্ষিক আয়োজনে অনুষ্ঠিত ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক'র বনভোজন

আনন্দ-উল্লাস আর মিলনমেলায় জমে উঠেছিল ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক'র বার্ষিক বনভোজন। দোহার, নবাবগঞ্জ, কেরানীগঞ্জ, সাভার ও ধামরাই উপজেলার প্রবাসীদের সমন্বয়ে গঠিত এই সংগঠনটি প্রবাসে বসবাসরত বাংলাদেশীদের মিলনমেলায় পরিণত করেছে এ আয়োজনকে।

প্রবাসী বাংলাদেশীদের পারিবারিক সম্প্রীতি ও সাংস্কৃতিক বন্ধন দৃঢ় করার লক্ষ্যে গত ২৪ আগস্ট লং আইল্যান্ডের বেলমন্ট লেক স্টেট পার্কের ম্যাপেল প্যাভিলিয়নে এই বনভোজন অনুষ্ঠিত হয়। সকাল থেকেই পরিবার-পরিজন নিয়ে প্রবাসীরা

জড়ো হন পার্কের সবুজ প্রাঙ্গণে। দিনব্যাপী আয়োজনকে ঘিরে শিশু, নারী, পুরুষ—সবাই অংশ নেন বিভিন্ন প্রতিযোগিতা, খেলাধুলা ও সাংস্কৃতিক পরিবেশনায়। দিনভর চলে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। গান, নাচ, কবিতা আবৃত্তি ও নাটিকা পরিবেশনায় মাতোয়ারা হয়ে ওঠেন সবাই। জনপ্রিয় গান ও দেশাত্মবোধক সুরে সবাই মেতে ওঠেন নৃত্যলজিয়ায়।

বনভোজনের অন্যতম আকর্ষণ ছিল খাবারের আয়োজন। সকাল থেকে পরিবেশন করা হয় দেশি-বিদেশি ঐতিহ্যবাহী নানা পদ। অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ছিলেন মো. ফরিদ খান। প্রধান উপদেষ্টা মো. মহিউদ্দীন আহমেদ এবং

আহ্বায়ক মো. রাইসুল আমিন। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন মো. রাজিবুল ইসলাম ও মোসা. সালমা খান। ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক'র সভাপতি দুলাল বেহেদু ও সাধারণ সম্পাদক কাজী আমিনুল ইসলাম স্বপনসহ কার্যকরী পরিষদের নেতারা অনুষ্ঠানে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেন।

বনভোজন শেষে এক সংক্ষিপ্ত আলোচনায় বক্তারা বলেন, প্রবাসে থেকেও নিজেদের শেকড় ও সংস্কৃতির সঙ্গে সম্পৃক্ত থাকা অত্যন্ত জরুরি। এ ধরনের আয়োজন শুধু বিনোদন নয়, প্রবাসী বাংলাদেশীদের মধ্যে ঐক্য, ভালোবাসা ও পারিবারিক বন্ধন দৃঢ় করে।





KARNAFULLY HOME CARE LLC

A TRUSTED INSTITUTION FOR HOME CARE SERVICES

WE ARE LICENSED HOME CARE SERVICES AGENCY



**We Care
Your Family
Like Ours**



Our Services in New York Counties

We Provide The Following Home Care Services

HHA (Home Health Aide)

PCA (Personal Care Assistant)

CDPAP (Consumer Directed Personal Assistance Program)

Service Areas (Boroughs & Counties)

- ◆ Queens
- ◆ Nassau
- ◆ Suffolk
- ◆ Bronx
- ◆ Westchester
- ◆ Dutchess
- ◆ Orange
- ◆ Rockland
- ◆ Sullivan
- ◆ Ulster

NYS Department of Health LHCSAs



Mohammed Hasem, EA, MBA
President and CEO

MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

Main Office

37-20 74th Street, 2nd Fl,
Jackson Heights, NY, 11372

Jamaica Office

167-18 Hillside Ave, 2nd Fl,
Jamaica, NY, 11432



Fax: 347-338-6799



347-621-6640

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নি আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নি মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নিরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
স্লিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ইনভেস্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্ত পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিক্যাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372



Member

H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

হটলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩

সপ্তাহে ৭ দিনই খোলা

আমেরিকার চার অঙ্গরাজ্যে এনআইডি কার্যক্রম শুরু করছে ইসি

উত্তর আমেরিকা অফিস

আমেরিকায় বসবাসরত বাংলাদেশিদের ভোটার করতে দেশটির চার অঙ্গরাজ্যে এনআইডি কার্যক্রম চালু করতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী মাসেই এ কার্ক্রম শুরু করতে যাচ্ছে সংস্থাটি।

ইসি কর্মকর্তারা জানিয়েছেন, প্রবাসীদের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রবাসীদের অধিকাংশই স্থায়ীভাবে বসবাস করেন। অনেকেই হয়তো এনআইডি কার্ক্রম দেশে চালু হওয়ার আগে দেশটিতে গেছেন। ফলে পাননি জাতীয় এই গুরুত্বপূর্ণ দলিল। অনেকের পরিবারও দেশে আসেননি। ফলে সংশ্লিষ্টদের এনআইডি না থাকায় নানা সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। তাই দেশটিতেও এবার চালু হচ্ছে এনআইডি সেবা। আর বিশাল দেশ এবং ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রবাসীদের সুবিধার্থে চারটি অঙ্গরাজ্যে যাবে ইসি।

জানা গেছে, ওয়াশিংটন ডিসি, নিউইয়র্ক, ফ্লোরিডার মায়ামি ও ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলেস এই কার্যক্রম চালু করা হবে। এজন্য শিগগিরই কারিগরি টিম ও প্রশাসনিক টিম দেশটিতে পাঠানো হবে। চার বাংলাদেশি মিশনে চারটি কারগরি টিম গিয়ে দূতাবাসের কর্মকর্তাদের প্রশিক্ষণ দেবে। আর দু’টো প্রশাসনিক টিম যাবে তাদের কার্যক্রম তদারকি করতে।

ইসি সচিব আখতার আহমদের নেতৃত্বাধীন টিমটি নিউ ইয়র্ক ও ওয়াশিংটন ডিসিতে যাবে। এনআইডি মহাপরিচালক এএসএম হুমায়ুন কবীরের নেতৃত্বাধীন টিমটি যাবে মায়ামি ও লস অ্যাঞ্জেলেসে। আগামী ২১ থেকে ২৭ সেপ্টেম্বর তারা সেখানে অবস্থান করবেন। তবে দেশত্যাগ করবেন ১৯ সেপ্টেম্বর, ফিরবেন ২৯ সেপ্টেম্বর।

এদিকে চারটি কারিগরি টিমে চারজন করে সদস্য যাবেন দেশটিতে। তারা ১৪ থেকে ২৫ সেপ্টেম্বর দূতাবাসের লোকবলকে প্রশিক্ষণ দেবেন। ওই চারটি টিম ১২ সেপ্টেম্বর দেশত্যাগ করে ফিরবে ২৭ সেপ্টেম্বর। অর্থাৎ মোট ২০ জন কর্মকর্তা-কর্মচারি যুক্তরাষ্ট্রে অবস্থান করবে। স্মার্টকার্ড বা আইডিএ-২ প্রকল্প থেকে তাদের সমস্ত ব্যয় বহন করা হবে। বর্তমানের দশটি দেশের ১৭টি স্টেশনে দূতাবাসের মাধ্যমে ভোটার কার্যক্রম পরিচালনা করছে সংস্থাটি। দেশগুলো হলো— সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, যুক্তরাজ্য, ইতালি, কুয়েত, কাতার, মালয়েশিয়া, অস্ট্রেলিয়া, কানাডা ও জাপান। আমেরিকার পাশপাশি আরো অন্তত চারটি দেশে শুরু হতে পারে এ ভোটার নিবন্ধনের এই কাজ।

প্রবাসীদের চার তথ্য দেওয়া বাধ্যতামূলক বিদেশে বসে ভোটার হওয়ার জন্য অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (ফরম-২(ক), মেয়াদ সম্বলিত বাংলাদেশি পাসপোর্ট/মেয়াদহীন পাসপোর্ট/এনআইডিধারী তিন নাগরিকের প্রত্যয়ন, অনলাইন রক্ত নিবন্ধন ও পাসপোর্ট সাইজের রঙিন ছবি বাধ্যতামূলকভাবে সংশ্লিষ্ট নিবন্ধন কেন্দ্রে (দূতাবাসের সংশ্লিষ্ট ডেস্কে) জমা দিতে হবে।

মসজিদ আল আমানের বার্ষিক সাধারণ সভা

রশীদ আহমদ

নিউইয়র্কের বাংলাদেশী অধুষিত ওজনপার্কের মসজিদ আল আমান এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৭ই আগস্ট (রোববার) বাদ মাগরিব মসজিদের হল রুমে এ সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি কবীর চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ জসীম উদ্দিনের সাবলীল সঞ্চালনায় শুরুতে কুরআনে হাকীম থেকে তেলাওয়াত করেন মসজিদের ইমাম ও খতীব মাওলানা মোহাম্মদ আলী।

স্বাগত বক্তব্যে মসজিদের সভাপতি কবীর চৌধুরী বলেন, দীর্ঘদিন পর সকলের সার্বিক সহযোগিতায় আবারও আমরা সাধারণ সভায় মিলিত হতে পেরে মহান আল্লাহ তা’আলার শুকরিয়া আদায় করেন ও সাধারণ মুসল্লিয়ানদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

তিনি বলেন, যারা আজকের সাধারণ সভায় উপস্থিত হয়েছেন, তাদেরকে মসজিদ কমিটির পক্ষ থেকে স্বাগত জানাই। তবে একটি আবেদন করছি, যারা আজকে পঠিত রিপোর্ট এর উপর প্রশ্ন উত্থর পর্বে কথা বলবেন ও পরামর্শ প্রদান করবেন, তারা যেন মসজিদের আদব রক্ষা করে শৃঙ্খলার সাথে সাধারণ সভাকে সফল করতে সহযোগিতা করেন। এরপর শুরু হয় মসজিদের সাধারণ সম্পাদক কর্তৃক চমৎকার সংক্ষিপ্ত বার্ষিক রিপোর্ট ও শাহজালাল একাডেমীর এডুকেশন কমিটির সেক্রেটারী আনোয়ার হোসেনইন



লতিফ সিদ্দিকী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষককে আটক

ঢাকা অফিস

আওয়ামী লীগের বহিষ্কৃত সদস্য ও সাবেক মন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শেখ হাফিজুর রহমান (কার্জন), সাংবাদিক মঞ্জুরুল আলমসহ আটক ১৬ জনের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা হতে যাচ্ছে। আটকের ১১ ঘণ্টা পর পুলিশ প্রথম আলোকে এ তথ্য জানিয়েছে।

বৃহস্পতিবার দুপুরে ডিআরইউতে একটি গোলটেবিল আলোচনা চলাকালে একদল ব্যক্তি নিজেদের জুলাই যোদ্ধা পরিচয় দিয়ে তাঁদের ওপর চড়াও হন। এরপর দুপুর সোয়া ১২টার দিকে তাঁরা এই ১৬ জনকে পুলিশের হাতে তুলে দেন।

রাতে ডিএমপির গোয়েন্দা বিভাগের যুগ্ম কমিশনার মো. নাসিরুল ইমলাম বলেন, আটক ১৬ জনের বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে। তাঁরা সবাই এখন ডিএমপির গোয়েন্দা বিভাগের (ডিবি) হেফাজতে আছেন।‘আমাদের মহান স্বাধীনতায়ুদ্ধ এবং বাংলাদেশের সংবিধান’ শীর্ষক গোলটেবিল আলোচনার আয়োজক ছিল ‘মঞ্চ ৭২’ নামে একটি প্ল্যাটফর্ম। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা ছিল বাংলাদেশের সংবিধানের অন্যতম প্রণেতা ও গণফোরামের ইমেরিটাস সভাপতি ড. কামাল হোসেনের। তবে তিনি সেখানে ছিলেন না। সকাল ১০টায় গোলটেবিল আলোচনা শুরুর কথা থাকলেও বেলা ১১টায় আলোচনা সভাটি শুরু হয়।

আলোচনা সভায় প্রথমে বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক শেখ হাফিজুর রহমান (কার্জন)। তিনি বলেন, ‘আমরা দেখতে পাচ্ছি, দেশের সংবিধানকে ছুঁড়ে ফেলার পায়তারা করা হচ্ছে। এর পেছনে রয়েছে জামায়াত–শিবির ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। অধ্যাপক ইউনুসের নেতৃত্বে তারা মুক্তিযোদ্ধাদের জুতার মালা পরাচ্ছে।’

শেখ হাফিজুর রহমানের বক্তব্য শেষ হওয়ার পরই মিছিল নিয়ে একদল ব্যক্তি ডিআরইউ মিলনায়তনে ঢোকেন। এ সময় তাঁরা ‘জুলাইয়ের হাতিয়ার, গর্জে উঠুক আরেকবার’, ‘লীগ ধর, জেলে ভর’,

‘জুলাইয়ে যোদ্ধারা, এক হও লড়াই করো’ প্রভৃতি স্লোগান দেন।

একপর্যায়ে তাঁরা গোলটেবিল আলোচনার ব্যানার ছিঁড়ে আলোচনায় অংশ নেওয়া ব্যক্তিদের অবরুদ্ধ করে রাখেন। দুপুর সোয়া ১২টার দিকে পুলিশের (ডিএমপি) একটি দল এলে তাঁরা পুলিশের কাছে লতিফ সিদ্দিকী, অধ্যাপক শেখ হাফিজুর রহমান, সাংবাদিক মঞ্জুরুল আলমসহ অন্তত ১৫ জনকে তুলে দেন।

পুলিশের অতিরিক্ত উপকমিশনার (এডিসি) আসাদুজ্জামান সেখানে উপস্থিত ছিলেন। দুপুর সোয়া ১২টার পর কয়েকজন পুলিশ সদস্য এসে লতিফ সিদ্দিকীসহ বেশ কয়েকজনকে পুলিশ ভ্যানে নিয়ে যান।

এ ব্যাপারে সাবেক সংসদ সদস্য আবদুল লতিফ সিদ্দিকী বলেন, ‘আমি জানতাম না এখানে সমস্যা হবে। আওয়ামী লীগের সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই। এই অনুষ্ঠানে দাওয়াত পেয়েই এসেছিলাম।’

আলোচনায় অংশগ্রহণকারীদের অবরুদ্ধ করে পুলিশের হাতে তুলে দেওয়ার কারণ জানতে চাইলে আল আমিন রাসেল নামের একজন বলেন, ‘আমরা জুলাই যোদ্ধা। এখানে পতিত আওয়ামী লীগ, যুবলীগ ও নিষিদ্ধ ছাত্রলীগের নেতা-কর্মীরা জড়ো হয়ে যড়যন্ত্র করছে। জুলাই যোদ্ধারা বেঁচে থাকতে এমন কিছু আমরা মেনে নেব না।’

ঘটনাস্থলে ‘জুলাই যোদ্ধাদের’ সঙ্গে আসা পল্টন থানা জামায়াতে ইসলামীর নেতা শামীম হোসাইন বলেন, ‘একটি গোষ্ঠী একান্তর ও চরিশকে মুখোমুখি করে চরিশকে প্রশ্নবিদ্ধ করার চেষ্টা করছে। আমরা মনে করি, একান্তর আমাদের ভিত্তি এবং চরিশ আমাদের মুক্তি। এখানে যাঁরা জড়ো হয়েছেন, তাঁরা সবাই চরিশের খুনের সঙ্গে জড়িত। অনেকের বিরুদ্ধে মামলাও আছে। আমরা আইন হাতে তুলে না নিয়ে তাঁদের পুলিশে সোপর্দ করছি।’

আলোচনা সভায় উপস্থিত ছিলেন সাবেক সচিব আবু আলম শহীদ খান, মঞ্চ ৭২-এর সমন্বয়ক অধ্যাপক আবদুল্লাহ আল মাহমুদ প্রমুখ।

হৃদয়ে নারায়ণগঞ্জের হৃদয় জয় করা বনভোজন

উত্তর আমেরিকা ডেস্ক

অন্যতম আঞ্চলিক সংগঠন হৃদয়ে নারায়ণগঞ্জের হৃদয় জয় করা বনভোজন অনুষ্ঠিত হয়েছে। গত ২৪ আগস্ট প্রকৃতির অপরূপ রূপে সাজানো ফ্লাশিং মেডোস করোনো পার্কে নারায়ণগঞ্জবাসীর এ মেলা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এ মিলনমেলায় ছিল নারায়ণগঞ্জবাসী ছাড়াও কমিউনিটির সর্বস্তরের গণ্যমান্য ব্যক্তিররা। এ সংগঠনের দক্ষ সভাপতি প্রফেসর রফিকুল ইসলামের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাহবুবুর রহমানের পরিচালনায় বনভোজনে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী।

বিশেষ অতিথি ছিলেন জ্যাকসন হাইটস বাংলাদেশ বিজনেস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক এবং মূল ধারার রাজনীতিবিদ ফাহাদ সোলায়মান, কমিউনিটি অ্যাকটিভিস্ট এহতেশামুল হক, নারায়ণগঞ্জ জেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা রুমা আক্তার।

এছাড়াও উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, বনভোজনের আহ্বায়ক আনোয়ার আলী মিয়া, মেম্বার সেক্রেটারি হামিদ মাহমুদ, চীপ কো-অর্ডিনেটর আব্দুল্লাহ আল মাহমুদ, কো-অর্ডিনেটর শাহজাহান বাবুল, বাংলাদেশ সোসাইটির কার্যকরি কমিটির সদস্য আবুল কাশেম চৌধুরী, জাতীয়তাবাদী ফোরামের প্রধান উপদেষ্টা একেএম রফিকুল ইসলাম ডালিম, ফোরামের সাধারণ সম্পাদক গোলাম এম হায়দার মুকুট, সংগঠনের সদস্য আব্দুর রহমান, টাইম টিভির সিইও আবু তাহের, চ্যানেল আইওয়ার উত্তর আমেরিকার প্রতিনিধি রাশেদ আহমেদ, প্রবাস



পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ, দেশ পত্রিকার সম্পাদক মিজানুর রহমান, প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মঞ্জুরুল হক ও ডিবিসির প্রতিনিধি কানু দত্ত প্রমুখ।

বেলুন উড়িয়ে বনভোজনের উদ্বোধন করেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। তিনি তার বক্তব্যে হৃদয়ে নারায়ণগঞ্জ ইনকের সব কর্মকর্তাকে ধন্যবাদ জানান এমন একটি সুন্দর আয়োজনের জন্য। তিনি আরো বলেন, বাংলাদেশ সোসাইটির প্রবাসের মাদার সংগঠন। আপনারাই আমাকে সেই সংগঠনের সাধারণ সম্পাদক বানিয়েছেন। আমরা সবাই মিলেমিশে কাজ করবো।

বিশেষ অতিথি ফাহাদ সোলায়মান বলেন, নারায়ণগঞ্জবাসীর সঙ্গে আমি আছি এবং থাকবো। প্রফেসর রফিকুল ইসলামের নেতৃত্বে হৃদয়ে নারায়ণগঞ্জ অনেক ভালো কাজ করছে। আমি তাদের সে ধন্যবাদ জানাই।

সকাল থেকেই বনভোজন স্পটে লোকজন আসতে থাকে। বেলা যখন

বাড়তে থাকে মানুষের উপস্থিতি বাড়তে থাকে। এক সময় বনভোজন স্পটটি ছোট্ট একটি নারায়ণগঞ্জে পরিণত হয়। বনভোজনে আসা লোকজনকে স্বাগত জানান সংগঠনের সভাপতি প্রফেসর রফিকুল ইসলাম। দিনব্যাপী এ বনভোজনে অংশগ্রহণকারীরা আড্ডা মেরেছেন, খেলাধুলা করেছেন। নিজেদের মধ্যে সৌহার্দ্য-সংশ্রীতি বৃদ্ধি করেছেন। প্রবাসের এই ব্যস্ত জীবনে একটি দিন আনন্দ-উচ্ছ্বাস কাটিয়েছেন নারায়ণগঞ্জবাসী।

দিনব্যাপী আলোচনা, খেলাধুলা এবং নাগান শেষে অনুষ্ঠিত হয় আকর্ষণীয় র‍্যাফেল ড্র। র‍্যাফেল ড্রতে নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক টিকেট, স্বর্ণালঙ্কার এটি পুরস্কার দেওয়া হয়। সংগঠনের সভাপতি ও অতিথিরা এসব পুরস্কার তুলে দেন।

পড়ন্ত বিকালে সভাপতি প্রফেসর রফিকুল ইসলাম বনভোজনকে সার্বক এবং সফল করার জন্য সবাইকে ধন্যবাদ জানান এবং আগামীর সুন্দর প্রত্যয় সমাপ্তি ঘোষণা করেন।



নিউইয়র্কে রোটারি ক্লাব অব হোপের দ্বিতীয় অভিষেক

নিজস্ব প্রতিবেদক

রোটারি ডিস্ট্রিক্ট ৭২৩০ এর অধীন রোটারি ক্লাব অব হোপ নিউইয়র্কের দ্বিতীয় অভিষেক (ইনস্টলেশন) অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৭ আগস্ট) ব্রুকলিনের একটি ভবনের টেরেসে এই অভিষেক অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রোটারি ডিস্ট্রিক্ট গভর্নর (ডিজি) গেরেট কাপাবিয়ান কো। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটের সদস্য লিরত কমরি এবং বাংলাদেশের মিডিয়া ব্যক্তিত্ব শারমিন নাহার লাকি।

এ ছাড়া রোটারি এরিয়া গভর্নর আবিদ রাগবির, বিশিষ্ট রোটারিয়ান আমির আসাদি, রোটারি ক্লাব অব নিউইয়র্ক কুইপের সাবেক সভাপতি

নির্বাচনের রোডম্যাপকে স্বাগত জানাল বিএনপি

ঢাকা অফিস

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপকে স্বাগত জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার গণমাধ্যমকে প্রতিক্রিয়া জানিয়ে তিনি বলেছেন, দেশের সমস্যা সমাধানে নির্বাচন দেওয়ার কোনো বিকল্প নেই। যাঁরা নির্বাচনে বাধা দেওয়া কিংবা বর্জনের সিদ্ধান্ত নিচ্ছেন, তাঁদের উদ্দেশে বিএনপি মহাসচিব বলেন, যাঁরা হটকারী সিদ্ধান্ত নেবেন, তাঁরা নিজেরাই ক্ষতিগ্রস্ত হবেন।

নবরাজ কেসি, রোটারিয়ান রায়হান জমান, পাইওনিয়ার রোটারি ক্লাবের প্রতিষ্ঠাতা আব্দুর নূর, প্রাক্তন রোটারেস্ত্র মীর রব খসরু প্রমুখ উপস্থিত ছিলেন।

ইনস্টলেশন কমিটির আহ্বায়ক রোটারিয়ান আতিকুর রহমান স্বাগত ভাষণের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর চার্টার প্রেসিডেন্ট রওনেক আহমেদের হাতে সঞ্চালনার দায়িত্ব তুলে দেওয়া হয়। অনুষ্ঠানের শুরুতে বিনাদী প্রেসিডেন্ট ও বর্তমান ভাইস প্রেসিডেন্ট কাজী জামিল আহমেদ শুভেচ্ছা বক্তব্য রাখেন।

ডিজি কাপাবিয়ান কো নতুন সভাপতি আব্দুল্লাহ তাকে মোহাম্মদসহ পরিচালনা কমিটির সদস্যদের শপথ পড়ান। প্রধান অতিথির বক্তব্যে তিনি ক্লাবের কার্যক্রমের প্রশংসা করে উজ্জ্বল ভবিষ্যতের কামনা করেন। এ সময়

নিউইয়র্ক স্টেটের সিনেটরের পক্ষ থেকে ক্লাবকে বিশেষ সনদ প্রদান করা হয়। সনদ গ্রহণ করেন চার্টার প্রেসিডেন্ট রওনেক আহমেদ।

সভায় স্পনসর হিসেবে সহযোগিতার জন্য মোরাল অর্পোপেডিকসের কর্ণধার মোহাম্মদ জে. মোরাল ও প্রধান আর্থিক কর্মকর্তা আরাফত রহমানকে সম্মাননা ফ্রেস্ট ও সনদ দেওয়া হয়। অনুষ্ঠানে ক্লাবের নতুন সভাপতি আব্দুল্লাহ তাকে মোহাম্মদ ও সাধারণ সম্পাদক ফয়সাল মাহমুদের বক্তব্য ছিল। প্রাণবন্ত ও সহযোগিতার অঙ্গীকারে ভরা রাখেন।

প্রতিষ্ঠাতা সভাপতি রওনেক আহমেদ এবং বিনাদী সভাপতি কাজী জামিল আহমেদের পক্ষ থেকে রোটারিয়ান ও সহযোগীদের সম্মাননা দেওয়া হয়। অনুষ্ঠানের শেষপর্যায়ে ক্লাবের সদস্যদের পরিচয় করিয়ে দেওয়া হয়।

৫০ বছরে প্রথমবার কমলো

প্রথম পৃষ্ঠার পর

নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

ট্রাম্প প্রশাসন এটিকে “নেগেটিভ নেট মাইগ্রেশন” হিসেবে উদযাপন করেছে। তবে বিশেষজ্ঞরা বলছেন, এটি দীর্ঘমেয়াদে অর্থনীতি ও সামাজিক স্থিতিশীলতার জন্য হুমকি হতে পারে। তিনি বলেছেন, দেশের সমস্যা সমাধানে, নির্বাচন দেওয়ার কোনো বিকল্প নেই। যাঁরা নির্বাচনে বাধা দেওয়া কিংবা বর্জনের সিদ্ধান্ত নিচ্ছেন, তাঁদের উদ্দেশে বিএনপি মহাসচিব বলেন, যাঁরা হটকারী সিদ্ধান্ত নেবেন, তাঁরা নিজেরাই ক্ষতিগ্রস্ত হবেন।

এই পতন শুধু অভিবাসীদের উপরই প্রভাব ফেলছে না, আন্তর্জাতিক শিক্ষার্থী,

গবেষক ও কর্মীদের আগমনেও প্রভাব পড়ছে। ফলে যুক্তরাষ্ট্রের প্রযুক্তি, শিক্ষা এবং বৈজ্ঞানিক উদ্ভাবনে দীর্ঘমেয়াদে প্রভাব দেখা দিতে পারে। পাশাপাশি দেশের সামাজিক ও রাজনৈতিক কাঠামোও চ্যালেঞ্জের মুখে পড়ছে।

বিশেষজ্ঞরা সতর্ক করছেন, যুক্তরাষ্ট্রে অভিবাসী সংখ্যা হ্রাসের ফলে শ্রমবাজারে ঘাটতি, সামাজিক বিভাজন এবং অর্থনীতিতে স্থায়ী প্রভাব পড়তে পারে। এটি একটি নীতিগত সংকট হিসেবেও দেখা হচ্ছে, যা ভবিষ্যতের অভিবাসন নীতি, রাজনৈতিক সিদ্ধান্ত ও আন্তর্জাতিক সম্পর্ককে প্রভাবিত করবে।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD

Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500

Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

**Wasi Choudhury & Associates LLC**

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

• Tax Preparation

Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.

• Represent Taxpayers before
the IRS / State Tax Authority

• Accounting

Payroll, Sales Tax, etc.

• Immigration

(No Legal Advice)

• New Business Setup & more...

**Wasi Choudhury, EA**

Admitted to Practice before the IRS

সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ট্রাস্টি
বাংলাদেশ সোসাইটি ইনকMember: **naea** **NYSSEA**

Tel: 718-440-6712

718-205-3460

Fax: 718-205-3475

Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেন্ট করতে পারেন

এখানে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে
বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ /
নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয়
অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



এটিএম, ফোন কার্ড এবং
মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্চ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্সুরেন্স অধিকাংশ ইউনিয়ন
প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২



শিশুদের মাঝে এবিসিএসকোর স্কুলব্যাগ বিতরণ কর্মসূচি

নিউজ ডেস্ক

নিউইয়র্কে আমেরিকান বাংলাদেশি সিভিল সার্ভিস কালচারাল সোসাইটি (এবিসিএসকো) আয়োজিত স্কুলব্যাগ বিতরণ কর্মসূচি সম্পন্ন হয়েছে। সংগঠনটি নিউইয়র্ক সিটির সিভিল সার্ভিসের বাংলাদেশি কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত।

শনিবার (২৪ আগস্ট) দুইটি স্থানে এই কর্মসূচির আয়োজন করা হয়। প্রথমটি বেলা ১১টায় কুইন্সের একটি পার্কে এবং দ্বিতীয়টি বিকেল ৪টায় ব্রক্সের আল আকসা মসজিদ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

শিশু-কিশোররা অভিভাবকদের সঙ্গে উপস্থিত হয়ে উৎসবমুখর পরিবেশে স্কুলব্যাগ গ্রহণ করে।

ব্রক্স কমিউনিটি বোর্ডের সদস্য ও এবিসিএসকোর কর্মকর্তা ইব্রাহিম বারোভুইয়ার নেতৃত্বে এই অনুষ্ঠান সম্পন্ন হয়। কুইন্স ও ব্রক্স উভয় স্থানের অনুষ্ঠান পরিকল্পনা, তত্ত্বাবধান ও পরিচালনায় ছিলেন জাহাঙ্গীর আহমেদ রুবেল, আনোয়ার পারভেজ, ইব্রাহিম বারোভুইয়া, মনজুর কাদেরসহ সংগঠনের অন্যান্য কর্মকর্তা। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বর্ষাণমুখর রাতে রেজওয়ানা চৌধুরীর সঙ্গীতে মাতোয়ারা

নিউজ ডেস্ক

বাংলাদেশ ও ভারতের সর্বোচ্চ সাংস্কৃতিক সম্মানে ভূষিত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা একটি অনন্য সঙ্গীতানুষ্ঠানে প্রায় এক হাজার দর্শককে মোহিত করেছেন। গত আগস্ট ২০ নিউইয়র্কের জামাইকার মুক্ত আকাশের ধ্যান উদ্যান এসপাইরেশন গ্রাউন্ডে অনুষ্ঠিত এই সন্ধ্যার মূল আকর্ষণ ছিল শ্রী চিন্ময়ের বাংলা গান এবং রবীন্দ্রসঙ্গীতের আন্তরিক পরিবেশনা।

জানা গেছে, শ্রী চিন্ময় ও রবীন্দ্রনাথের গান পর্যায়ক্রমে পরিবেশিত হয়। বাংলা গানের ইংরেজি অনুবাদ পাঠ করেন শ্রী চিন্ময় কালচার-লাইটের পরিচালক রঞ্জনা কে. ঘোষ। বাঙালি দর্শকরা শৈশবের পরিচিত রবীন্দ্রসঙ্গীতের সুরে মগ্ন হন, আবার অনেকেই শ্রী চিন্ময়ের অপেক্ষাকৃত নতুন সুরেও অংশ নেন। পশ্চিমা ও আন্তর্জাতিক দর্শকরাও এতে যুক্ত হন। যা অনুষ্ঠানের সীমানাহীন আবহকে আরও গভীর করে তোলে।

এদিন সন্ধ্যার বিশেষ আকর্ষণ ছিল পূর্ব-পশ্চিমের অনন্য সঙ্গীত মেলবন্ধন। ঢোলো, ভায়োলিন, ফ্লুট, কীবোর্ড এবং ইউকুলেলে'র সুরে বন্যার কণ্ঠ এক নতুন মাত্রা পায়। আইসল্যান্ড, ফিনল্যান্ড,



কানাডা, স্লোভাকিয়া ও অস্ট্রিয়া থেকে আগত শিল্পীরা সঙ্গতে যোগ দেন, যা বাংলা গানের আবহে আন্তর্জাতিক ছোঁয়া আনে।

সরজমিনে দেখা গেছে, বর্ষার রাতে, নক্ষত্রখচিত আকাশের নিচে উপচে-পড়া দর্শকের সামনে অনুষ্ঠানটির পরিবেশ এক মায়াময় আবহ সৃষ্টি করে। শুধু সঙ্গীত নয়, সেই সন্ধ্যায় শান্তি, সৌন্দর্য ও ভ্রাতৃত্বের এক মহৎ মিলন ঘটেছে।

দর্শকেরা বলেন, রেজওয়ানা চৌধুরী বন্যার সুরেলা কণ্ঠ, শ্রী চিন্ময়ের আধ্যাত্মিক গান এবং রবীন্দ্রনাথের চিরন্তন রচনার সঙ্গে পশ্চিমা যন্ত্রসঙ্গীতের মনোমুগ্ধকর সংযোগ তাদের হৃদয়ে দীর্ঘদিন গোঁথে থাকবে।

Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532



Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

INCOME TAX

Income Tax Service & Direct Deposit
quick Refund & Electronic Filing

IMMIGRATION SERVICES

Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE

For Buying & Selling houses
mortgage services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & \$1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সার্টিফিন ব্রুয়ার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস-সালাম ফার্মেসি



(সার্টিফিন ব্রুয়ার্ড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭



আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudhesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. M Nayeem

Podiatric Surgeon



Complete Physical & Follow up



DMV/TLC, School Physical



Flu Shots, Hajj & Umrah Vaccine



Blood, Urine Test, EKG



Immigration Physical



Podiatric Surgery



COVID Test & COVID Vaccine



All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218




স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৮৭ এর নির্বাচন একক প্রার্থী বাছাইয়ে বাংলাদেশি কমিউনিটির সভা-কমিটি গঠন

উত্তর আমেরিকা অফিস

আগামী ৪ নভেম্বর অনুষ্ঠিত হবে নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন। ঐদিন মেয়র পদ ছাড়াও সিটির বিভিন্ন পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচন ঘিরে বাংলাদেশি-আমেরিকান কমিউনিটি সরব হয়ে উঠেছে। ইতিমধ্যেই বাংলাদেশি কমিউনিটির প্রার্থী হিসেবে ব্রুকলিনের সিটি কাউন্সিল সদস্য পদে শাহানা হানিফ ডেমোক্রেট দলীয় প্রাইমারী নির্বাচনে জয়ী হয়ে চূড়ান্ত প্রার্থী হয়েছেন।

অপরদিকে নিউইয়র্ক সুপ্রীম কোর্টের জাজ হিসেবে কুইল কাউন্টির সিভিল কোর্টের জাজ সোমি সাদ্দিত প্রতিদ্বন্দ্বীতা করছেন। এদিকে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৮৭ এর (ব্রুক্স) আসন্ন নির্বাচনে তিনজন বাংলাদেশি-আমেরিকান প্রার্থী হতে ইচ্ছুক হওয়ায় তাদের মধ্যে একজনকে মনোনীত করতে ব্রুক্সে এক উন্মুক্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভাব্য প্রার্থীরা হচ্ছেন, জাকির চৌধুরী সিপিএ, ইমরান শাহ রন ও জামাল হোসেন। একাবন্ধ কমিউনিটি আর একক প্রার্থীর লক্ষ্যে গত ২৩ আগস্ট ব্রুক্সের স্ট্রলিং বাংলাবাজারের মামুন টিউটোরিয়ালে এই সভা অনুষ্ঠিত হয়।



নিউইয়র্কে মিষ্টি পান বিক্রি করে প্রতিদিন আয় ৬০ হাজার টাকা

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির মধ্যে পান বিক্রি এখন এক লাভজনক ব্যবসায় রূপ নিয়েছে। স্থানীয় ভ্রাম্যমান ব্যবসা প্রতিষ্ঠান শাপলা মিষ্টি পান প্রতিদিন গড়ে প্রায় ৬০ হাজার টাকা আয় করছে। শাপলা মিষ্টি পানের স্বত্বাধিকারী মকবুল মিয়া জানান, এখানে নুরানী পান, কাশ্মিরি পান, এলাচি পানসহ নানা স্বাদের ও প্রকারের মিষ্টি পান পাওয়া যায়। যা শুধু সাধারণ ক্রেতাদের কাছেই নয়, বরং বিবাহ, জন্মদিন ও বিশেষ আয়োজনেও বেশ জনপ্রিয় হয়ে উঠেছে।

প্রতিদিন বিকাল ৫টা থেকে রাত ১২টা পর্যন্ত খোলা থাকে এ দোকান। নিয়মিত বিক্রয়ের পাশাপাশি বিভিন্ন অনুষ্ঠানের জন্য অগ্রিম অর্ডার নেওয়া হয় এখানে। প্রবাসী বাংলাদেশিদের সুবিধার জন্য হোম ডেলিভারি ব্যবস্থাও রয়েছে, ফলে ঘরে বসেই পাওয়া যাচ্ছে আসল স্বাদের পান। প্রবাসী বাংলাদেশিদের কাছে শাপলা মিষ্টি পান শুধু একটি খাবার নয়, বরং শিকড়ের টান অনুভব করার মাধ্যম। আসল স্বাদের এই পান তাদের মাতৃভূমির স্মৃতি জাগিয়ে তোলে এবং আড্ডা ও আনন্দের মুহূর্তগুলোকে আরও প্রাণবন্ত করে তোলে।

রোটারি ক্লাব অব হোপ নিউইয়র্কের দ্বিতীয় ইন্সটলেশন উদ্বোধন

জলি আহমেদ

রোটারি ডিস্ট্রিক্ট ৭২৩০-এর অধীন রোটারি ক্লাব অব হোপ নিউইয়র্কের দ্বিতীয় ইন্সটলেশন (নতুন নেতৃত্বের অভিষেক) অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৭ আগস্ট) ব্রুকলিনের একটি ভবনের টেরেসে এই অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রোটারি ডিস্ট্রিক্ট গভর্নর (ডিজি) গেরেট কাপারিয়ান কো। বিশেষ অতিথি হিসেবে আসন গ্রহণ করেন নিউইয়র্ক স্টেটের সিনেটর লিরত কমর এবং বাংলাদেশের সম্মানিত গণমাধ্যম ব্যক্তিত্ব শারমিন নাহার লাকি। রোটারি এরিয়া গভর্নর আবদ রাগবি, বিশিষ্ট রোটারিয়ান আমির আসাদি, অন্যান্য ক্লাবের সম্মানিত রোটারিয়ানরা—বিশেষ করে সুজান সোয়াম ও মিজানুর রহমান—পুরো অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলেন। উপস্থিত ছিলেন রোটারি ক্লাব নিউইয়র্ক কুইন্সের সাবেক সভাপতি রোটারিয়ান নবরাজ কেসি ও রোটারিয়ান রায়হান জামান। এছাড়া পাইওনিয়ার রোটারি ক্লাবের প্রতিষ্ঠাতা আব্দুর নূর এবং প্রাক্তন

রোটারেক্টর মীর রব খসরু পরিবারসহ অনুষ্ঠানে অংশ নেন।

ইন্সটলেশন কমিটির আহ্বায়ক রোটারিয়ান আতিকুর রহমান স্বাগত ভাষণের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন। এরপর কনভেনর আতিকুর রহমান আগত সবাইকে শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠান পরিচালনার দায়িত্ব দেন চার্টার প্রেসিডেন্ট রোটারিয়ান রওনক আহমেদের হাতে। তাঁর সঞ্চালনায় অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে।

ক্লাবের বিদায়ী প্রেসিডেন্ট ও বর্তমান ভাইস প্রেসিডেন্ট কাজী জামিল আহমেদের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে শুরু হয় মূল অনুষ্ঠান। পরে ক্লাবের নতুন সভাপতি আব্দুল্লাহ তারেক মোহাম্মদকে রোটারি শপথ বাক্য পাঠ করান ডিজি কাপারিয়ান কো। শপথ অনুষ্ঠানে নতুন পরিচালনা কমিটির কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে ডিজি ক্লাবের সামগ্রিক কার্যক্রমের প্রশংসা করেন এবং উজ্জ্বল ভবিষ্যতের প্রত্যাশা ব্যক্ত করেন। নিউইয়র্ক স্টেটের সিনেটর বিশ্বব্যাপী রোটারিয়ানদের ধন্যবাদ জানান এবং

রোটারি ক্লাব অব হোপকে সিনেটরের পক্ষ থেকে বিশেষ সনদ প্রদান করেন। চার্টার প্রেসিডেন্ট রওনক আহমেদ এই সনদ গ্রহণ করেন। এছাড়া সিনেটরের পক্ষ থেকে কাজী জামিল আহমেদ, আব্দুল্লাহ তারেক মোহাম্মদ এবং কনভেনর রোটারিয়ান আতিকুর রহমানকে বিশেষ সম্মাননা সনদ প্রদান করা হয়।

অনুষ্ঠানে কনভেনর আতিকুর রহমান ক্লাবের স্পনসর প্রতিষ্ঠান মোরাল আর্থোপেডিক্সের কর্ণধার মোহাম্মদ জে. মোরাল এবং চিফ ফাইন্যান্সিয়াল অফিসার আরাকাত রহমানকে সম্মাননা ফ্রেস্ট ও সনদ প্রদান করেন।

ক্লাবের নতুন সভাপতি আব্দুল্লাহ তারেক মোহাম্মদ এবং সেক্রেটারি ফয়সাল মাহমুদের বক্তব্য ছিল প্রাণবন্ত, দৃঢ় এবং সহযোগিতার প্রতিশ্রুতিবদ্ধ। প্রতিষ্ঠাতা সভাপতি রওনক আহমেদ ও বিদায়ী প্রেসিডেন্ট কাজী জামিল আহমেদের পক্ষ থেকে অন্যান্য রোটারিয়ানদের সম্মানসূচক ফ্রেস্ট ও সনদ প্রদান করা হয়। ক্লাবকে সহযোগিতা করা অন্যান্য ব্যক্তিদেরও ফ্রেস্ট ও সনদ দেওয়া হয়।



জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাঙ্গিক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুম, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)

সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবসিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

MITU DISABILITY CENTER MITU PHYSICAL THERAPY P.C. MITU HOME CARE LLC.



RONJAN
(Disability Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

**আপনি যদি অসুস্থ হন তাহলে
প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার
পেতে পারেন**

**পরীক্ষা ছাড়াই
আমেরিকার
সিটিজেনশীপ**

**N-648 WAIVER
MITU HOME CARE LLC.**

আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, স্বত্ব-শ্রমজী, আত্মীয়-বর্জন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকার রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিস্ট)

**3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)**
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com



Md. Kamroul Hasan
President & Ceo

**YOUR HOME SOLD
GUARANTEED REALTY**
Our Name is Our Promise

YOUR HOME SOLD GUARANTEED OR WE'LL BUY IT

আমরা বাড়ি বেচা কেনা, ট্যাক্সি লিজিং এবং
টিএনএল ইনসুরেন্স করে থাকি।

HASAN BROKERAGE INC.
TLC সহ সকল প্রকার ইনসুরেন্স করা হয়

PHONE: 718-612-8825
EMAIL: hasanbrokerage@gmail.com
ADDRESS: 2115 Starling Leasing,
2nd Floor, Bronx, NY 10462



**HASAN
TAXI
SERVICES INC**



এনওয়াইবিএ লায়ন্স ক্লাব কর্মকর্তাদের অভিষেক

উত্তর আমেরিকা অফিস

বর্ণাঢ্য আয়োজনে নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের নতুন কার্যকরী কমিটির (২০২৫-২৬) কর্মকর্তাদের অভিষেক এবং ১২তম চার্টার অ্যানিভার্সারি উদযাপিত হয়েছে। গত ১৯ আগস্ট (মঙ্গলবার) লং আইল্যান্ডের ফার্মিংডেল ‘দ্যা রয়েল পাম’ বেক্সসেট হল এ আয়োজনটি সম্পন্ন হয়।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট ২০-আর২ এর সদ্য সাবেক ডিস্ট্রিক্ট গভর্নর টেরি পালাদিনি, ডিস্ট্রিক্ট ২০-আর ২-এর সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন শাহ নেওয়াজ, সাবেক প্রেসিডেন্ট লায়ন এডভোকেট নাসির উদ্দিন, সাবেক প্রেসিডেন্ট ও রিজিয়ন ডিরেক্টর লায়ন মোহাম্মদ সাঈদ, সাবেক প্রেসিডেন্ট লায়ন আহসান হাবিবসহ ডিস্ট্রিক্টের কর্মকর্তারা। চার শতাধিক লায়ন্স সদস্য ও অতিথির অংশগ্রহণে কেক কেটে ১২তম চার্টার অ্যানিভার্সারি উদযাপন করা হয়।

দুই পর্বে আয়োজিত অনুষ্ঠানের প্রথম অংশে সভাপতিত্ব করেন বিদায়ী প্রেসিডেন্ট লায়ন রকি আলিয়ান এবং দ্বিতীয় অংশে সভাপতিত্ব করেন নতুন

প্রেসিডেন্ট লায়ন জেএফএম রাসেল। এসময় জাতীয় সঙ্গীত পরিবেশন, কোরআন তেলাওয়াত, প্লেজ অব এলিজেন্স পাঠ এবং লায়ন টোস্টের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। পরবর্তীতে ডোলক বাদক শফিক মিয়াহ তালে নতুন কার্যকরী কমিটির কর্মকর্তাদের পরিচয় করিয়ে দেওয়া হয়।

অনুষ্ঠানে নিউইয়র্কের এসেম্বলিওম্যান জেনিফার রাজকুমার কয়েকজন ক্লাব নেতৃবৃন্দকে প্রোফ্রেশন ও সাইটেশন প্রদান করেন। সদ্য সাবেক ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন টেরি পালাদিনি নেতৃবৃন্দকে সার্টিফিকেট তুলে দেন। এ বছর ক্লাবে ৪৬ জন নতুন সদস্য অন্তর্ভুক্ত হয়েছেন, যাদের শপথ পাঠ করান সাবেক প্রেসিডেন্ট ও রিজিয়ন ডিরেক্টর লায়ন মোহাম্মদ সাঈদ।

অভিষেক কমিটির চেয়ারম্যান ও ডিস্ট্রিক্ট ২০-আর ২-এর সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন শাহ নেওয়াজ স্বাগত বক্তব্য দেন। এছাড়া ইভেন্ট কনভেনর লায়ন নুরুল আজিম, মেম্বার সেক্রেটারী লায়ন এএসএম উদ্দিন পিটু, ক্লাব সেক্রেটারী লায়ন মশিউর রহমান মজুমদার, লায়ন ফাহাদ সোলায়মান প্রমুখ শুভেচ্ছা বক্তব্য রাখেন।

আটলান্টিক কাউন্টি সংস্কৃতি ও ঐতিহ্য পরামর্শক পদে পুনঃনিয়োগ পেলেন সুব্রত চৌধুরী

নিজস্ব সংবাদদাতা

নিউ জার্সির আ ট ল া ক্টি ক কাউন্টির সংস্কৃতি ও ঐতিহ্য বিষয়ক পরামর্শক পদে তৃতীয় মেয়াদে পুনঃনিয়োগ পেয়েছেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুব্রত চৌধুরী। এশিয়ান আমেরিকান হিসেবে তিনিই প্রথম যিনি এ পদে টানা তৃতীয়বারের মতো নিয়োগ লাভ করলেন।

কাউন্টির বোর্ড অব কাউন্টি কমিশনার সভায় সর্বসম্মতিক্রমে তার নিয়োগ অনুমোদন করা হয়। আগামী তিন বছর তিনি এই পদে দায়িত্ব পালন করবেন। এই পদে সদস্যরা আটলান্টিক কাউন্টির প্রাচীন সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণ, সংগ্রহ ও প্রসারে কাউন্টির প্রধান নির্বাহীকে পরামর্শ দিয়ে থাকেন।

আটলান্টিক সিটির চেলসি হাইটসে বসবাসরত সুব্রত চৌধুরী নিউ জার্সি সিভিল সার্ভিস কমিশনের অধীনে আটলান্টিক কাউন্টি গভর্নমেন্টের হিউম্যান সার্ভিসেস স্পেশালিস্ট পদে কর্মরত।



সুব্রত চৌধুরী

সুপ্রীম কোর্টে বিচারপতি পদে প্রতিদ্বন্দ্বিতায় সোমা সাঈদ

বিশেষ প্রতিনিধি

নিউইয়র্কের রাজনৈতিক অঙ্গনে বাংলাদেশি আমেরিকানদের অংশগ্রহণ আর কণ্ঠস্বর ক্রমশই দৃশ্যমান হয়ে উঠছে। একসময় অভিবাসী শ্রমজীবী হিসেবে সীমাবদ্ধ থাকা এই কমিউনিটি এখন সিটি পলিটিক্সে প্রভাবশালী ভূমিকা রাখতে শুরু করেছে। এর সর্বশেষ উদাহরণ জাজ সোমা সাঈদ—নিউইয়র্ক সিটির তথা যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম বাংলাদেশি আমেরিকান ও মুসলিম নারী বিচারক—যিনি এবার সুপ্রীম কোর্ট জাস্টিস পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

২০২১ সালে কুইন্স কাউন্টির সিভিল কোর্টে বিচারক হিসেবে নির্বাচিত হয়ে ইতিহাস গড়েছিলেন সোমা সাঈদ। সেই অর্জনের ধারাবাহিকতায় তিনি এখন ডেমোক্রেট পার্টির মনোনয়নপ্রাপ্ত হয়ে সুপ্রীম কোর্টে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এটি কেবল ব্যক্তিগত অর্জন নয়, বরং বাংলাদেশি আমেরিকান কমিউনিটির সামাজিক ও রাজনৈতিক অগ্রযাত্রার প্রতীক।

১৮ আগস্ট জ্যাকসন হাইটসে আয়োজিত “মিট দ্য প্রেস অ্যান্ড কমিউনিটি” অনুষ্ঠানে প্রমাণ মিলেছে, এই নির্বাচন কেবল সোমা সাঈদের নয়—এটি গোটা কমিউনিটির একটি সম্মিলিত প্রয়াস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেমোক্রেট পার্টির নেতৃবৃন্দ, স্থানীয় রাজনৈতিক, কমিউনিটি সংগঠক ও ব্যবসায়ীসহ নানা শ্রেণি-পেশার প্রতিনিধিরা। তাদের বক্তব্যে স্পষ্ট হয়েছে, বাংলাদেশি আমেরিকানরা এখন আর কেবল সাংস্কৃতিক অনুষ্ঠানে সীমাবদ্ধ নেই, বরং মূলধারার রাজনীতির গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠছেন।

নিউইয়র্ক সুপ্রীম কোর্ট যুক্তরাষ্ট্রের অন্যতম প্রভাবশালী বিচার বিভাগীয় প্ল্যাটফর্ম। এখানে একজন বাংলাদেশি নারী বিচারকের উপস্থিতি অভিবাসী সমাজের জন্য এক নতুন দিগন্ত উন্মোচন করবে। এটি কেবল প্রতিনিধিত্বের প্রশ্ন নয়, বরং অভিবাসী কমিউনিটির ন্যায়বিচার, সামাজিক সুরক্ষা ও নাগরিক অধিকারের জন্য কণ্ঠস্বর জোরদার করার একটি পথ।



যদিও ডেমোক্রেট পার্টির প্রার্থী হিসেবে সোমা সাঈদের জয় সম্ভাবনা অনেকটাই উজ্জ্বল, তারপরও অভিবাসী কমিউনিটির জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা। কারণ মূলধারার রাজনীতিতে স্থায়ী আসন পেতে হলে কেবল আবেগ নয়, বরং ভোটার শক্তি, সংগঠিত রাজনৈতিক প্রভাব ও কার্যকর লবিং প্রয়োজন। এই নির্বাচনে বাংলাদেশি আমেরিকানরা একতাবদ্ধ হয়ে ভোট দিলে কমিউনিটির অবস্থান আরও সুদৃঢ় হবে।

বাংলাদেশী আমেরিকান কমিউনিটি অব এনওয়াইসি’র ব্যানারে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং জাজ সোমা সাঈদকে পরিচয় করিয়ে দেন ডেমোক্রেট পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ ও আমেরিকান ইন্টারন্যাশনাল বার এসোসিয়েশনের ডাইরেক্টর এটর্নী মঈদ চৌধুরী। অনুষ্ঠানে জাজ সোমা সাঈদ ছাড়াও ৪ নভেম্বরের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী সুপ্রীমকোর্ট ও কাউন্টি কোর্টে প্রতিদ্বন্দ্বিতাকারী একাধিক প্রার্থীদের মধ্যে সুপ্রীম কোর্টের ভারপ্রাপ্ত বিচারক ফ্রান্সিস ওয়াই উয়াং ও জাজ গ্যারী মিরিট, সিভিল কোর্টের জাজ পদপ্রার্থী ইভ চো শুভেচ্ছা বক্তব্য রাখেন।

এছাড়াও সোমা সাঈদের সমর্থনে স্টেট সিনেটর জন সি লু, ডেমোক্রেট পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ রামা ও গুরদীপ সিং নারুল্লা এবং কমিউনিটি ইউনাইটেড ডেমোক্রেটিক ক্লাব সদস্য রিচার্ড রুলেনস বক্তব্য রাখেন। এছাড়াও কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে ইমাম শামসে আলী, বিশিষ্ট রাজনীতিক জিল্লুর

রহমান জিল্লুর, বিশিষ্ট ব্যবসায়ী লায়ন আসিফ বারী টুটুল, মদিনা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট নাসির উদ্দিন, এনওয়াইপিডি’র অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন শামসুল হক, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মিজান চৌধুরী, নাহিম আহমেদ, আহসান হাবীব, আনিসুল কবীর জাসির, জ্যাকব মিল্টন, মুহাম্মদ কামরুল ইসলাম সনি, নীরা রব্বানী, সোহেল আহমেদ প্রমুখ শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন সৈয়দ আল আমীন রাসেল।

সোমা সাঈদ নিজ বক্তব্যে তার প্রয়াত বাবা আফতাব সৈয়দের কথা উল্লেখ করেছেন—যিনি বাংলাদেশে বিচার বিভাগে সরকারি কর্মকর্তা ছিলেন এবং প্রবাস জীবনে সাংবাদিকতা করেছেন। এ উত্তরাধিকার তাকে শুধু আইনচর্চায় নয়, জনসেবায়ও অনুপ্রাণিত করেছে। তিনি নিজেকে সাংবাদিকের কন্যা হিসেবে পরিচয় দিয়ে গণমাধ্যমের সমর্থন কামনা করেছেন, যা তার জনসম্পৃক্ততার প্রতি অঙ্গীকারকেই প্রমাণ করে।

জাজ সোমা সাঈদের এই প্রতিদ্বন্দ্বিতা নিঃসন্দেহে বাংলাদেশি আমেরিকানদের জন্য একটি গর্বের মুহূর্ত। এটি প্রমাণ করে, কঠোর পরিশ্রম, ঐক্য এবং রাজনৈতিক অংশগ্রহণের মাধ্যমে অভিবাসী সমাজ মূলধারার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় জায়গা করে নিতে পারে। ৪ নভেম্বরের নির্বাচন শুধু একজন প্রার্থীর জয়-পরাজয়ের হিসাব নয়—এটি হবে বাংলাদেশি আমেরিকানদের রাজনৈতিক ভবিষ্যতেরও এক গুরুত্বপূর্ণ সূচক।

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির
সবচেয়ে আলোচিত, পরিচিত এবং
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ত্রিগ্রেসন/ এসাইল্যান সেন্টার:
গ্রিন কার্ড ও নাগরিকত্ব

অর্ধ শতাধিক ATTORNEY এবং
CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL
COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫, ৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

খাদ্য নিরাপত্তায় মান নিয়ন্ত্রণ ও হাইজিন মানা জরুরি

শেফ খলিলুর রহমান

খাদ্য নিরাপত্তা ও হাইজিন রক্ষায় নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথের ভূমিকা উল্লেখ করে তিনি বলেন, সংস্থাটি নিয়মিতভাবে রেস্টুরেন্টে তদারকি চালায়।

নিজস্ব প্রতিবেদক

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শেফ ও খলিল বিরিয়ানির সিইও খলিলুর রহমান মনে করেন, খাবার গ্রহণের পর বুক জ্বালাপোড়া বা হজমজনিত সমস্যার মূল কারণ হচ্ছে নিম্নমানের তেল ও অতিরিক্ত মসলা ব্যবহার। বাংলাদেশি বংশোদ্ভূত এই শেফ যুক্তরাষ্ট্রে ফুড এন্ড হাইজিন বিষয়ে উচ্চতর ডিগ্রি অর্জন করেছেন। তিনি বলেন, “ট্রান্সফ্যাট বা একাধিকবার ব্যবহৃত ওয়েস্ট অয়েল শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকর। রান্নায় নির্দিষ্ট অনুপাত বজায় না রেখে অতিরিক্ত তেল-মসলা ব্যবহার করলে তা হজমে সমস্যা, বুক জ্বালাপোড়া এমনকি ফুড পয়জনিং পর্যন্ত ডেকে আনতে পারে।”



খাদ্য নিরাপত্তা ও হাইজিন রক্ষায় নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথের ভূমিকা উল্লেখ করে তিনি বলেন, সংস্থাটি নিয়মিতভাবে রেস্টুরেন্টে তদারকি চালায়। খাবারের সংরক্ষণে সঠিক তাপমাত্রা বজায় রাখা হচ্ছে কিনা, রান্না করা খাবার কতক্ষণ বাইরে রাখা হয়েছে, পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ বজায় আছে কিনা—এসব বিষয় গভীরভাবে পরীক্ষা করা হয়। এসব মানদণ্ডে ব্যর্থ হলে রেস্টুরেন্টকে এ, বি বা সি গ্রেড প্রদান করা হয় এবং প্রয়োজনে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়। তবে অনেক সময় সামান্য অসাবধানতায়ও রেস্টুরেন্টের গ্রেড কমে যায়। এ প্রসঙ্গে শেফ খলিল বলেন, “কিচেন স্টাফদের মাথায় হেডক্যাপ না

থাকলে, ভেসিনে সাবান বা টিস্যু না থাকলে কিংবা ফ্রিজের টেম্পারেচার সঠিক না হলে পয়েন্ট কাটা যায়। এমনকি ইদুর-তেলাপোকার উপদ্রব থাকলেও সমস্যা হয়। এগুলো সবই হেলথ কোডের অংশ। তাই শুধু খাবারের মান বজায় রাখলেই হবে না, সার্বিকভাবে পরিচ্ছন্নতা ও নিয়ম মেনে চলতে হবে।”

একই খাবার বারবার গরম করার বিষয়ে তিনি সতর্ক করে বলেন, খাবার যদি সঠিকভাবে সংরক্ষণ করা হয়, তবে ১০ দিন পর্যন্ত নিরাপদে খাওয়া সম্ভব। তবে এর জন্য অবশ্যই নির্দিষ্ট তাপমাত্রা বজায় রাখতে হবে। খাবার হয় ১৪০ ডিগ্রি ফারেনহাইটের ওপরে অথবা ৪০ ডিগ্রি ফারেনহাইটের নিচে রাখতে হবে। অন্যথায় দ্রুত নষ্ট হয়ে যায় এবং ফুড পয়জনিংয়ের ঝুঁকি তৈরি হয়।

শেফ খলিলুর রহমান মনে করেন, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে রেস্টুরেন্ট মালিক, কর্মচারী ও ভোক্তাদের সচেতন হওয়া জরুরি। তিনি বলেন, “আমরা যারা রেস্টুরেন্টে কাজ করি বা খাবার পরিবেশন করি, তাদের একাডেমিক ব্যাকগ্রাউন্ড থাকা যেমন জরুরি, তেমনি নিয়ম-কানুন মেনে চলাও অপরিহার্য। হাইজিন মানলে গ্রাহক যেমন নিরাপদে থাকবেন, তেমনি রেস্টুরেন্টও ভালো রেটিং পাবে।”

অনিক রাজকে মারধরের ঘটনায় সাংবাদিক সাবেথ সাথী গ্রেফতার

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে ব্যবসায়ী শাহনেওয়াজের অফিস সহকারি অনিক রাজকে মারধরের ঘটনায় বাংলা প্রেস সম্পাদক সাবেথ সাথীকে গ্রেফতার করেছে নিউইয়র্ক পুলিশ। শনিবার (২৪ আগস্ট) রাত ১১টার দিকে বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের এক অনুষ্ঠানের সময় লাগোয়ার্ডিয়া মেরিয়ট হোটেলের সামনে থেকে তাঁকে আটক করা হয়। এ সময় বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি উপস্থিত ছিলেন। আহত অনিক রাজকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও শাহনেওয়াজের অভিযোগ অনুযায়ী, সাংবাদিক সাবেথ সাথীসহ আরও কয়েকজন মিলে অনিক রাজ, জাহেদ আলম ও আজিজুল হকের ওপর হামলা চালান। অভিযোগ পেয়ে শাহনেওয়াজ পুলিশে কল দেন এবং ঘটনাস্থলে পৌঁছে পুলিশ সাবেথ সাথীকে গ্রেফতার করে। তবে সাবেথ সাথীর পরিবারের দাবি, প্রথমে তাঁর ওপরই হামলা চালানো হয়। এসময় সাথীও পুলিশে কল করেছিলেন। কিন্তু ব্যবসায়ী শাহনেওয়াজের কলের ভিত্তিতেই পুলিশ আগে ঘটনাস্থলে পৌঁছে তাঁকে গ্রেফতার করে নিয়ে যায়।

ঘটনার পর শাহনেওয়াজ সাংবাদিকদের সামনে ব্রিফিং করে সাবেথ সাথীর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আনেন।

ট্রাম্প প্রশাসনের নজরদারিতে ৫ কোটি ৫০ লাখ মার্কিন ভিসাধারী

ইব্রাহীম চৌধুরী

যুক্তরাষ্ট্রে ভিসা নিয়ে আসা প্রতিটি মানুষ এখন নতুন অনিশ্চয়তার ভেতরে পড়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঘোষণায় বলা হয়েছে, এখন থেকে সব ভিসাধারীকে নিরবচ্ছিন্ন যাচাইয়ের আওতায় আনা হয়েছে। অর্থাৎ, ভিসা হাতে পেয়েই নিশ্চিত থাকার সুযোগ আর নেই।

এই যাচাই প্রক্রিয়ায় শুধু প্রবেশপত্রের আনুষ্ঠানিক কাগজ নয়, নজরদারির আওতায় আসছে সামাজিক যোগাযোগমাধ্যম, আইন প্রয়োগকারী সংস্থার রেকর্ড, অভিযান সংক্রান্ত তথ্য এবং যুক্তরাষ্ট্রে অবস্থানকালে কোনো আইনভঙ্গের চিহ্ন। কোথাও যদি দেখা যায় যে কেউ অতিরিক্ত সময় থেকে গেছে, কোনো অপরাধে জড়িয়েছে, জননিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে, অথবা কোনো ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড বা সংগঠনের সঙ্গে সম্পর্ক তৈরি করেছে—তাহলে মুহূর্তেই বাতিল হবে সেই ভিসা। আর ভিসাধারী যদি যুক্তরাষ্ট্রে থাকেন, তবে তাঁকে সরাসরি বহিষ্কার করা হবে।

ট্রাম্প প্রশাসনের ভাষায় এটি জাতীয় নিরাপত্তা ও জননিরাপত্তার প্রশ্ন। কিন্তু এর মধ্যে স্পষ্টভাবে প্রতিফলিত হচ্ছে এক ধরনের কড়া ও ভয়াবহ সতর্কবার্তা—৫ কোটি ৫০ লাখ ভিসাধারী মানুষ এখন এক

অবিরাম পরীক্ষার ভেতর দিয়ে যাচ্ছেন।

এই নীতির প্রভাব সবচেয়ে বেশি পড়েছে ছাত্র ভিসাধারীদের ওপর। পররাষ্ট্র মন্ত্রণালয় স্বীকার করেছে, ট্রাম্প দ্বিতীয়বার ক্ষমতায় আসার পর থেকে ৬ হাজারেরও বেশি ছাত্র ভিসা বাতিল করা হয়েছে। এর মধ্যে প্রায় ৪ হাজার ভিসা বাতিল হয়েছে স্থানীয়, অঙ্গরাজ্য বা ফেডারেল আইনের প্রকৃত লঙ্ঘনের কারণে। অভিযোগগুলোর তালিকায় রয়েছে—মারধর, মাদকের প্রভাবে গাড়ি চালানো, এমনকি সন্ত্রাসবাদের প্রতি সমর্থনও। সবচেয়ে উদ্বেগজনক হলো, ২০০ থেকে ৩০০ ভিসা বাতিল হয়েছে সরাসরি সন্ত্রাসবাদের সঙ্গে সম্পর্কিত কারণে—যেমন সন্ত্রাসী সংগঠন বা সন্ত্রাসবাদী রাষ্ট্রকে সহায়তা দেওয়া।

ট্রাম্প প্রশাসন জানাচ্ছে, এ পর্যন্ত গত বছরের একই সময়ের তুলনায় দ্বিগুণ ভিসা বাতিল করা হয়েছে। শুধু ছাত্র ভিসার ক্ষেত্রেই সংখ্যা চার গুণ বেড়েছে। এ সিদ্ধান্তের মাধ্যমে স্পষ্ট হয়ে উঠেছে, ভিসাধারীদের জন্য যুক্তরাষ্ট্র এখন শুধু সুযোগের দেশ নয়, একইসঙ্গে ভয়াবহ অনিশ্চয়তারও জায়গা। ট্রাম্প প্রশাসন বলছে এটি শ্রেফ নিরাপত্তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ। কিন্তু ভিসাধারীদের চোখে এটি কেবল নিরাপত্তা নয়, এক অবিরাম আশঙ্কার নাম।



হাবিবুর রহমান ইমতিয়াজ আহমদ

বাহেলো বিএনপি দক্ষিণের আংশিক আহ্বায়ক কমিটি

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক স্টেট বিএনপির উদ্যোগে আয়োজিত এক ভার্চুয়াল কর্মসভায় বাহেলো বিএনপি দক্ষিণের আংশিক আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে।

কমিটিতে মোহাম্মদ হাবিবুর রহমানকে আহ্বায়ক ও ইমতিয়াজ আহমদ বেলালকে সদস্য সচিব ঘোষণা করা হয়েছে। পাশাপাশি সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন শাহীনুর ইসলাম এবং সিনিয়র যুগ্ম সদস্য সচিব হিসেবে মনোনীত হয়েছেন জাহাঙ্গীর আলম সোহেল।

ভার্চুয়াল কর্মসভায় সভাপতিত্ব করেন নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মো. অলিউল্লাহ আতিকুর রহমান। অনুষ্ঠানটি পরিচালনা করেন স্টেট বিএনপির সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সাঈদ। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট বিএনপির সিনিয়র সহ-সভাপতি ভিপি জসিম উদ্দিন এবং সাংগঠনিক সম্পাদক রইস উদ্দিন।



2023-এ, 133টি লিথিয়াম-আয়ন ব্যাটারি বিস্ফোরণ হয় তাও এমন সময়ে যখন এগুলি চার্জও করা হচ্ছিল না।

Learn how to stay safe

fdnysmart.org



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

- ★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
- ★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
- ★ যারা হোম কেয়ারে কাজ করেন তাদের বিশেষ সুবিধা

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেস্ট রেট কম
- ইনভেস্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাস্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435

Akib Hussain



NYCEM
New York City Emergency Management

BEAT THE HEAT

Know how and where to cool off:
nyc.gov/beattheheat

500+ New Yorkers die from heat each year.

- 1 Make a Plan
- 2 Gather Supplies
- 3 Stay Informed



AGRA PALACE RESTAURANT & PARTY HALL

আগ্রা প্যালেস রেস্তুরেন্ট এণ্ড পার্টি হল

বিয়ে, জন্মদিন, বেবী শাওয়ার, গ্রাজুয়েশন, অভিষেক, সভা-সেমিনারসহ সকল ধরনের অনুষ্ঠানের জন্য একটি অভিজাত রেস্তুরেন্ট ও পার্টি হল।

- সুন্দর ও মানোরম পরিবেশ।
- সু-সজ্জিত বিশাল পার্টি হল।
- অভিজ্ঞ ও দক্ষ শেফ এর তত্ত্বাবধানে তৈরী হাফালা খাবার পরিবেশনা।
- ছোট বড় সকল ধরনের অনুষ্ঠানের জন্য আসন সংখ্যা ৫০ থেকে ৪৫০।

INDOOR & OUTDOOR CATERING AVAILABLE

বুকিং ও কিস্তিরিত জানতে যোগাযোগ করুন

agra palace
Restaurant & Party Hall

ADDRESS: 116-33 Queens Blvd, Forest Hills, New York, NY 11375
Contact : (917) 362-1336, 929-521-2019 , 718-261-8880

Focus of expat generation,
Bangladesh in globalization

HOSTED BY:

VENUE

Gas South Convention Center
6400 Sugarloaf Parkway Duluth, Georgia 30097

39th FOBANA CONVENTION
Atlanta, Georgia

AUGUST 29-31, 2025

Performing Artist

 Samina Chowdhury	 Rizia Parveen	 Pritom Hasan	 Dilshad Nahar Kona	 Muza	 Shanaz Belly
 Ankon lasmen	 Protik Hasan	 Kishore Das	 Chandan	 Rommel Khan	 Beauty Das

Contact us For Any Information.

Masud Rob Chowdhury (CA) Chairperson (818) 730-1020	Abir Alamgir (NY) Executive Secretary (347) 724-9518	Nahidul Khan Sahel (GA) Convener (770) 722-5369	Mahbubur Rahman Bhuiya (GA) Member Secretary (404) 202-6484
---	--	---	---

Title Sponsor

Diamond Sponsor

Emerald Sponsor

Icon Sponsor

Media Partners

Media Friends

For more information: www.fobanaonline.com | 2025.fobanaonline.com



NY HOME CARE

Get paid to take care of your loved ones

আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

718-874-0047

Email: info@yourdreamhomecare.com
www.yourdreamhomecare.com



M AZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA



বাড়ীভাড়া বাবদ ৮০০ ডলার বা তার অধিক পেতে সহায়তা করি

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইট ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।

আমরা কোনো ফি নেই না।

আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইট বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।

কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

Jamaica Office: 168-25A Hillside Ave, 2nd Floor Jamaica, NY 11432 (718) 725-1332, (718) 971-0054	Jamaica Office: 168-47 Hillside Ave, 2nd Floor Jamaica, NY 11432 (929) 400-4785, (718) 874-0047	Sutphin Branch Mohammad Khair(Director) 97-01 Sutphin, Blvd Jamaica NY 11435 (929)-225-0746, (718) 755-0153 (718) 718-874-0047	Ozone Park Office 7721-101 Ave. Ozone Park New York 11416 (718) 874-0047, 347-771-0115
Ozone Park Office 720 Liberty Ave, Brooklyn NY 11208 (646) 500-1657, (718) 874-0047	1088 Liberty Avenue, Brooklyn NY 11208 (929) 283-8432	Fulton Office: 584 Nostrand Ave. NY 11216 (646) 5001657	Bronx Office 2140 Starling Ave. Bronx, NY 10462 917-391-4841, 718-874-0047 (Office) Fax 718-874-0069
Bangladesh Plaza 3105 Bally Ave, Buffalo NY 14215 (347) 357-4252, (347) 520-9699	Buffalo Office: 1155 Broadway Buffalo, NY 14212 (347) 335-3617, (718) 874-0047	1299 Harlem Road Buffalo, NY 14094 (716) 400 1446	Albany Office 114 Quail St. Albany, NY 12203 518-379-5496, 518-243-9096 718-864-2061

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে

সবধরনের ইমিগ্রেশন সমস্যা

KHAIRUL BASHAR LAW OFFICES

দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
- এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
- ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
- বর্ডারে স্টেপডাউন, ডিটেনশন ও বন্ড
- আপিল ও রিট অব ম্যান্ডামাস
- U ভিসা, VAWA & SIJS
- EB-1 EB-2 NIW & EB-3
- বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
- কন্সুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল



KHAIRUL BASHAR, MBA,LL.M.
ATTORNEY AT LAW

CALL NOW

(718) 775-8509 - (212) 464-8620

আমাদের সাথে যোগাযোগ করুন

7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com

1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529





#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504

Admitted in Washington, D.C., and Alabama State Bar | Practice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট



Nurul Azim

Your Any Question Contact Here

+1 516 451 3748



- ✓ প্রাইভেট অকশনের বাড়ি
- ✓ পাবলিক অকশনের বাড়ি
- ✓ ব্যাংক মালিকানা বাড়ি
- ✓ শর্ট-সেল ও REO প্রপার্টি

Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com


THE ONLY BANGLADESHI OWNED
HOMECARE PPL FACILITATOR



HOMECARE

LICENSED HOME HEALTH CARE AGENCY

**PPL
Facilitator**



**বাংলাদেশী মালিকানাধীন
লাইসেন্সড হোম কেয়ার এজেন্সি**

আপনজনদেরকে সেবার মাধ্যমে ঘরে বসেই আয় করুন

ADDRESSES

- 172-15 Hillside Avenue Queens, NY 11432
- 2162 Westchester Ave, Bronx, NY 10462
- 3329 Bailey Ave, Buffalo, NY 14215
- 21 101 Ave, Brooklyn, NY 11208
- 136-20 38th Ave, Ste 3A2, Flushing, NY 11354
- 332 Broadway, Staten Island, NY 10310

লক্ষণীয়

ও আমরা বাংলায় কথা বলি
ও আমরা সর্বোচ্চ রেটে পেমেন্ট
করে থাকি

CONTACT

DHCARE NY LLC

(718) 459-0180

FAX: 718-561-2834,
E-MAIL: SUPPORT@DHCARENY.COM
WEB: WWW.DHCARENY.COM



বারী হোম কেয়ার

- Ultracare Family Wellness of NY, Inc.
- Diana's Angels Home Care Inc.

PCA/HHA HOME CARE Service Provider

- Home care PCA/PA দেব সর্বোচ্চ সাপ্তাহিক পেমেন্ট Direct Deposit এর মাধ্যমে দেওয়া হয়।
- Home care সুবিধা পেতে আমরা কোন ফি চার্জ করি না।
- আমরা Medicaid এর আবেদন ও নবায়নে সাহায্য করে থাকি।
- We hire PCA Aides/ Provide Training & Certificate
- We speak Bengali, Hindi, Urdu, Punjabi & Spanish

আমরা HHA/PCA
সার্টিফিকেট প্রদান করে
হোম কেয়ারে সকল সেবা প্রদান করছি।

PCA সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

**NYS- licensed LHCSA Agency Offering
Professional, compassionate care –
we are ready to help you to Enroll
PCA/HHA services.**

**Our Expert Team will guide you through the
LHCSA transition with trained PCA ready to help.**



THE BARI GROUP



Head Office:

37-16 73rd St., 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100

Jamaica Office:

169-06 Hillside Ave,
2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163

Bronx Office:

1412 Castle Hill Ave
2nd FL, Suite 201
Bronx, NY 10462
Tel: 718-319-1000

Woodside Office:

49-22 30th Ave
Woodside,
NY 11377
Tel: 347-242-2175

Brooklyn Office:

31 Church Ave, #8
Brooklyn, NY 11218
Tel: 347-837-4908
Cell: 347-777-7200

Long Island Office:

469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901

Ozone Park Office:

1088 Liberty Ave
Brooklyn, NY 11208
Tel: 470-447-8625

Buffalo Office:

59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000
716-400-8711

Buffalo Office:

977 Sycamore St
2nd Floor,
Buffalo, NY 14212
Tel: 347-272-3973

Bari Tower

74-09 37th Ave,
Room 401
Jackson Heights,
NY 11372
Tel: 718-898-7100

CALL US TODAY: 718-898-7100, 631-428-1901

Fax: 646-630-9581, info@barihomocare.com www.barihomocare.com



ট্রাম্প না বাইডেন জনমতের পাল্লায় এগিয়ে বর্তমান প্রেসিডেন্ট

বিশেষ প্রতিনিধি

আমেরিকার জনমত সবসময়ই পরিবর্তনশীল। আজ যে নেতার প্রতি মানুষের আস্থা, কাল সেই আস্থায় ভাটা নামতে পারে। সাম্প্রতিক এক জাতীয় জরিপে দেখা গেল, বেশিরভাগ নাগরিক বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে তার পূর্বসূরি জো বাইডেনের তুলনায় বেশি কার্যকর বলে মনে করছেন।

হার্ভার্ড কর্তৃক পরিচালিত এ সমীক্ষায় অর্ধেকেরও বেশি উত্তরদাতা—চুয়াম শতাংশ—মনে করছেন, ট্রাম্প বাইডেনের তুলনায় ভালো করছেন। অন্যদিকে হিয়ারালিশ শতাংশ মনে করেন, তার কার্যক্রম ততটা সন্তোষজনক নয়। দলীয় বিভাজন এ ক্ষেত্রে স্পষ্ট। রিপাবলিকান সমর্থকদের বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ, প্রায় নব্বই শতাংশ, ট্রাম্পের প্রশংসা করেছেন। ডেমোক্র্যাটদের মধ্যে প্রায় একশি শতাংশ একেবারেই ভিন্নমত পোষণ করেছেন। আর স্বতন্ত্র ভোটারদের অবস্থান বিভক্ত—একভাগ ট্রাম্পের পক্ষে, আরেকভাগ বিপক্ষে।

এই সমীক্ষা এসেছে ট্রাম্পের দ্বিতীয় দায়িত্বকালের মাত্র সাত মাসের মাথায়। ইতোমধ্যেই তার শাসনকাল নানা সিদ্ধান্তে চিহ্নিত হয়েছে। অবৈধ

অভিযানের বিরুদ্ধে কর্তার অভিযান, বিদেশি পণ্যের ওপর শুল্ক আরোপ, আর ব্যয়বহুল নতুন আইন “একটি বড়, সুন্দর বিল” পাস—সব মিলিয়ে নীতিগত পরিবর্তনের এক ঝড় বইছে ওয়াশিংটনে।

তবুও জনমতের মধ্যে আনন্দের সঙ্গে উদ্বেগও রয়েছে। জরিপে অংশ নেওয়া প্রায় তেতাল্লিশ শতাংশ মানুষ বলেছেন, ট্রাম্প তাদের প্রত্যাশার চেয়ে খারাপ করছেন। এক তৃতীয়াংশ মনে করেন তিনি প্রত্যাশার চেয়ে ভালো করছেন, আর বাকি এক চতুর্থাংশ মনে করেন তিনি ঠিক প্রত্যাশামতোই কাজ করছেন। সবচেয়ে বড় আশঙ্কার জায়গা অর্থনীতি। বহু মানুষ মনে করছেন, তার নীতি মুদ্রাস্ফীতি বাড়াবে। জনসংখ্যার অর্ধেকেরও বেশি এ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। কেবল উনত্রিশ শতাংশ আশাবাদী যে তার সিদ্ধান্তে দাম কমবে, আর বাকিরা বিশ্বাস করেন তেমন কোনো পরিবর্তন আসবে না।

প্রায় দুই-তৃতীয়াংশ আমেরিকান বিশ্বাস করেন, ট্রাম্প ইসরায়েল-হামাস যুদ্ধ সমাধান করতে পারবেন না। একইভাবে ইউক্রেন ও রাশিয়ার সংঘাত নিয়েও মানুষের আস্থা সীমিত। ছাপ্পান্ন শতাংশের বেশি মানুষ মনে করেন, সেখানেও সমাধান তার নাগালের বাইরে।

ট্রাম্পের বিরুদ্ধে মামলা ফেড গভর্নর কুকের

উত্তর আমেরিকা ডেস্ক

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে মামলা করেছেন ফেডারেল রিজার্ভ (ফেড) গভর্নর লিসা কুক। তিনি অভিযোগ করেছেন, তাঁকে অপসারণ করার প্রেসিডেন্টের কোনো সাংবিধানিক ক্ষমতা নেই। এর ফলে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের দীর্ঘদিনের স্বাধীনতার রীতি নতুন করে আইনি পরীক্ষার মুখে পড়তে যাচ্ছে।

মামলায় কুক উল্লেখ করেছেন, আইন অনুযায়ী কেবল ‘যথাযথ কারণ’ দেখিয়ে ফেড গভর্নরকে অপসারণ করা যায়। কিন্তু ট্রাম্প গত সোমবার (২৫ আগস্ট) নজিরবিহীনভাবে ঘোষণা দেন, তিনি কুককে বরখাস্ত করবেন। ট্রাম্পের অভিযোগ, ফেডে যোগদানের আগে ২০২১ সালে মটগেজ জালিয়াতি করেছিলেন কুক। তবে অভিযোগটি অস্বীকার করে কুক বলেছেন, এমনকি অভিযোগ সত্যও হলেও তা তাঁর অপসারণের ‘বৈধ কারণ’ হতে পারে না।

ট্রাম্পের এ সিদ্ধান্তকে অবৈধ ঘোষণা ও এর ওপর অস্থায়ী



লিসা কুক

স্থগিতাদেশে চেয়ে আদালতে আবেদন করেছেন কুক। মামলার চূড়ান্ত রায় না আসা পর্যন্ত ফেড যেন তাঁর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে না পারে, আবেদনে সেই আদেশ চাওয়া হয়েছে।

আইনজীবীরা তাঁর মামলায় উল্লেখ করেছেন, কলেজজীবনে কারও জেরা ক্রসিং ভেঙে যাওয়ার মতো অপরাধ থাকলেও তা ফেড গভর্নরকে অপসারণের কারণ হতে পারে না।

মামলাটি শুনানির জন্য মার্কিন জেলা আদালতের বিচারক জিয়া কবে, যিনি সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের নিয়োগপ্রাপ্ত, তাঁকে দায়িত্ব দেওয়া হয়েছে। আইনি বিশ্লেষকেরা বলেছেন, বিষয়টি শেষ পর্যন্ত সুপ্রিম কোর্টে গড়াতে পারে।



A licensed home care agency, NY

ফাস্ট এইড হোম কেয়ার

WE PAY
HIGHEST
RATE

CDPAP
Service

HHA/PCA
Service



Dr. Gee Cee Pat
Vice President



Dr. Shajadi Parvin
CEO/ President

Skilled
NURSING

We help for Medicaid,
Medicare, Food Stamp
& House Rent.

Earn Money by Taking Care of Senior

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে বাবা-মা, শ্বশুর-শাশুড়ি এবং আত্মীয়
স্বজনদের সেবা দানের মাধ্যমে অর্থ উপার্জন করুন।

917-745-0949, 347-919-5256, 347-919-5254

Corporate Office: 37-18 73rd Street,
Suite 401, Jackson Heights, NY 11372

Foot Specialist ALAM PODIATRY

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

70-17 37 Ave, Jackson Heights, NY 11372
166-05 Highland Ave, Suite L1, Jamaica, NY 11432

OUR SERVICES

Diabetic Foot Exam
Heel Injection
Ingrown Toenail
Fungal Toenails
Fracture Management
Diabetic Shoes
Foot Surgery
Vascular and nerve Testing
On-site X-ray Availalbe

We Accept all Major insurance Plan

Dr, Sadi Alam, DPM

নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন



CONTACT US
347-509-4470
www.alampodiatry.com

Accepting New Patients



বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের মিলনমেলা

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ সোসাইটির প্রাক্তন সদস্যদের নবগঠিত সংগঠন ‘এক্স অফিসিয়ালস অব বাংলাদেশ সোসাইটি ইনক’-এর উদ্যোগে প্রথমবারের মতো এক মিলনমেলার আয়োজন করা হয়েছে। রোববার (২৪ আগস্ট) কুইন্সের লাগোড়িয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে আড়াই শতাধিক অতিথির উপস্থিতিতে প্রাণবন্ত ও সফলভাবে সম্পন্ন হয় এ অনুষ্ঠান। এতে সোসাইটির প্রাক্তন ও বর্তমান কর্মকর্তারা, সদস্যবৃন্দ এবং তাদের পরিবার-পরিজনরা অংশ নেন।

১৯৭৫ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ সোসাইটির বেশ কয়েকজন প্রতিষ্ঠাতা সদস্যও মিলনমেলায় যোগ দেন। দীর্ঘদিন পর একে অপরের সঙ্গে দেখা হওয়ায় প্রাক্তন ও বর্তমান কর্মকর্তারা আবেগাধ্বত হয়ে পড়েন। বক্তারা বাংলাদেশ সোসাইটিকে আরও শক্তিশালী করে তোলার প্রত্যয় ব্যক্ত করেন এবং ভবিষ্যতে কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার জন্য সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান।

ব্যতিক্রমধর্মী এ অনুষ্ঠানে মূল মঞ্চ ছিল না কোনো স্থায়ী আসন। সন্ধ্যা ৭টায় পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে

শুরু হয় অনুষ্ঠান। তেলাওয়াত করেন সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী এবং গীতা পাঠ করেন সাবেক সাংস্কৃতিক সম্পাদিকা মনিকা রায়। এরপর সোসাইটির নিজস্ব শিল্পীরা পরিবেশন করেন বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত।

স্বাগত বক্তব্য রাখেন মিলনমেলা আয়োজক কমিটির কনভেনর ও সোসাইটির সাবেক সভাপতি ডা. ওয়াহিদুজ্জামান ডিউইয়া ডিউইয়া। এরপর পর্যায়ক্রমে আয়োজক কমিটির বিভিন্ন কমিটি, ট্রাস্টি বোর্ড সদস্য ও নির্বাচন কমিশনের সদস্যদের পরিচয় করিয়ে দেওয়া হয়। সোসাইটির বর্তমান কমিটির পরিচয় করিয়ে দেন সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক সভাপতি ডা. এম বিল্লাহ ডিউইয়া, ডা. মোহাম্মদ হামিদুজ্জামান, মোহাম্মদ আক্তার হোসেন, নার্গিস আহমেদ, আজমল হোসেন কুনু, মোহাম্মদ আব্দুর রব মিয়া, সাবেক সাধারণ সম্পাদক হামিদ রেজা খান, একে এম ফজলে রাব্বি, রানা ফেরদৌস চৌধুরী, বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান

শাহ নেওয়াজ, কুইন্স ডেমোক্রেটিক পার্টির জেলা নেতা এটর্নি মঈন চৌধুরী, ডা. ফারুক আজমসহ আরও অনেকে। অনুষ্ঠানটি যৌথভাবে পরিচালনা করেন সাবেক কর্মকর্তা মোহাম্মদ জামান তপন।

মিলনমেলাকে কেন্দ্র করে প্রকাশিত হয় স্মরণিকা ‘অনুগমন’। ফিতা কেটে এর মোড়ক উন্মোচন করেন কনভেনর ডা. ওয়াহিদুজ্জামান ডিউইয়া। এ সময় উপস্থিত ছিলেন স্মরণিকার সম্পাদক শেখ সিরাজুল ইসলামসহ প্রকাশনা পরিষদের সদস্যরা। এতে ১৯৭৫ সাল থেকে বর্তমান পর্যন্ত সোসাইটির কর্মকর্তা, নির্বাচন কমিশন ও অতিথিদের ধন্যবাদ জানানো হয়।

সংস্কৃতি পূর্বে জাতীয় সংগীত ও দেশাত্মবোধক গান পরিবেশন করেন সাবেক সাংস্কৃতিক সম্পাদক চমন আরা বেগম, স্বপ্না কাওসার, মনিকা রায়, ডা. শাহজাদ লিপি, নাট্য সম্পাদক শেখ সিরাজ ও আমন্ত্রিত শিল্পী রুনা রায়। একক সংগীত পরিবেশন করেন বাংলাদেশ থেকে আগত শিল্পী লীনা তাপসী, সঙ্গে ছিলেন যন্ত্রশিল্পী মাসুদুর রহমান (কিবোর্ড) ও খুশবু আলম (তবলা)।

সবশেষে নৈশভোজের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। মধ্যরাত অবধি প্রবাসী বাংলাদেশিদের এই মিলনমেলা আনন্দ-উৎসবের আবহে চলতে থাকে।



২৪ আগস্ট কুইন্সের লাগোড়িয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে বাংলাদেশ সোসাইটির প্রাক্তন সদস্যদের নবগঠিত সংগঠন ‘এক্স অফিসিয়ালস অব বাংলাদেশ সোসাইটি ইনক’ এ অংশগ্রহণকারীরা

‘ফিফটি এইট ম্যানর পার্টি হল অ্যান্ড রেস্টুরেন্ট’-এর যাত্রা

নিউইয়র্কের উডসাইড

উত্তর আমেরিকা ডেস্ক

নিউইয়র্কের বহুজাতিক শহর কুইন্সের উডসাইডে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে ‘ফিফটি এইট ম্যানর পার্টি হল অ্যান্ড রেস্টুরেন্ট’। জমকালো আয়োজনের মধ্য দিয়ে উদ্বোধন হওয়া এ পার্টি হল স্থানীয় কমিউনিটির জন্য সামাজিক, সাংস্কৃতিক ও পারিবারিক অনুষ্ঠানের এক নতুন ভেন্যু হিসেবে যুক্ত হলো।

প্রায় ৫০০ আসন বিশিষ্ট আধুনিক হলরুমটি সাজানো হয়েছে সর্বাধুনিক সুবিধা ও নান্দনিক পরিবেশে, যাতে বিয়ে, জন্মদিন, কনফারেন্স, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজনে ব্যবহার করা যায়। বিশেষত্ব হলো—সুলাভ মূল্যে ভাড়া পাওয়া যাবে এই হলরুম, যা নিউইয়র্ক সিটির সাধারণ বাসিন্দাদের জন্য অনুষ্ঠান আয়োজনকে আরও সহজ করে তুলবে।

তরুণ উদ্যোক্তা ফারহান আনোয়ার, ফেরদৌসী বানু স্বর্ণা, সেলিম গফুর, মনীষা রাওয়াল এবং চেরী কাসটিলভী একত্রে এ উদ্যোগ নিয়েছেন। তাদের লক্ষ্য ছিল নিউইয়র্কের প্রবাসী কমিউনিটির জন্য এমন একটি ভেন্যু তৈরি করা, যেখানে আয়োজনের পাশাপাশি থাকবে আতিথেয়তার পরিবেশও।

উদ্বোধনী আয়োজনে অতিথিরা বলেন, উডসাইডের মতো গুরুত্বপূর্ণ এলাকায় এমন একটি উদ্যোগ শুধু বাংলাদেশি নয়, বরং নিউইয়র্কের বহুজাতিক কমিউনিটির অনুষ্ঠান আয়োজনকে আরও প্রাণবন্ত করে তুলবে। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনায় রয়েছেন জেনারেল ম্যানেজার জিনাত সোয়ান। তিনি ভেন্যুর সার্বিক কার্যক্রম পরিচালনার দায়িত্বে থাকবেন।

স্থানীয়রা আশা করছেন, ‘ফিফটি এইট ম্যানর পার্টি হল অ্যান্ড রেস্টুরেন্ট’ নিউইয়র্কবাসীর সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে নতুন মাত্রা যোগ করবে।

বর্ডার প্যাট্রোল সদস্যের এক বছরের কারাদণ্ড

বিশেষ প্রতিিনিধি

যুক্তরাষ্ট্রের আপস্টেট নিউইয়র্কে কর্মরত এক বর্ডার প্যাট্রোল এজেন্টকে অভিবাসী নারীদের বুক দেখাতে বাধ্য করার দায়ে এক বছরের ফেডারেল কারাদণ্ড দেওয়া হয়েছে। ২৭ আগস্ট বুধবার আদালত এ রায় ঘোষণা করে।

দণ্ডপ্রাপ্ত এজেন্ট শেন মিলান (৫৩) চলতি বছরের মার্চে আদালতে আনা অভিযোগে দোষ স্বীকার করেছিলেন। অভিযোগ অনুযায়ী, ২০২৩ সালে দক্ষিণ সীমান্তে পেরিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করা চারজন অভিবাসী নারীকে তিনি ওয়েবক্যামের মাধ্যমে অনৈতিক নির্দেশ দেন। তিনজন নারীকে সরাসরি বুক দেখাতে এবং অপর একজনকে ব্রা পরা অবস্থায় বুক প্রদর্শনের জন্য বাধ্য করেন।

মিলান নারীদের বলেন, এটি যুক্তরাষ্ট্রে প্রবেশ প্রক্রিয়ার অংশ। তবে তদন্তে প্রমাণিত হয়, এসব ছিল তার ব্যক্তিগত যৌন তৃপ্তির উদ্দেশ্যে। এমনকি তিনি সরকারি কম্পিউটার ব্যবহার করে স্প্যানিশ ভাষায় যৌন ইঙ্গিতপূর্ণ বাক্য অনুবাদ করে ব্যবহার করেছিলেন।

2025-26 ADMISSIONS

HAS BEGUN

KG - 7th GRADE

NY STATE APPROVED

+1 (866) 935 4226

+1 (646) 444 0505

www.elhaamacademy.org

NYC
Delivering for you.
Every day. Everywhere.



NEW YORK SENIOR ADULT DAY CARE

নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT



FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT



MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER



SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা



CALL US NOW:

718-516-3425

A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP



CONTACT US:

Off: 718-516-3425 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 78-06 101 Ave, Suite C
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416

প্রথম বাংলাদেশি-আমেরিকান ব্রিগেডিয়ার জেনারেল হলেন শরীফুল খান

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক কর্নেল শরীফুল এম. খান পদোন্নতি পেয়ে ব্রিগেডিয়ার জেনারেলের মর্যাদায় অভিষিক্ত হয়েছেন। গত ১৩ জুন ওয়াশিংটন ডিসির পেন্টাগনে অনুষ্ঠিত এক আনুষ্ঠানিক অনুষ্ঠানে এই পদোন্নতি ঘোষণা করা হয়।

প্রাক্তন মার্কিন রাষ্ট্রদূত এম. ওসমান সিদ্দিক ১৯ আগস্ট পেন্টাগনে আয়োজিত পদোন্নতি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি সামাজিক মাধ্যম এক্স এ দেয়া পোস্টে বলেছেন, “বাংলাদেশের সন্তান শরীফুল খান আজ ইতিহাস তৈরি করলেন। মার্কিন সেনাবাহিনীতে এই প্রথম কোনো বাংলাদেশি-আমেরিকান ব্রিগেডিয়ার জেনারেল পদে উন্নীত হলেন।”

শরীফুল খানের শপথ পাঠ করান যুক্তরাষ্ট্র স্পেস ফোর্সের ভাইস চিফ অব স্পেস অপারেশন্স জেনারেল শন ব্রাটন। বর্তমানে তিনি পেন্টাগনে ‘গোল্ডেন ডোম ফর আমেরিকা’-এর ডিরেক্টর অব স্টাফ হিসেবে দায়িত্ব পালন করছেন। এ পদে তিনি কৌশল, নীতি, পরিকল্পনা ও ক্রস-ফাংশনাল কার্যক্রম সমন্বয় করার পাশাপাশি শিল্প, একাডেমিয়া, ন্যাশনাল ল্যাব ও সরকারি সংস্থাগুলোর সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলে ভবিষ্যৎ প্রজন্মের ক্ষেপণাস্ত্র



শরীফুল খান

প্রতিরক্ষা সক্ষমতা উন্নয়নে কাজ করছেন।

ব্রিগেডিয়ার জেনারেল শরীফুল খান ১৯৯৭ সালে ইউনাইটেড স্টেটস এয়ার ফোর্স একাডেমি থেকে পলিটিক্যাল সায়েন্সে স্নাতক ডিগ্রি অর্জন করেন। এর পরবর্তী সময়ে তিনি ওয়েবস্টার ইউনিভার্সিটি, ন্যাশনাল ডিফেন্স ইন্সটিটিউট কলেজ, স্কুল অব অ্যাডভান্সড এয়ার অ্যান্ড স্পেস স্টাডিজ, নেভাল ওয়ার কলেজ, এমআইটি ও জর্জটাউন বিশ্ববিদ্যালয়সহ মার্কিন সামরিক ও বেসামরিক শিক্ষা প্রতিষ্ঠানে একাধিক উচ্চতর ডিগ্রি সম্পন্ন করেন।

কর্মজীবনে শরীফুল খান মহাকাশ নিয়ন্ত্রণ, স্যাটেলাইট অপারেশন, স্পেস

সিস্টেম, লঞ্চ এবং ন্যাশনাল রিকনাইসেন্স অফিসে স্যাটেলাইট অপারেটর হিসেবে কাজ করেছেন। ২০০১ সালে তিনি কুয়েতের আলি আল সালাম বিমান ঘাঁটিতে মোতায়েন হন এবং ২০০৭ সালে অপারেশন সাইলেন্ট সেনেট্রি-র সময় ডিপ্লোমেন্ট কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি স্কোয়াড্রন ও উইং উভয় পর্যায়ের কমান্ড করেছেন। কলোরাডোর শ্রিভার স্পেস ফোর্স বেসে ৩১০তম স্পেস উইং-এর কমান্ডার হিসেবে প্রায় দেড় হাজার সামরিক সদস্য ও ১৯টি ইউনিটের কার্যক্রম পরিচালনা করেছেন। এছাড়া তিনি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নীতি বিভাগেও দায়িত্ব পালন করেছেন।

ব্রিগেডিয়ার জেনারেল শরীফুল খান অসংখ্য সামরিক পদক ও সম্মাননায় ভূষিত হয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্য— লেজিয়ন অব মেরিট, ডিফেন্স মেরিটোরিয়াস সার্ভিস মেডেল, মেরিটোরিয়াস সার্ভিস মেডেল, জয়েন্ট সার্ভিস কমেন্ডেশন মেডেল, আর্মড ফোর্সেস এক্সপেডিশনারি মেডেল এবং এয়ার অ্যান্ড স্পেস অ্যাচিভমেন্ট মেডেল।

দীর্ঘ সামরিক জীবনে দেশপ্রেম, নিষ্ঠা ও নেতৃত্বগুণের স্বীকৃতিস্বরূপ শরীফুল খানের এই পদোন্নতি বাংলাদেশি-আমেরিকান কমিউনিটির জন্য গৌরবের।

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন



কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।

আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্কিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

ভারতের নতুন মার্কিন দূত ট্রাম্পের আস্থাভাজন গর

বিশেষ প্রতিনিধি

যুক্তরাষ্ট্র ও ভারতের সম্পর্ক শুষ্ক আরোপ নিয়ে সাম্প্রতিক সময়ে নানা টানা-পোড়নের মধ্য দিয়ে যাচ্ছে।

প্রতিরক্ষা সহযোগিতা, বাণিজ্য, প্রযুক্তি বিনিয়োগ এবং এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চীনের প্রভাব মোকাবেলায় দুই দেশের অংশীদারিত্ব এখন আগের যেকোনো সময়ের তুলনায় বেশি গুরুত্বপূর্ণ। এই প্রেক্ষাপটেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দিলেন—সার্জিও গর হবেন ভারতের পরবর্তী মার্কিন রাষ্ট্রদূত এবং দক্ষিণ ও মধ্য এশিয়ার বিশেষ দূত।

ট্রাম্প শুক্রবার তার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যাল-এ লিখেছেন, “আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, সার্জিও গরকে ভারতের প্রজাতন্ত্রের রাষ্ট্রদূত ও দক্ষিণ ও মধ্য এশিয়ার বিশেষ দূত হিসেবে মনোনীত করেছি। বিশ্বের সবচেয়ে জনবহুল এই অঞ্চলে আমাদের কৌশলগত স্বার্থ রক্ষায় আমি এমন একজনকেই চাই, যাকে আমি সম্পূর্ণভাবে বিশ্বাস করতে পারি। সার্জিও নিঃসন্দেহে



অসাধারণ এক রাষ্ট্রদূত হবেন।”

বর্তমানে হোয়াইট হাউসের প্রেসিডেন্সিয়াল পার্সোনেল অফিসের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন সার্জিও গর। ট্রাম্প জানান, সিনেট কর্তৃক নিয়োগ নিশ্চিত হওয়া পর্যন্ত তিনি বর্তমান দায়িত্বেই বহাল থাকবেন।

ট্রাম্প আরও বলেন, “প্রেসিডেন্সিয়াল পার্সোনেল অফিসের পরিচালক হিসেবে সার্জিও এবং তার দল রেকর্ড সময়ে প্রায় ৪,০০০ “আমেরিকা ফার্স্ট” দেশপ্রেমিক নিয়োগ প্রদান করেছে। এছাড়া তিনি আমার ঐতিহাসিক নির্বাচনী প্রচারণায়, বই প্রকাশনা এবং আমাদের আন্দোলনের অন্যতম বৃহৎ সুপার প্যাক পরিচালনাতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।”

১৯৮৬ সালে উজবেকিস্তানের তাশখন্দে জন্ম নেওয়া সার্জিও গর ১৯৯৯ সালে যুক্তরাষ্ট্রে অভিবাসন নেন। পরে তিনি জর্জ ওয়াশিংটন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্পন্ন করেন। ওয়াশিংটনে রাজনৈতিক কর্মজীবন শুরু করেছিলেন রিপাবলিকান কংগ্রেস সদস্যদের যোগাযোগ কর্মকর্তা হিসেবে। এরপর তিনি কেনটাকির রিপাবলিকান সিনেটর রবার্ট পলের সিনিয়র সহকারী হিসেবেও কাজ করেন।

জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিহিতে বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত

মেডিকেল অফিস
We offer Quality Health Care

৮৭-৩১ ১৬৮ প্লেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432



৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226



ডা: নাহরীণ মামুন এম.ডি

Board Certified Internal Medicine
& Women Health Expert

সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.৩০টা থেকে পূর্বের সময়ানুবায়ী

বাংলাদেশি
মহিলা ডাক্তার



ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি

Board Certified Geriatrics & Internal Medicine
(এসিস্ট্যান্ট প্রফেসর, কুইল হসপিটাল সেন্টার)

সময়: মঙ্গল ও বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা



ডা: আহমেদ কে আসলাম এম.ডি

হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)

আমাদের সেবা সমূহ:

- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টেরল

আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহণ করি

যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেইড ও ফ্যামিলি হেলথ গ্রাস পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি

All kinds of Medical Managements

PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations

মহিলাদের সবধরনের শারীরিক চেকআপ, রক্তপরীক্ষা, ইকোজি, প্রেগনেন্সী টেস্ট
যক্ষা টেস্ট, টিকা এবং হৃজ্ব যাত্রীদের টিকা সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

নিউইয়র্ক সিটির রেজিস্ট্রার কাজী

MATRIMONIAL SERVICE
NYC REGISTERED

মাওলানা নজরুল ইসলাম

খতিব মসজিদ আর রাইয়ান (MUNA Center of Jamaica)



কাজী অফিস
নিউইয়র্ক



MAULANA NAZRUL ISLAM

Khatib Masjid AR-Raiyyan

I Speak Bangla,Urdu,Arabic,English

Email: islam1072@gmail.com Phone: 347-251-2937

196- 43 Foothill Ave, Hollis, NY 11423

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।

Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।

GSM আনলক সেলফোন বিক্রয়।

সবধরনের Accesories পাওয়া যায়

সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।



Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733

37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

নিউইয়র্কে ঝলমলে এক সন্ধ্যা, মৃদুল আহমেদের অর্ধশতবর্ষ উদযাপন

উত্তর আমেরিকা অফিস

সন্ধ্যায় কর্মব্যস্ত দিনশেষে যখন লেভিটাউনের ঘরগুলোয় অন্ধকার নেমে এসেছে, তখন একটি ঘর পূর্ণিমার আলোয় ঝলমল করছিল। মানুষের কোলাহলে গমগম করছিল পুরো ঘর, আঙিনায় ছিল উৎসবের জমকালো আয়োজন। আর মাইকে ভেসে আসছিল শুদ্ধ উচ্চারণের সুপরিচিত কণ্ঠস্বর। বলছিলাম মাছরাঙা টিভির জনপ্রিয় উপস্থাপক ও বর্তমানে নিউইয়র্কের লং আইল্যান্ডের বাসিন্দা মৃদুল আহমেদের জন্মদিরে আয়োজনের কথা। গত ১৯ আগস্ট ছিলো তার জন্মদিন। তিনি এ বছর পঞ্চাশে পদার্পণ করেছেন।

সরজমিনে দেখা গেছে, লেখক, শিল্পী ও স্বজনরা ফুল নিয়ে হাজির হয়েছিলেন শুভেচ্ছা জানানোর জন্য। বিস্তৃত আঙিনায় কেউ বসেছিলেন চেয়ারে, কেউবা প্রসারিত সবুজ গাছের ছায়ায় পা এলিয়ে। মাইক হাতে মৃদুল আহমেদ একে একে সকল অতিথিকে পরিচয় করিয়ে দিচ্ছিলেন নানা বিশেষণ জুড়ে। দর্শক শুনলেন তাদের অনুভূতি। শুভেচ্ছাবাণীর সঙ্গে সঙ্গে সকলেই জানলেন মৃদুলের শৈশব-কৈশোর, শিল্প-সাহিত্যচর্চা, কর্মজীবন এবং দেশ ও মানুষকে নিয়ে তার ভাবনার কথা।

মৃদুল আহমেদ একজন জনপ্রিয়



ছড়াকার ও লেখক, যিনি মূলত রাজনৈতিক ব্যঙ্গ ও কিশোর কবিতার রচনার জন্য পরিচিত। তিনি প্রযুক্তি, মহাকাশ, পরিবেশ ও সমাজসহ বিভিন্ন বাস্তব ও কাল্পনিক বিষয় নিয়ে লেখেন, যা তার লেখাকে বহুমাত্রিক জগতে পরিণত করেছে। রসবোধসম্পন্ন মৃদুল আহমেদ অত্যন্ত সাবলীলভাবে গদ্য, পদ্য ও নাটক রচনা করেন, যার মধ্যে একাধিক গ্রন্থও প্রকাশিত হয়েছে। ২০২৩ সালের শেষের দিকে নিউইয়র্কে তার একক সন্ধ্যার আয়োজন করা হয়, যেখানে প্রবাসী বাংলাদেশীরা প্রথমবারের মতো তার বহুমুখী সৃজনশীল প্রতিভা প্রত্যক্ষ করেন।

জন্মদিন উপলক্ষে সকলের উপস্থিতিতে দুটি তাৎপর্যপূর্ণ ও ব্যতিক্রমী কেক কাটা হয়। একটি ছিল ‘শূন্য’-এর আদলে তৈরি, অন্যটি ছিল মৃদুল আহমেদের বইয়ের প্রচ্ছদের আদলে সজ্জিত। আগে থেকে কিছু জানানো না হলেও এত সুন্দর আয়োজনে মুগ্ধ হন সকলে। এই অনন্য আয়োজনের নেপথ্যে ছিলেন তার প্রিয় পত্নী সাদ্দা উদ্দিতা ও শ্যালিকা মাকসুদা আজাদ মৌরি।

যুক্তরাষ্ট্রে ভর্তি হতে পারবে আরও ৬ লাখ চীনা, ঘোষণা ট্রাম্পের

উত্তর আমেরিকা ডেস্ক

চীন-মার্কিন বাণিজ্যযুদ্ধের মধ্যেই যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার জন্য বিপুলসংখ্যক চীনা শিক্ষার্থীকে ভর্তির সুযোগ দেওয়ার ঘোষণা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, তাঁর প্রশাসন অতিরিক্ত আরও ৬ লাখ শিক্ষার্থীকে যুক্তরাষ্ট্রে ভর্তির সুযোগ করে দেবে। বর্তমানে প্রায় ২ লাখ ৭০ হাজার চীনা শিক্ষার্থী মার্কিন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করছে।

হংকং থেকে প্রকাশিত ইংরেজি দৈনিক সাউথ চায়না মর্নিং পোস্টের খবরে বলা হয়েছে, ট্রাম্প বলেছেন, ‘অনেকে বলাছে আমরা নাকি চীনা শিক্ষার্থীদের আসতে দিচ্ছি না। কিন্তু আমরা তাদের আসতে দেব।

এটা খুবই গুরুত্বপূর্ণ। ৬ লাখ শিক্ষার্থী—এটা খুব বড় ব্যাপার। তবে চীনকে আমাদের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে হবে।’

ট্রাম্পের এ ঘোষণা এল এমন এক সময়ে, যার কিছুদিন আগেই মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও চীনা নাগরিকদের ভিসা কঠোরভাবে নিয়ন্ত্রণের কথা জানিয়েছিলেন। বিশেষ করে, তরুণ শিক্ষার্থীদের ভিসা সীমিত করার পরিকল্পনা জানিয়েছিলেন তিনি।

গত মে মাসে দেওয়া এক বিবৃতিতে রুবিও বলেছিলেন, ট্রাম্প প্রশাসন চীনা শিক্ষার্থীদের ভিসা বাতিলে কঠোর হবে। বিশেষ করে যারা কমিউনিস্ট পার্টির সঙ্গে যুক্ত কিংবা গুরুত্বপূর্ণ বিষয়ে পড়াশোনা করছে, তাদের লক্ষ্য করাই এ পদক্ষেপ নেওয়া হবে।

আবশ্যিক

প্রথম আলো উত্তর আমেরিকায় মার্কেটিংয়ে পাটটাইম কাজ করতে ইচ্ছুক আগ্রহী লোক আবশ্যিক। ডিজিটাল মার্কেটিং জানা অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।
রিজ্যুমি: prothomalocm@gmail.com

বাবুর্চি আবশ্যিক

জরুরি ভিত্তিতে অভিজ্ঞ বাংলা ও তান্দুরি খাবারের বাবুর্চি প্রয়োজন। স্থান: ল্যাস্‌ডেল, পেনসিলভানিয়া। একটি স্বনামধন্য হালাল রেস্তুরেন্টে অভিজ্ঞ ও দক্ষ বাবুর্চি আবশ্যিক, যিনি বাংলা ও তান্দুরি খাবার প্রস্তুতে পারদর্শী। থাকা ও খাবারের পূর্ণ ব্যবস্থা প্রদান করা হবে।
যোগাযোগ: ২৬৭-৭৩৬-৫০১১

জমি বিক্রয়

সিলেট শহরের ইসলামপুর (মেজর টিলা) এলাকায় জরুরি ভিত্তিতে জমি বিক্রয় করা হবে।
জমির পরিমাণ: ৯ শতক, চারপাশে দেয়ালঘেরা, দুইটি রাস্তার সংযোগ রয়েছে।
উপযুক্ত ক্রেতার জন্য এটি একটি আকর্ষণীয় সুযোগ
আগ্রহী ক্রেতাগণ নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করুন:
📞313-510-7025 (যুক্তরাষ্ট্র)
📞+880 1911-114402 (জুমাদ, বাংলাদেশ)

পার্টনার আবশ্যিক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যিক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে।
যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

পাত্র-পাত্রী চাই

15 years exprience

আপনার স্বপ্নের জীবন সঙ্গী/সঙ্গিনী খুঁজে পাওয়ার জন্য একটি নিষ্ঠুরযোগ্য ম্যাচ মেকিং সার্ভিস। বাংলাদেশ, ইউএসএ, কানাডা ও অস্ট্রেলিয়ায় বসবাসকারীদের সেবার সদ্য নিয়োজিত।

যোগাযোগ: JIBON SONGI
E-mail: jibonsongi2024.com
Phone: 281-912-7812 713-900-6023

লোক আবশ্যিক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যিক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

রুম শেয়ার

এলমহাষ্টে এপার্টমেন্টের একটি রুম দুইজন শেয়ার করে থাকার সুযোগ আছে। 929-395-4019, 347-353-2544

সেমি বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার কেমব্রিয়া হাইটসের ১১৭-৪৭ ২২০ স্ট্রিটে আগামী সেপ্টেম্বর মাস থেকে বড় ২ বেড রুম, বড় লিভিং ও ডাইনিং, কিচেন, বাথরুমসহ একটি সেমি বেসমেন্ট বাসা ভাড়া হবে। ভাড়া ২,৪০০ ডলার। বাস, স্কুল, শপিং মল বাসার কাছাকাছি। যোগাযোগ: ৬৪৬-৪৭৪-৩০৯২

পাত্রী চাই

একজন নম্র ভদ্র শিক্ষিত ছেলের জন্য মুসলিম পাত্রী চাই। পাত্রী ডিভোর্স হলেও অসুবিধা নাই। শুধুমাত্র আগ্রহী পাত্রী কনটাক্ট করলে ভাল হয় যোগাযোগ: 929-407-7375

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ২৬ বছর বয়সী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অবিবাহিত পাত্রীর জন্য ইউএসএ সিটিজেন বা গ্রীন কার্ড ধারী পাত্র চাই। যোগাযোগঃ অভিভাবক +880173161616 (WhatsApp). E-mail: yousuf.snm@gmail.com

পাত্রী চাই

ইউএস সিটিজেন অবিবাহিত চাকুরিরত এমএস ইনিজনিয়ার ৫ ফুট ৯ ইঞ্চি ৩৩ বছর বয়স্ক ফর্সা পাত্রের জন্য পাত্রী চাই। নিউইয়র্ক ও ঢাকায় বাড়ি আছে। 929-538-6313, 516-234-8517

পাত্রী চাই

নিউইয়র্কে হসপিটালে কর্মরত ৪১ বছর বয়স্ক একজন অবিবাহিত পাত্রের জন্য পাত্রী চাই। পাত্র ইউএসএ সিটিজেন। ফোন 347-615-6567

পাত্র আবশ্যিক

ধার্মিক পাত্রী বয়স ৩৮ এর জন্য পাত্র চাই। পাত্রীর পড়া লেখা B.S IN MATHEMATICS (UMD) M.S IN PROJECT MANAGEMENT (UMD) ইউ এস সিটিজেন পাত্রীর জন্য মুসলিম পাত্র চাই। যোগাযোগ: 301-537-9885

পাত্র চাই

শিক্ষিত সম্ভ্রান্ত পরিবারের ২৬ বছরের হিজাবী, সিটিজেন, প্রযুক্তিগত, চাকুরিরত পাত্রীর জন্য ২৮ থেকে ৩২ বছরের নামাজি, অবিবাহিত শিক্ষিত পাত্র চাই। 929-408-7691

পাত্র চাই

নিউইয়র্কে জন্ম নেওয়া ফার্মাসিস্ট মেয়ের জন্য ডাক্তার, ইঞ্জিনিয়ার, ফার্মাসিস্ট বা এটর্নি পাত্র চাই। বয়স ২৯ থেকে ৩৩ এর ভেতরে এবং ইউএস সিটিজেন হতে হবে। একই সাথে নিউইয়র্কে জব থাকতে হবে 347-740-3872

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনাল গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন। যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

পাত্রী চাই

৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড সুদর্শন ডাক্তার পাত্রের জন্য ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
hmrshedmd@gmail.com
Phone: 850-886-9012

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ৪১ বছর বয়সী পাত্রীর জন্য ৪০ থেকে ৫৫ বছর বয়সী ইউএস সিটিজেন অথবা গ্রিনকার্ডধারী পাত্র চাই। পাত্রী ডিভোর্সড, ৯ বছর বয়সী কন্যা রয়েছে। পাত্রী শিক্ষিত এবং ভালো ফ্যামিলি থেকে আসা।
যোগাযোগ: rbprinceton@yahoo.com
(732) 841- 2452

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।
যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।
যোগাযোগ: সাদ্দ-৯১৭-৮০৭-৪৮৫১

পাত্র চাই

কাগুতাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যিক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com
Cell: 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যিক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260
Email: jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যিক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যিক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই। যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫”। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা. বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com



চট্টগ্রাম সমিতির বনভোজনে আনন্দ-উচ্ছ্বাস, মিলনমেলা

নিউইয়র্ক

জলি আহমেদ

নিউইয়র্কে প্রবাসী চট্টগ্রামবাসীর অন্যতম সংগঠন 'চিটাগং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকা'র বনভোজন অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৭ আগস্ট) কুইন্সের ফ্ল্যাশিং মোডোজ করোনা পার্কের ছায়াখেরা মনোরম পরিবেশে এই আয়োজন হয়। উচ্ছ্বাস ও আনন্দঘন পরিবেশে দুই হাজারেরও বেশি প্রবাসী এতে অংশ নেন। বিশেষ করে চট্টগ্রামের প্রবাসীদের অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। বনভোজনটি এক মিলনমেলায় পরিণত হয়।

অনুষ্ঠানে ছিল সাংস্কৃতিক পরিবেশনা, খেলাধুলা ও রংফেল ড্র। চট্টগ্রাম সমিতির সভাপতি মাকসুদুল হক চৌধুরী বলেন, “এই বনভোজন চট্টগ্রামবাসীর এক মিলনমেলা। আমরা চেষ্টা করেছি যতটা সম্ভব সুন্দরভাবে আয়োজন করতে। সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই। আমরা চাই ঐক্যবদ্ধভাবে সংগঠনকে এগিয়ে নিতে। নেতৃত্বের প্রতিযোগিতা

থাকবে, কিন্তু প্রতিহিংসা থাকবে না। চট্টগ্রামের মানুষ শান্তি চায়, তারা একসঙ্গে ঐক্যবদ্ধ থাকতে চায়।”

ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ এম. বিল্লা উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, “আমরা সুন্দর পরিবেশে বনভোজন আয়োজন করেছি। কোনো ভুলত্রুটি থাকলে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।”

অ্যাটর্নি মইন চৌধুরী বলেন, “আমেরিকায় আসার পর থেকেই চট্টগ্রামবাসীর সঙ্গে সম্পর্ক রয়েছে। আজকের আয়োজন ছিল দারুণ। ঐক্যের কোনো বিকল্প নেই, সবাইকে একে অপরের পাশে দাঁড়াতে হবে।”*

অর্গানাইজিং সেক্রেটারি মো. ফরহাদ এবং কমিটির সমাজকল্যাণ সম্পাদক আখতারুল আজমও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, “আমরা সবাইকে নিয়ে আনন্দ উপভোগ করতে পেরেছি, এটাই বড় প্রাপ্তি।”

বনভোজন উদ্বোধন কমিটির মধ্যে ছিলেন আহ্বায়ক মো. এম. বিল্লাল, প্রধান সমন্বয়কারী শিমুল বড়ুয়া, সদস্যসচিব আকতার উল আজম, যুগ্ম আহ্বায়ক আলী আকবর বাব্বী, মো. আইয়ুব

আনছারী, সুমন উদ্দিন, সমন্বয়কারী মো. ফরহাদ, নুরুস সোফা, শওকত আলী, যুগ্ম সদস্যসচিব হারুন মিয়া ও মোহাম্মদ শাহ আলম।

প্রধান অতিথি ছিলেন আশা গ্রুপের চেয়ারম্যান ও সিইও ইঞ্জিনিয়ার আকাশ রহমান। সম্মানিত অতিথি ছিলেন অ্যাটর্নি মইন চৌধুরী। গ্র্যান্ড স্পন্সর ছিল আশা গ্রুপ, প্লাটিনাম স্পন্সর অ্যাটর্নি মইন চৌধুরী, সিলভার স্পন্সর ইকবাল হায়দার। এছাড়া বারী গ্রুপ, জাহিদ মিন্টু, কালুস্টাঙ্গ, স্টাইলার শিপিং, শেখ ফরহাদ, নুরুল আজিম, আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন, শাবানাহ ট্রেডিং, হোম সেন্ট্রাল, ব্যবসায়ী আলমগীর হোসেন, সমাজসেবক মো. হাশেম, মোহাম্মদ শাহাবুদ্দিন, এক্সিট রিয়েলটি প্রাইম, ফারুকুল ল ফার্ম, মো. ফাহিম জান, রাধুনী সুইটস অ্যান্ড রেস্টুরেন্ট, ম্যাস মিউচুয়াল, ব্লু গ্রিন, নুরুজ্জামান সরদার, এমএইচ মেডিক্যাল সার্ভিস, খোকন কে. চৌধুরী, স্ট্যান্ডার্ড এক্সপ্রেস, সাধন কর, গ্রিন হাউস, জনতা ফার্মেসি, দেশ বাংলা ফার্মেসি, এভারগ্রিন ফার্মেসি, এশিয়ান ফার্মেসি, রবিউল চৌধুরী, সূচনা সুপার মার্কেট ও ম্যাক্স লাক্সারি স্পন্সর করেন।

হ্যামট্রামিক সিটি কাউন্সিল
সিটি ম্যানেজার
বরখাস্ত, পুলিশ প্রধান
ও কর্মকর্তার বিরুদ্ধে
পদক্ষেপের নির্দেশ

ডেঙ্ক রিপোর্ট

মিশিগানের হ্যামট্রামিক সিটি কাউন্সিল দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। ২৬ আগস্ট রাতে অনুষ্ঠিত এক সভায় সিটি ম্যানেজার ম্যাক্স গারবারিনোকে বরখাস্ত করা হয়। একইসঙ্গে পুলিশ প্রধান জামিয়েল আলতাহেরি এবং অফিসার ডেভিড অ্যাডামজিকের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার ঘোষণা আসে।

ডেট্রয়েট ফ্রি প্রেস জানায়, ডেট্রয়েটভিত্তিক একটি আইন সংস্থা মিলার জনসনের ৫৯ পৃষ্ঠার প্রতিবেদনের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়। প্রতিবেদনে আলতাহেরির বিরুদ্ধে একাধিক অভিযোগ আনা হয়, যার মধ্যে মাতাল অবস্থায় অফিসারদের সঙ্গে একটি স্ট্রিপ ক্লাবে যাওয়ার জন্য গাড়ি চালানো অন্যতম। এছাড়া ওভারটাইম অপব্যবহারের মতো নানা অনিয়মের বিষয়ও উঠে আসে।

প্রতিবেদন অনুযায়ী, সিটি ম্যানেজার গারবারিনো এসব ঘটনার যথাসময়ে কোনো সংশোধনমূলক পদক্ষেপ নেননি। ফলে মঙ্গলবার রাতের বেঠিকে সর্বসম্মত (৫-০) ভোটে তাকে বরখাস্তের সিদ্ধান্ত নেয় কাউন্সিল।

সভা শেষে সিটি অ্যাটর্নি ওডে মেরুয়েহ বলেন, “উপস্থাপিত প্রমাণ এবং প্রতিবেদনের সিদ্ধান্তের ভিত্তিতে আমাদের পুলিশ প্রধান জামিয়েল আলতাহেরিকে বরখাস্ত করা ছাড়া কোনো উপায় নেই। একইভাবে অফিসার অ্যাডামজিকের বিরুদ্ধেও পদক্ষেপ নেওয়া হবে।”

তবে মেয়র আমির গালিব পরিষ্কার করেছেন, সিটি চার্টার অনুযায়ী কাউন্সিলের সরাসরি পুলিশ প্রধান বা অফিসারকে বরখাস্ত করার ক্ষমতা নেই। এই ক্ষমতা কেবল সিটি ম্যানেজারের হাতে। তাই কাউন্সিল ভারপ্রাপ্ত সিটি ম্যানেজারকে যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে।

এদিকে বরখাস্তের সিদ্ধান্তকে ‘অন্যায়’ উল্লেখ করে এক বিবৃতিতে আলতাহেরি বলেছেন, “এটি কেবল আমার প্রতিই অন্যায় নয়, বরং আমাদের শহরের জন্যও ক্ষতিকর।”

নিউইয়র্কে তথ্য উপদেষ্টা
মাহফুজ আলমকে
হেনস্তার চেষ্টা

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে বাংলা-
দেশ কনসুলেট
অফিসে ঢোকার
সময় আওয়ামী
লীগের কর্মী-
সমর্থকেরা তথ্য ও



মাহফুজ আলম

সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলমকে হেনস্তার চেষ্টা করেছেন। নিউইয়র্কে স্থানীয় সময় রোববার সন্ধ্যায় এ ঘটনা ঘটে।

জুলাই গণঅভ্যুত্থানের বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশ কনসুলেট অফিস রোববার এক অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন তথ্য উপদেষ্টা।

মাহফুজ আলম ঢোকার সময় কনসুলেট অফিসের সামনে আওয়ামী লীগের পতাকা হাতে, ‘জয় বাংলা’, ‘জয় বঙ্গবন্ধু’ স্লোগান দিয়ে কর্মী ও সমর্থক বিক্ষোভ করেন। তারা মাহফুজ আলমকে উদ্দেশ্য করে ডিম ছোড়েন। তারা মাহফুজ আলমের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেন। কনসুলেট ভবনের কাচের দরজা ভেঙে ফেলেন।

ওয়াশিংটন ডিসি থেকে ওই অনুষ্ঠানে আসা বাংলাদেশ দূতবাসের প্রেস মিনিষ্টার গোলাম মোর্তোজা বিশেষ অতিথির বক্তব্য বলেন, একটা দেশে রাজতন্ত্র চলছিল, সে দেশের রাজা ছিলেন, রাজার বোন ছিলেন, রাজার ছেলে-মেয়েরা রাজপুত্র ছিলেন। পুরো দেশটা তাদের ছিল, আপনারা ছাত্র জননেতারা রক্ত দিয়ে সেই রাজার পতন ঘটালেন, দেশ থেকে বিতাড়িত করলেন, এখন সে একটা ডিম নিক্ষেপ করবে, সে একটা কটকটি করবে, মাহফুজ আলমের পতন চাইবে এটাই তো স্বাভাবিক।

প্রধান অতিথির বক্তব্যে তথ্য উপদেষ্টা জুলাই আন্দোলনে প্রবাসীদের অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, জুলাই সনদে প্রবাসীদের অবদান আমরা প্রতিই অন্যায় নয়, বরং আমাদের শহরের জন্যও ক্ষতিকর।”



ভবিষ্যতে যারাই ক্ষমতায় আসুক তারা জুলাই চেতনাকে ধারণ করে দেশ পরিচালনা করবেন। দুর্নীতিমুক্ত, জবাবদিহিমূলক হবে রাষ্ট্র। নিজের রাজনৈতিক চেতনার চেয়েও দেশকে প্রাধান্য দিতে হবে। সবার উর্ধ্বে দেশকে এবং দেশের জনগণকে যেন আমরা রাখি।

বক্তব্যের পর উপদেষ্টা মাহফুজ আলম উন্মুক্ত প্রশ্ন আহ্বান করেন। বাংলাদেশে ভারতীয় টেলিভিশন অথবা গণমাধ্যম বন্ধ করে দেওয়ার আহ্বানের প্রেক্ষিতে তিনি বলেন, আমি কোনো কিছু বন্ধ করে দেওয়ার পক্ষে নই। আমি সব সময় বিকল্প ভালোর কথা বলে এসেছি। আমি আওয়ামী লীগের কোনো কিছুও বন্ধ করে দেওয়ার পক্ষে নই।

জুলাই গণঅভ্যুত্থানের বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশ কনসুলেট অফিসে বক্তব্য দিচ্ছেন তথ্য উপদেষ্টা মাহফুজ আলম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন নিউইয়র্কের কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক। তিনি প্রশ্ন-উত্তর পর্বেরও সমন্বয় করেন। রাত দশটায় প্রমোত্তর পর্ব নিয়ে কিছুটা হটগোল হয়।

সরেজমিনে দেখা গেছে, অনুষ্ঠান চলাকালে মাহফুজ আলম কখন বের হবেন সে জন্য একদল ব্যক্তি বাইরে অপেক্ষা করেন। আওয়ামী লীগ নেতা কর্মীদের অবস্থান জেনে কনসুলেট অফিস পুলিশ ডাকে। স্থানীয় সময় রাত ১২টার পরে নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (এনওয়াইপিডি) পাহারায় উপদেষ্টা মাহফুজ আলম কনসুলেট অফিস থেকে বের হয়ে যান।



LIBERTY BROKERAGE

GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)

Our Services

-  **TLC Insurance**
-  **DMV & TLC Service**
-  **TLC Car & Plate Rent**
-  **Auto, Home & Business Ins.**
-  **TLC Base (Black & Green Cab)**



ARIF SHAHRIAR
PRESIDENT & CEO

NYC Office:

41-05 69th Street
Woodside, NY 11377

Buffalo Office:

170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211

Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com



ট্রাম্প রাতে ডিসি'র সড়কে পুলিশের সঙ্গে টহল দেবেন

বিশেষ প্রতিনিধি

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রাতের আঁধারে ওয়াশিংটন ডিসির সড়ক-গুলোতে পুলিশের এবং ন্যাশনাল গার্ড সদস্যদের সঙ্গে মিলিত হয়ে টহল দেবেন বলে ঘোষণা করেছেন। ২১ আগস্ট বৃহস্পতিবার তিনি “দ্য টড স্টার্নস শো”-এ বলেছেন “আমি আজ রাতে বাইরে যাচ্ছি — এটিকে গোপন রাখব,” রেডিও হোস্ট টড স্টার্নসকে ট্রাম্প জানান। তিনি আরও বলেন, “আমি পুলিশের এবং সেনাবাহিনীর সঙ্গে যাচ্ছি। ন্যাশনাল গার্ড দারুণ কাজ করেছে।”

এই পদক্ষেপ আসে এমন সময়ে, যখন ট্রাম্প প্রশাসন ডিসি পুলিশের ওপর ফেডারেল কর্তৃপক্ষ জোরদার করার চেষ্টা চালাচ্ছে। এই মাসের শুরুতে, বিতর্কিত ফেডারেল নিয়ন্ত্রণের পর রাজধানীতে ফেডারেল এজেন্ট এবং ন্যাশনাল গার্ড মোতায়েন করা হয়। যদিও একজন বিচারক ট্রাম্পকে নিজের স্টাফ স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থায় বসানোর ক্ষমতা সীমিত করেছেন, তবুও ফেডারেল উপস্থিতি এখনও ব্যাপক।

হোয়াইট হাউসের ডেপুটি প্রেস সেক্রেটারি হ্যারিসন ফিল্ডস সংবাদমাধ্যমকে জানান, প্রেসিডেন্টের এই পদক্ষেপ “বড় খবর” এবং নিরাপত্তা টিম পুরো কার্যক্রমের দিকনির্দেশনা দেবে। তিনি বলেন, “আরও বিস্তারিত তথ্য শিগগিরই জানানো হবে। প্রেসিডেন্টের যেকোনো চলাচলে নিরাপত্তার দিকটি সর্বোচ্চ গুরুত্ব পায়।”

ফিল্ডস আরও উল্লেখ করেন, ভাইস প্রেসিডেন্ট জে.ডি. ভ্যান্সের বুধবার ইউনিয়ন স্টেশনে সফর ট্রাম্পের ফেডারেল নিয়ন্ত্রণের ফলে ডিসির নিরাপত্তার উন্নতি নির্দেশ করে। তিনি বলেন, এর আগে কোনো ভাইস প্রেসিডেন্ট “সেখানে যাওয়ার সাহসই পেতেন না।”

এখন দেখার বিষয়, ট্রাম্পের এই নিশ্চিত পদক্ষেপ ডিসি এবং মার্কিন রাজনীতিতে কী প্রভাব ফেলে।



নায়াত্রা ফলস থেকে ফেরার পথে ট্রার বাসে দুর্ঘটনায় নিহত ৫

রহমান মাহবুব

নিউইয়র্ক শুরুর নায়াত্রা ফলস থেকে নিউইয়র্ক সিটিতে ফেরার পথে একটি ট্রার বাস দুর্ঘটনার কবলে পড়ে। পুলিশ জানিয়েছে, বাসটি আই-৯০ হাইওয়েতে পেমব্রোকের কাছে নিয়ন্ত্রণ হারিয়ে পাশের খাঁড়িতে পড়ে গেলে কমপক্ষে পাঁচজন নিহত এবং ডজনখানেক যাত্রী আহত হন। ২২ আগস্ট শুক্রবার এ মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে।

নিউইয়র্ক স্টেট পুলিশ ট্রুপার জেমস ও'কলাহান জানিয়েছেন, বাসটি পূর্বমুখী চলছিলো, যখন “ড্রাইভার নিয়ন্ত্রণ হারায় এবং শেষে ডিটচে পড়ে যায়।” দুর্ঘটনার পর বাসটি উল্টে যাওয়ায় অনেক যাত্রী বাইরে বেরিয়ে গেছে বা বাসের ভেতরে ছিটকে গেছে। ট্রুপ টি কমান্ডার মেজর আলেক্সে রে জানিয়েছেন, “বাসের ভেতরে পাঁচজন প্রাপ্তবয়স্ক মৃত অবস্থায় পাওয়া গেছে।”

প্রায় সবাই আহত হয়েছে; তুকে কেটে যাওয়া, চোট, ফাটা, এবং অন্যান্য ক্ষতসহ বিভিন্ন আঘাতের শিকার হয়েছে। দুর্ঘটনার সঠিক কারণ এখনও তদন্তাধীন।

তবে পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে, “ড্রাইভার মনোযোগ হারিয়েছিলেন, নিয়ন্ত্রণ হারিয়েছিলেন, অতিরিক্ত সংশোধন করেছিলেন এবং বাস ডান দিকের সড়কে চলে গিয়েছিল।” যাত্রিক ত্রুটি বা ড্রাইভারের মদ্যপান বা নেশা এই দুর্ঘটনার কারণ নয় বলে জানিয়েছেন কর্তৃপক্ষ।

প্রাথমিকভাবে ধারণা করা হয়েছিল

যে একটি শিশু নিহত হয়েছেন, তবে পরে তা ভুয়া প্রমাণিত হয়েছে। দুর্ঘটনায় অন্য কোনো গাড়ির জড়িত থাকার খবরও পরে বাতিল হয়। বাসটিতে ৫৪ জন যাত্রী ছিলেন, যার মধ্যে দুইজন বাস কোম্পানির কর্মী। যাত্রীদের বয়স ছিল ১ থেকে ৭৪ বছরের মধ্যে। বেশিরভাগ যাত্রী ভারতীয়, চীনা বা ফিলিপিনো। বাসটি এম আই ট্রার নামের স্ট্যাটেন আইল্যান্ডভিত্তিক কোম্পানি পরিচালনা করছিল। ড্রাইভার জীবিত রয়েছেন এবং পুলিশকে সহায়তা করছেন।

দুর্ঘটনার পর তৎক্ষণাৎ জরুরি পরিষেবা মোতায়েন করা হয়। হাসপাতালে চিকিৎসার জন্য প্রায় ২৪ জনকে এরি কাউন্টি মেডিকেল সেন্টারে নিয়ে যাওয়া হয়। তাদের মধ্যে মাথার চোট, অঙ্গপ্রত্যঙ্গের ভাঙা এবং অন্যান্য আঘাত রয়েছে। কালেইডা হেলথ হাসপাতাল গ্রুপ ২০ জন আহতকে নিয়ে এসেছে, যার মধ্যে পাঁচজন শিশু রয়েছে। একজন শিশুর অবস্থা এখনও গুরুতর। ইউনিভার্সিটি অফ রচেস্টার মেডিকেল সেন্টারে দুইজন গুরুতর আহত রোগীকে ভর্তি করা হয়েছে।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল দুর্ঘটনার খবর পেয়ে জানিয়েছেন, তিনি পুরো ঘটনায় আপডেট রয়েছেন এবং তার টিম পুলিশ ও স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করছে, যাতে আহতদের উদ্ধার ও সহায়তা প্রদান করা যায়।

দুর্ঘটনার ফলে পেমব্রোকের আই-৯০-এর সমস্ত লেন বন্ধ ছিল। পরবর্তীতে পশ্চিমমুখী লেন পুনরায় খোলা হয়েছে।

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

Save Yourself This Tax Season

Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)

ADMITTED TO PRACTICE BEFORE THE IRS

ENROLLED AGENT

Authorized e-file PROVIDER

Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com

প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে
আমরা যত্নবান ও আন্তরিক।

Tax Immigration Real Estate

Income Tax and Accounting Services For:
Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.

Sales and Payroll Tax Business Licenses and Setup FBAR and FATCA Filing
Notary Public Immigration Form Fill-Up Services
Credit Repair, Real State and much more...

Member of

NYSSEA
New York State Society of Enrolled Agents

naea
National Association of Enrolled Agents

184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার

আপনার আত্মীয়
স্বজন, আপনজন
ও অন্যান্যদের
সেবা দিয়ে অর্থ
উপার্জন করুন

এতে কোন
প্রশিক্ষণের
প্রয়োজন নেই।
এবং আমরা কোন
ফি চার্জ করি না।

বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেয়ে
পাবার জন্য আজই কল করুন

Mamun Ur Rashid
President
917-476-8914

PROHEALTH HOMECARE
(Ordinary People, Extra Ordinary Care)

375 McDonald Ave, Brooklyn, NY 11218
Tel: 718-633-1112, Fax : 718-633-1117



গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরাম অব নিউ জার্সির বার্ষিক বনভোজন অনুষ্ঠিত

নিউ জার্সি প্রতিনিধি

প্রবাসে থেকেও শেকড়ের টানে এক হওয়ার অনন্য উদাহরণ সৃষ্টি করল গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরাম অব নিউ জার্সি। রোববার (২৪ আগস্ট) প্রসপেক্ট পার্কে সংগঠনটির উদ্যোগে আয়োজিত বার্ষিক বনভোজন এক উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। সকাল থেকেই প্রবাসী বাংলাদেশিদের পদচারণায় মুখর হয়ে ওঠে পার্ক এলাকা। পরিবারের সদস্য, বন্ধু-বান্ধব ও পরিচিতজনদের অংশগ্রহণে বনভোজনটি রূপ নেয় এক প্রাণবন্ত মিলনমেলায়।

যদিও একই দিনে প্যাটার্সনে একাধিক সংগঠনের পিকনিক, সামাজিক অনুষ্ঠান ও দোয়া মাহফিল ছিল, তবুও বিপুল মানুষের সমাগম প্রমাণ করে—প্রবাসী কমিউনিটিতে গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরামের প্রতি রয়েছে গভীর ভালোবাসা ও আস্থা।

দিনব্যাপী আয়োজনে ছিল নানা আকর্ষণীয় কার্যক্রম। প্রথম পুরস্কার হিসেবে একটি গাড়ি ছাড়াও ছিল বিভিন্ন উপহার, যা অংশগ্রহণকারীদের মধ্যে আনন্দ ছড়িয়ে দেয়। খাবারের টেবিলে ছিল প্রবাসীদের প্রিয় ঐতিহ্যবাহী আয়োজন। শিশুদের খেলাধুলা, সাংস্কৃতিক পরিবেশনা, গান ও আড্ডা যেন প্রবাস জীবনে ফিরিয়ে আনে বাংলাদেশের আবহ।

গোলাপগঞ্জ নাম শুনলেই প্রবাসীদের মনে ভেসে ওঠে শেকড়ের টান। সিলেটের এই উপজেলা শুধু ইতিহাসেই সমৃদ্ধ নয়, প্রকৃতির সৌন্দর্যেও অনন্য। হাওর, টিলা, তেল, গ্যাস, সবুজ মাঠ, পাহাড় আর নদীবেষ্টিত গোলাপগঞ্জ বাংলাদেশের পশ্চিম মানচিত্রে বিশেষ স্থান দখল করে আছে। এখানকার প্রাচীন শিক্ষাপ্রতিষ্ঠান, আদি পীর-আউলিয়ার দরগাহ ও মুক্তিমুন্দের স্মৃতিবিজড়িত স্থানগুলো ইতিহাস ও ঐতিহ্যের সাক্ষ্য বহন করে। সেই স্মৃতি নিয়েই প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মকে শেকড়ের

নিউইয়র্কে ব্যক্তিগত

শেষ পৃষ্ঠার পর

সাথে কোন প্রকার শত্রুতা নেই বলে স্পষ্ট করলেন শাহনেওয়াজ। তিনি বলেন, আসেফ আমার বন্ধুর চাইতেও বেশি। তাকে আমি পরিচয় দিই ভাই হিসেবে। তার সাথে কখনোই আমার দুকথা হয়নি।

জনৈক কমিউনিটি নেতা ঘটনাটিকে স্বস্থিদায়ক নয় বলে মন্তব্য করেছেন। তিনি বলেন, নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটিতে সম্প্রতি যা ঘটেছে তা বিব্রতকর। তাদের মধ্যে অনেকদিন যাবৎ বিদ্বেষপূর্ণ সম্পর্ক বিরাজ করছিল।

সঙ্গে যুক্ত রাখতে এমন আয়োজনকে গুরুত্বপূর্ণ মনে করছেন আয়োজকেরা। সংগঠনের নেতাদের মতে, বনভোজন শুধু বিনোদনের আয়োজন নয়; বরং প্রবাসে থেকেও ঐক্যবদ্ধ হওয়ার, একে অপরের পাশে দাঁড়ানোর এবং কমিউনিটির শক্তি প্রদর্শনের এক প্রতীকী উদ্যোগ। তারা আশা প্রকাশ করেন, গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরামের এই ইতিবাচক ধারা ভবিষ্যতেও বজায় থাকবে এবং প্রবাসী সমাজকে আরও শক্তিশালী ও ঐক্যবদ্ধ করবে।

নিউইয়র্কে ব্যক্তিগত

সচেতন মহলের দাবি, ঘটনাটি নিয়ে পক্ষপাতহীন তদন্ত প্রয়োজন। তাঁদের মতে, হোটেলের সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করলেই প্রকৃত ঘটনা পরিষ্কার হবে।

উল্লেখ্য, গত ২৪ আগস্ট রাত ১১টার দিকে বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তাদের এক অনুষ্ঠানের সময় লাগোয়াডিয়া মেরিয়ট হোটেলের সামনে অনৈক্য রাজ, জাহেদ আলম ও আজিজুল হকের উপর হামলার অভিযোগে আটক হন সাংবাদিক ছাবেদ সাথি। পরদিন সোমবার বিকেলে জামিনে মুক্তি লাভ করেন এ সাংবাদিক।

বলেন, “সুইফটের প্রেমজীবন একধরনের শিল্পে পরিণত হয়েছে। তিনি জানেন কীভাবে সম্পর্কের গন্ধকে নিজের ক্যারিয়ারের আলোচনায় পরিণত করতে হয়।”

ভক্তদের মতে, কেলসি এমন একজন, যিনি টেলরের জনপ্রিয়তায় ভীত নন, বরং গর্ববোধ করেন। দীর্ঘ সময় ধরে একে অপরকে নিয়ে খোলামেলা সাক্ষাৎকার দেওয়ার পর থেকেই ভক্তরা তাঁদের মধ্যে বিশেষ রসায়ন দেখতে পেয়েছেন। একজন ভক্তের ভাষায়— “আমরা অনেক বয়স্ফ্রেন্ড দেখেছি। কিন্তু কেলসি এমন একজন, যিনি টেলরকে সত্যিই ভালোবাসেন এবং তাঁর সাফল্যকে সম্মানের চোখে দেখেন।”

টেলর সুইফট ও ট্রাভিস কেলসির এই

বাগদান শুধু তাঁদের ব্যক্তিগত জীবনের নতুন অধ্যায় নয়, বরং বিশ্বজুড়ে কোটি ভক্তের জন্য আনন্দঘন মুহূর্ত। সামাজিক মাধ্যমের বাড় থেকে শুরু করে সংবাদমাধ্যমের বিশেষ কাভারেজ— সবই প্রমাণ করে, সুইফটের জীবনের প্রতিটি ধাপ ভক্তদের কাছে এক বিশাল ঘটনা।

অভিজ্ঞতা শেয়ার করেন। অন্যদিকে মেরি জোবাইদা নিউইয়র্কে স্টেট অ্যাসেম্বলি নির্বাচনে প্রার্থী হওয়ার কথা জানান এবং সকলের সমর্থন চান।

সমাজসেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য শিল্পী সেলিম চৌধুরী, এম শফিকুর রহমান এবং তফাজ্জল করিম-কে সম্মাননা স্মারক প্রদান করা হয়। সম্মাননা তুলে দেন ড. জিয়াউদ্দিন আহমেদ ও রফিক উদ্দিন চৌধুরী রানা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট মুক্তিযোদ্ধা বাবরুল হোসেন বাবুল, অধ্যাপিকা রানা চৌধুরী, ধরা’র সমন্বয়ক সেলিনা উদ্দিন, প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী, টাইম টিভির সিইও আবু তাহের, সাংবাদিক রহমান মাহবুব, আবু সাঈদ, রাশিদা আখতার, মোস্তাক আহমেদ, বেদারুল ইসলাম বাবলা, ডাঃ ফাতেমা আহমেদ, কন্সোল আহমেদ, আবু নোমান সাকিল, তছর চৌধুরী, নুরে আলম জিকু, আব্দুর রহিম বাদশাহ, জামিল চৌধুরী, নজরুল ইসলাম প্রমুখ।

শেষ পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন ফাতেমা শাহাব রুমা ও সাইফুর রহমান। নতুন প্রজন্মের শিল্পীদের পরিবেশিত সংগীত, কবিতা ও নৃত্য দর্শকদের মন জয় করে নেয়। বিশেষত সেলিম চৌধুরীর গানে সবাই যেন ফিরে যান দেশের মাটিতে।

আলোচনা, সম্মাননা, সংগীত, কবিতা ও নৃত্যের সমন্বয়ে আয়োজনটি হয়ে ওঠে স্মরণীয়। প্রবাসে থেকেও মানবিকতার আলো কীভাবে ছড়িয়ে দেওয়া যায়—এই অনুষ্ঠান যেন তারই উজ্জ্বল প্রমাণ।



লুইস-মার্টিনের বিরুদ্ধে ঘুষ ও প্রভাব

শেষ পৃষ্ঠার পর

বিনিময়ে নির্দিষ্ট ডেভেলপারদের পক্ষে চুক্তি অনুমোদনে প্রভাব খাটাতেন এবং প্রশাসনিক জটিলতা দূর করতে সহায়তা করতেন।

প্রসিকিউটররা জানান, তার দূনীতির ব্যাপ্তি বিষয়কর। অভিবাসী আশ্রয়কেন্দ্র স্থাপনের চুক্তি পছন্দের ডেভেলপারদের দিকে সরিয়ে দেওয়া, উন্নয়ন প্রকল্প দ্রুত অনুমোদন করা, এমনকি এক ডেভেলপারের কারাওকে বারের জন্য পারমিট আদায় করাও অভিযোগের অন্তর্ভুক্ত। নগদ অর্থ ও অন্যান্য সুবিধার বিনিময়ে তিনি শহরের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে

শেষ পৃষ্ঠার পর

ব্যবহার বাধ্যতামূলক হওয়ার পর থেকে ইদুরের উপদ্রব চোখে পড়ার মতো হারে কমছে। সোমবার (২৫ আগস্ট) কমিউনিটি অপ—এডে সিটি মেয়র এরিক অ্যাডামস বলেন, “৩১১—এ করা অভিযোগের তথ্য অনুযায়ী, গত আট মাসে ইদুর দেখার হার টানা কমেছে, যা গত বছরের তুলনায় ১৬ শতাংশ হ্রাস নির্দেশ করছে।”

শুধু ইদুর তাড়ানোই নয়, নিউইয়র্কবাসীরা প্রতি সপ্তাহে প্রায় ৫০ লাখ পাউন্ড খাদ্য ও বাগানের বর্জ্য কম্পোস্ট করছে বলেও জানান অ্যাডামস। এতে মূল্যবান জৈব উপাদানগুলো ল্যান্ডফিলে না গিয়ে কাজে লাগছে— যেমন বাগানের জন্য মাটি তৈরি।

তিনি আরও বলেন, “নিউইয়র্ক সিটির ১ হাজার ১০০ মাইলের বেশি হাইওয়ে রয়েছে। বহু দশক ধরে এসব হাইওয়ে পরিষ্কারের দায়িত্ব বিভিন্ন সংস্থার মধ্যে বিভক্ত ছিল এবং তা নিয়মিত সম্পন্ন হতো না। এজন্যই আমরা স্যানিটেশন

প্রভাব বিস্তার করেছিলেন।

এই মামলায় লুইস-মার্টিনের ছেলে গ্লেন মার্টিন, মেয়রের আরেক ঘনিষ্ঠ সহযোগী জেসি হ্যামিল্টন, ব্যবসায়ী তিয়ান জি লি, ডেভেলপার ইয়েচিয়েল ল্যাভাউ এবং ব্রডওয়ে স্টেজেস প্রযোজনা প্রতিষ্ঠানের সহ-মালিক জিনা ও অ্যান্থনি আর্জেন্টোর নাম রয়েছে। সবাই বৃহস্পতিবার আদালতে আত্মসমর্পণ করেন এবং জামিন ছাড়াই মুক্তি পান।

লুইস-মার্টিনের আইনজীবী আর্থার আইডালা অভিযোগগুলোকে গুরুত্বহীন বলে উল্লেখ করেছেন। তিনি বলেন, “তার একমাত্র কথিত অপরাধ ছিল শহরের জটিল প্রশাসনিক প্রক্রিয়ায় নাগরিকদের

মিন–স্ট্রিট থেকে ক্লিন স্ট্রিট

ডিপার্টমেন্টে ‘হাইওয়ে ইউনিট’ তৈরি করেছে। এখন পরিষ্কারের পূর্ণ দায়িত্ব এই ইউনিটের। ২০২৩ সালের এপ্রিল থেকে তারা সরিয়েছে প্রায় ১ কোটি ৫০ লাখ টন আবর্জনা—গাড়ির বাষ্পার থেকে শুরু করে প্লাস্টিক বোতল, ফাস্টফুডের র‍্যাপার সবই। এতে শুধু সৌন্দর্য নয়, নিরাপত্তাও বেড়েছে বহুগুণ।”

বড় ভবনের পর এবার ছোট ভবনেও আবর্জনা ব্যবস্থাপনায় পরিবর্তন এসেছে। অ্যাডামস বলেন, “জুন ২০২৬-এর সময়সীমার আগেই ১ থেকে ৯টি আবাসিক ইউনিটের ভবনের জন্যও আবর্জনার কনটেইনার ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। বড় ভবনে আগে থেকেই এ নিয়ম ছিল। তবে এখন ছোট ভবনগুলোর জন্য অনলাইনে ৮ লাখের বেশি সরকারি এনওয়াইসি বিন এবং হোম ডিপো থেকে আরও ৮০ হাজার বিন অর্ডার হয়েছে। এতে রাস্তা থেকে দুর্গন্ধযুক্ত কালাে ব্যাগ প্রায় উঠে যাচ্ছে, যা শহরের বড় সাফল্য।”

উত্তর আমেরিকায় প্রথমবারের মতো নিউইয়র্কে পরীক্ষামূলক চালু হয়েছে

সহায়তা করা। কোনো মুহূর্তেই তিনি ব্যক্তিগতভাবে সুবিধা নেননি। অথচ জেলা অ্যাটর্নি একজন নিবেদিতপ্রাণ সরকারি কর্মচারীকে অপরাধী হিসেবে উপস্থাপন করার চেষ্টা করছেন। এটি ন্যায়বিচারের পরিপন্থী এবং রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত আইন ব্যবহারের উদাহরণ।”

নিউইয়র্কের রাজনৈতিক ও প্রশাসনিক অঙ্গনে এই মামলা নতুন আলোচনার জন্ম দিয়েছে। যদিও মেয়র অ্যাডামসের বিরুদ্ধে সরাসরি কোনো অভিযোগ আনা হয়নি, তার ঘনিষ্ঠ সহযোগীদের বিরুদ্ধে এই মামলা তাঁর রাজনৈতিক অবস্থান ও পুনর্নির্বাচন প্রচারে প্রভাব ফেলতে পারে।

শেষ পৃষ্ঠার পর

বাজানো হয়েছে সুইফটের সাম্প্রতিক গান “So High School”— যেটি গুঞ্জন রয়েছে কেলসিকে নিয়েই লেখা। গানের একটি লাইন— “আমি যখনই তোমার দিকে তাকাই, মনে হয় আমি আবার স্কুলে ফিরে গেছি” — এই আবহে আরও আবেগময় করে তুলেছে। ভক্তরা বলছেন, এটি যেন সুইফটের সম্পর্কের এক পূর্ণাঙ্গ রূপকথা।

ইংরেজি সাহিত্য গবেষক ও টেলর সুপারফ্যান ড. আয়না মারফি বলেন, “এই গানটি ট্রাভিসকে ঘিরেই লেখা, আর সেটিই যখন বাগদানের ঘোষণায় ব্যবহৃত হলো— তখন এটি ভক্তদের জন্য এক ধরনের ‘পূর্ণচক্র’ মুহূর্ত।”

সুইফট ভক্তরা দীর্ঘদিন ধরে মজা করে তাঁদের “ইংরেজি শিক্ষক” আর “জিম শিক্ষক” বলে ডাকেন। তাই ইনস্টাগ্রামের ক্যাপশনেও এই শব্দ ব্যবহারকে ভক্তদের জন্য বিশেষ এক ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে।

প্রবাসীদের চ্যারিটি ডিনার, সম্মাননা ও

শেষ পৃষ্ঠার পর

এই কাজটিই করে আসছেন দীর্ঘদিন ধরে। তাদের স্বপ্ন—প্রবাসে থেকেও দেশের দুঃখ-দুর্দশা লাঘব করা, অসহায় মানুষের মুখে হাসি ফোটানো।জয়া পার্টি হলে যখন একে একে সম্মাননা প্রদান করা হচ্ছিল, প্রতিটি পুরস্কার হয়ে উঠছিল অদম্য নিষ্ঠা ও নিঃস্বার্থ ভালোবাসার প্রতীক। সাংস্কৃতিক পরিবেশনায় সংগীত, নৃত্য ও কবিতা উপস্থিত দর্শকদের মুগ্ধ করে। মুহূর্তের জন্য ভুলে যাওয়া গেলো প্রবাস জীবনের ক্লান্তি। সবাই যেন অনুভব করলেন—আমাদের হৃদয়ের তার ছিন্ন হলেও দেশমাতৃকার সঙ্গেই যুক্ত থাকে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব মিনহাজ আহমেদ। শুরুতেই মুক্তিযোদ্ধাদের সম্মান জানানো হয় এবং শহীদ যোদ্ধাদের স্মরণে নীরবতা পালন করা হয়। নি-ইউ-কো’র চেয়ারম্যান রফিক উদ্দিন চৌধুরী রানা স্বাগত বক্তব্যে সংগঠনের দাতাগণ ও সহযোগীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। নীরবে কাজ করা এ প্রবাসী নেতা বছরের পর বছর মানবিক কাজে নিজেকে যুক্ত রেখেছেন।

প্রধান অতিথি ছিলেন ড. জিয়াউদ্দিন আহমেদ, যিনি এলিস আইল্যান্ড পদকে ভূষিত একমাত্র বাংলাদেশি আমেরিকান। তিনি স্বেচ্ছাসেবী সংগঠনগুলোর প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন এবং মানবিক কাজে সক্রিয় হওয়ার জন্য সবাইকে আহ্বান জানান।

আমেরিকার বাইরে থেকে আগত প্রবাসী ব্যক্তিত্ব সাকী চৌধুরী, আব্দুল হামান এবং সমাজসেবী মনোয়ারা চৌধুরী বক্তব্য রাখেন। বিশেষভাবে উল্লেখযোগ্য

যে, মনোয়ারা চৌধুরী দীর্ঘদিন ধরে তার স্বামী রফিক উদ্দিন চৌধুরীর সকল মানবিক কর্মকাণ্ডে প্রেরণা হয়ে আছেন।

মধ্যে উঠে আসে মৌলভীবাজারের বড়লেখায় প্রবাসীদের সহায়তায় প্রতিষ্ঠিত শহীদ ডাঃ আব্দুন নূর ওয়েলনেস সেন্টার এর গল্প। এ সময় শামীম আহমেদ, সৈয়দ হক ও মুকুল হক প্রতিষ্ঠানটির কার্যক্রম তুলে ধরেন।

এঞ্জেল কেয়ার একাডেমী নিয়ে হৃদয়স্পর্শী বক্তব্য দেন ডাঃ মিতা চৌধুরী। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য এ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা এবং এর সঙ্গে তার আত্মিক জড়িয়ে পড়ার কথা তিনি আবেগঘনভাবে তুলে ধরেন।

শমশের নগর হাসপাতাল গঠনের পেছনের গল্প শোনান শিল্পী সেলিম চৌধুরী। প্রবাসীদের সহায়তায় কীভাবে হাসপাতাল গড়ে উঠছে, সে বিষয়ে তিনি কৃতজ্ঞতা জানান। সঙ্গে কবি ও লেখক ইশতেহাক রুপু ও ফকু চৌধুরী তাদের অভিজ্ঞতা শেয়ার করেন।

ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন মৌলভীবাজার নিয়ে কথা বলেন প্রফেসর ডাঃ সুবেদু বিকাশ দাস। মুক্তিযোদ্ধা বাবাকে স্মরণ করে এ হাসপাতাল প্রতিষ্ঠার পেছনের প্রেরণা ও সংগ্রামের কথা তুলে ধরেন তিনি। মানবিক কাজে অন্যতম পৃষ্ঠপোষক ফার্মাসিউট লিয়াকত হোসেন এর উদ্ভাবিত ঔষধ রিভিফাই নিয়ে তথ্য উপস্থাপন করেন সৈয়দ আফসর হোসেন।

এছাড়া বক্তব্য দেন দুই নারী সমাজকর্মী নাগিসা আহমেদ ও মেরি জোবাইদা। নাগিসা আহমেদ চার দশক ধরে কমিউনিটি গঠনের



মিশিগানে দুই সাবেক শিক্ষার্থীকে সংবর্ধনা দিলো চবি অ্যালামনাই

পার্থ সারথী দেব, মিশিগান

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অব মিশিগানের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের দুই সাবেক শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়েছিল। রোববার (২৪ আগস্ট) মেডিসিন হাইটস শহরের সংগঠনের কার্যালয়ে এই সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

সংবর্ধিত দুই সাবেক শিক্ষার্থী হলেন অবসরপ্রাপ্ত অধ্যাপক ও বাংলা বিভাগের ১৭ তম ব্যাচের ড. মোতাক্কাবির মাসুদ ও ২০তম ব্যাচের রসায়ন বিভাগের মোহাম্মদ চৌধুরী টিপু।

সংগঠনের সহসভাপতি লুৎফুল বারী নিয়মের সভাপতিত্ব ও সাধারণ সম্পাদক লুৎফর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন অলিউর রহমান, অরবিন্দ চৌধুরী মৃদুল, লুৎফর রহমান, ইকবাল আহমেদ, জাবেদ চৌধুরী, মোহাম্মদ



২৪ আগস্ট মেডিসিন হাইটস শহরে এই সংবর্ধনা অনুষ্ঠিত হয়

আফতাব, আমিনুল হক ও মাইকেল মহসিন। অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষার্থীরা একে অপরের সঙ্গে মিলিত হয়ে বিশ্ববিদ্যালয়

জীবনের স্মৃতি রোমন্থন করেন। প্রবাস জীবনের ব্যস্ততার ফাঁকে এই আয়োজন পরিণত হয় এক মিলনমেলায়।

ফজলুর রহমানের পদ ও মাসের জন্য স্থগিত

ঢাকা ডেস্ক

দলের চেয়ারপারসনের উপদেষ্টা ফজলুর রহমানের পদ তিন মাসের জন্য স্থগিত করেছে বিএনপি। বিএনপির দপ্তরের একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। মঙ্গলবার (২৬ আগস্ট) পদ স্থগিতের বিষয়ে ফজলুর রহমানকে চিঠি দেওয়া হয়।

বিএনপি থেকে দেওয়া চিঠিতে বলা হয়, ‘গত ২৪ আগস্ট ২০২৫ স্নারকে আপনার (ফজলুর রহমান) নামে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। আপনি কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব না দিয়ে সময় বর্ধিত করার জন্য আবেদন করেন। আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে ২৫ আগস্ট ২০২৫ স্নারকে কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদানের জন্য পুনরায় ২৪ ঘণ্টার সময় বর্ধিত করা হয়।’

চিঠিতে আরও বলা হয়, আপনি ২৬ আগস্ট কারণ দর্শানোর নোটিশের যে জবাব দিয়েছেন, তা সন্তোষজনক নয়।

লেক ওয়ার্থ মুসলিম সেমেট্রিতে সমাহিত আরমান সোবহান

ফ্লোরিডা

বিশেষ প্রতিনিধি

বিপুল সংখ্যক মানুষ উপস্থিত ছিলেন ২২ আগস্ট, শুক্রবার বাদ জুম্মাহ লেক ওয়ার্থ মেমোরি গার্ডেনে অনুষ্ঠিত আরমান মুস্তাফা সোবহানের জানাজায়। জানাজার সময় পরিবার ও স্বজনরা অশ্রুসিক্ত চোখে প্রিয় আরমানকে শেষ বিদায় জানান। ফ্লোরিডার লেক ওয়ার্থ মুসলিম সেমেট্রিতে তাঁকে সমাহিত করা হয়েছে। ২৯ বছর বয়সী আরমান মুস্তাফা সোবহান সোমবার, ১৮ আগস্ট, নিউইয়র্কে হৃৎকাল করেন। তিনি জন্মগ্রহণ করেছিলেন শিকাগো, ইলিনয়স শহরে।

বিখ্যাত আকাসী পরিবারের সন্তান আরমানকে নিউইয়র্কের ম্যানহাটনের অ্যাপার্টমেন্টে মৃত অবস্থায় পাওয়া যায়। মরহুম মুস্তাফা জামান আকাসীরা দৌহিত্র



আরমান সোবহান

আরমানের মা, সামিরা আকাসী, বর্তমানে ফ্লোরিডার মায়ামিতে বসবাস করেন। শিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সামিরা আকাসী এবং ইঞ্জিনিয়ার খালেদ সোবহানের দুই সন্তানের একজন ছিলেন আরমান।

আরমান সোবহান ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী। মাত্র চৌদ্দ বছর বয়সে তিনি একটি বই প্রকাশ করেন। পরবর্তীতে উচ্চশিক্ষার জন্য ভর্তি হন কর্নেল বিশ্ববিদ্যালয়ে। তিনি মেডিকেল স্কুলে কৃতিত্বের সঙ্গে পড়াশোনা শেষ করেন এবং একাধিক গবেষণাপত্র প্রকাশ করেন। সম্প্রতি নিউইয়র্কের সেন্ট জোস রিভারসাইড হাসপাতালে ইন্টারনাল মেডিসিনে রেসিডেন্ট ফিজিশিয়ান হিসেবে যোগ দেন। চিকিৎসা পেশায় তিনি বিশেষভাবে কার্ডিওলজিতে দক্ষতা অর্জনের স্বপ্ন দেখতেন।

চিকিৎসাশাস্ত্রের বাইরে আরমান ছিলেন একজন দক্ষ সংগীতশিল্পী। পিয়ানো, বার্শি, স্যাক্সোফোন এবং বেহালা বাজাতেন অনবদ্য দক্ষতায়। বহুমাত্রিক প্রতিভার কারণে তিনি পরিবার, বন্ধুবান্ধব ও সহকর্মীদের কাছে অত্যন্ত প্রিয় ছিলেন।

আ.লীগকে ‘সন্ত্রাসী সংগঠন’ চিহ্নিত করতে যুক্তরাষ্ট্রের প্রতি এনসিপির আহ্বান

ঢাকা ডেস্ক

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট অফিসে অন্তর্ভুক্তি সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলাচেষ্টার নিন্দা জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কার্যক্রম নিষিদ্ধ হওয়া আওয়ামী লীগের পলাতক নেতা-কর্মীরা এ ঘটনা ঘটিয়েছেন দাবি করে দলটিকে ‘সন্ত্রাসী সংগঠন’ হিসেবে চিহ্নিত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নিতে যুক্তরাষ্ট্র সরকারের প্রতি আহ্বান জানিয়েছে এনসিপি। মঙ্গলবার এনসিপির যুগ্ম সদস্যসচিব (দপ্তর) সালেহ উদ্দিন সিফাতের সই করা এক বিজ্ঞপ্তিতে এ আহ্বান জানানো হয়।

যুক্তরাষ্ট্রের প্রতি আহ্বান জানিয়ে এনসিপির পক্ষ থেকে বলা হয়, ‘আওয়ামী লীগের সহিংস কার্যক্রমের প্রেক্ষিতে দলটিকে একটি “সন্ত্রাসী সংগঠন” হিসেবে চিহ্নিত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করুন।

জুলাই আন্দোলনে প্রবাসীরা অসীম সাহস যুগিয়েছেন

মাহফুজ আলম

নিজস্ব প্রতিবেদক



যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম বলেন, ‘আমেরিকায় প্রবাসী বাংলাদেশিরা জুলাই আন্দোলনে যে অবদান রেখেছেন তা স্মরণীয় হয়ে থাকবে। প্রবাসীরা জুলাইয়ে আমাদের সাথে ফ্যাসিষ্ট আওয়ামী লীগের বিরুদ্ধে আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন। বিশেষ করে সম্মিলিত বিশ্ববিদ্যালয়গুলোর বিবৃতি আমাদের সীমাহীন সাহস যুগিয়েছে। একই সাথে তিনি বিএনপি-জামায়াতসহ সব রাজনৈতিক দলের জুলাই আন্দোলনের কথা স্মরণ করেন। রোববার (২৪ আগস্ট) সন্ধ্যায়

নিউইয়র্ক কনস্যুলেটে এক মতবিনিময় সভায় তথ্য ও সম্প্রচার উপদেষ্টা এসব কথা বলেন। মতবিনিময় সভা শেষে জুলাই আন্দোলনে শহিদদের জন্য বিশেষ দোয়াও মোনাজাত করা হয়।

তথ্য উপদেষ্টা আরও বলেন, আমি কোনো রাজনৈতিক দলের অংশীজন নই। আমরা চাই ভবিষ্যতে যারাই ক্ষমতায় আসুক তারা জুলাই চেতনাকে ধারণ করে দেশ পরিচালনা করবেন। দুর্নীতিমুক্ত, জবাবদিহিমূলক হবে রাষ্ট্র। নিজের রাজনৈতিক চেতনার চেয়েও দেশকে প্রাধান্য দিতে হবে। সবার উর্ধ্বে দেশকে এবং দেশের জনগণকে যেন আমরা রাখি।

সভায় বাংলাদেশ অ্যাসোসিয়েশন প্রেস মিনিষ্টার গোলাম মোর্তুজা বলেন, দখলদার আওয়ামী লীগের বিরুদ্ধে প্রবাসীরা রেমিট্যান্স বন্ধ করে আন্দোলনকে সমর্থন দিয়েছেন। তেমন করে এখন রেমিট্যান্স পাঠিয়ে দেশের অর্থনীতিকে সুসংহত করছেন। আমরা প্রবাসীদের এই মহতী উদ্যোগকে স্বাগত জানাই।

জে.এম. আলম মান্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স

- পারসনাল ট্যাক্স
- বিজনেস ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স
- বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন

- ফ্যামিলি পিটিশন
- সিটিজেনশীপ আবেদন
- গ্রীণকার্ড নবায়ন
- সব ধরনের এফিডেভিট

আলম ট্রাভেল এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More

(646) 685-3785, (212) 810-0449

E: Alamttravels@gmail.com, WWW.Alamttravels.com

Immigrant Elder Home care LLC

Authorized Homecare Provider Department of Health, State of New York

নিউইয়র্ক স্টেটের হোম কেয়ার প্রোভাইডার লাইসেন্স/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনার ঘরে ঘরেই আপনার পিতা-মাতা, স্বতন্ত্র-স্বতন্ত্র, আত্মীয়-স্বজন বা প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

যে পরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372

Office: (718) 433-9283, Cell: (212) 810-0449

E: jmalamms@gmail.com (347) 891-7070

Jahangir M Alam

President & CEO

ভিজিট (B1B2), ষ্টুডেন্ট (F1), ট্রানজিট (C1) বা অন্য যে-কোন ভিসায় কিংস্বা বর্ডার (EWI) দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ

এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি

নিউ ইয়র্কে সম্পূর্ণ বিনাখরচে (ভিজিটরসহ অন্য যে-কোন আনডকুমেন্টেডদের) চিকিৎসা সুবিধে পেতে মেডিকেল ইন্সুরেন্স

E2

EB3

L1A

EB5

SIJS

VAWA

POLITICAL ASYLUM

আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে।

আমরা গ্রীনকার্ড এবং সিটিজেনশীপ এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতার পরও ২ বছরের ‘কন্ডিশনাল গ্রীনকার্ড’ থেকে ‘কন্ডিশন’ রিমোভ করে গ্রীনকার্ড পেতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে- নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।

এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ

ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি’তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।

আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।

আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -

গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে

Old Club Man Corporation

www.oldclubman.com

(212) 814-4068

16222 87th Road, JAMAICA, NY 11432


সম্পর্কে নতুন মোড় বনাম অমীমাংসিত ইস্যু

আজাদুর রহমান চন্দন

‘হাসিনা পরবর্তী বাংলাদেশ-পাকিস্তানের সম্পর্কের নতুন মোড়’ শিরোনামে একটি প্রতিবেদন একটি দৈনিকে প্রকাশিত হয় গত ১৭ জানুয়ারি। আল জাজিরা সূত্রের বরাত দিয়ে প্রতিবেদনটিতে বলা হয়, বাংলাদেশ ও পাকিস্তানের সম্পর্কের ইতিহাস দীর্ঘদিন ধরেই উত্তেজনাপূর্ণ। তবে সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনের কারণে দুই দেশের মধ্যে কূটনৈতিক ও সামরিক যোগাযোগ বাড়ছে। বিশেষ করে ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের পতনের পর, দুই দেশ নিজেদের ঐতিহাসিক শত্রুতা পেছনে রেখে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করছে। প্রতিবেদনে ওই মাসেই রাওয়ালপিন্ডিতে পাকিস্তানের সেনাপ্রধান জেনারেল আসিম মুনির এবং বাংলাদেশ সেনাবাহিনীর প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল এস এম কামরুল হাসানের মধ্যে বৈঠকের প্রসঙ্গ উল্লেখ করে বলা হয়, এ বৈঠকে দুই দেশের মধ্যে সামরিক সহযোগিতা জোরদার এবং পারস্পরিক সম্পর্কে বহিরাগত প্রভাব থেকে মুক্ত রাখার বিষয়ে আলোচনা হয়।

১৯৭১ সালে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাংলাদেশ পাকিস্তান থেকে স্বাধীনতা অর্জন করে। সেই সময় পাকিস্তানি সামরিক বাহিনী এবং এ দেশে তার অস্ত্রিালারি ফোর্স বা সহযোগী বাহিনীগুলো গণহত্যার পাশাপাশি মানবতাবিরোধী অপরাধ সংঘটিত করেছিল, যা দুই দেশের মধ্যে গভীর বিভেদ সৃষ্টি করে। মুক্তিযুদ্ধের পর থেকে পাকিস্তান ও বাংলাদেশের মধ্যে সম্পর্ক ছিল উত্তেজনাপূর্ণ। আল জাজিরার প্রতিবেদনে দাবি করা হয়, এই ঐতিহাসিক ক্ষত আরও গভীর হয়েছিল বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘ ১৬ বছরের শাসনকালে। কিন্তু ২০২৪ সালে গণবিক্ষোভের কারণে হাসিনার পদত্যাগ ও ভারতে চলে যাওয়ার পর থেকে দুই দেশের মধ্যে সম্পর্ক উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হচ্ছে। ভারতের সঙ্গে সম্পর্কের টানাপোড়েন এবং হাসিনা সরকারের প্রতি ভারতের দীর্ঘমেয়াদি সমর্থন দুই দেশের রাজনৈতিক গতিপথ পরিবর্তনে ভূমিকা রেখেছে। নতুন অন্তর্বর্তী সরকার ভারতের কাছ থেকে শেখ হাসিনাকে প্রত্যার্ণণ চেয়েছে। এই প্রেক্ষাপটে, পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের সাম্প্রতিক বন্ধুত্বের বৃদ্ধি একটি নতুন কূটনৈতিক বাস্তবতা তৈরি করছে। গত ডিসেম্বরে মিসরের রাজধানী কায়রোতে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সাক্ষাৎ করার বিষয়টি উল্লেখ করে প্রতিবেদনে বলা হয়, এর আগে তারা জাতিসংঘের সাধারণ পরিষদের বৈঠকে একত্রে আলোচনা করেছিলেন। বাংলাদেশ ও পাকিস্তানের সাম্প্রতিক উচ্চপর্যায়ের বৈঠকগুলো সম্পর্কের পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে।

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক বাড়ার সম্ভাবনার কথা তুলে ধরে আল জাজিরা। ২০২৪ সালে দুই দেশের মধ্যে বাণিজ্যের



পরিমাণ ছিল ৭০ কোটি মার্কিন ডলারের বেশি। বাংলাদেশ তার ক্রমবর্ধমান অর্থনীতির মাধ্যমে পাকিস্তানের জন্য একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার হয়ে উঠতে পারে বলে আল জাজিরার অভিমতা। ওই প্রতিবেদনে দুই দেশের যেসব উচ্চপর্যায়ের বৈঠককে সম্পর্ক পরিবর্তনের ইঙ্গিত হিসেবে বর্ণনা করা হয়, সে ধরনের বৈঠক-সফর চলমান। পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার গত শনিবার দুদিনের সফরে ঢাকায় আসেন। সফরের প্রথম দিনেই তিনি বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাদের সঙ্গে আলাদা বৈঠক করেন। এসব বৈঠকে তিনি রাজনৈতিক পরিসরসহ নানা ক্ষেত্রে দুই দেশের সম্পর্ক বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। পারস্পরিক শ্রদ্ধা ও স্বার্থের ভিত্তিতে এই সম্পর্ক জোরদার করার বিষয়ে তিনি পাকিস্তানের অঙ্গীকারও ব্যক্ত করেন। তবে দ্বিতীয় দিন হোটেল সোনারগাঁয়ে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে বৈঠকের পর তিনি অতি স্পর্শকাতর বিষয়ে মন্তব্য করেন। ইসহাক দার দাবি করে বলেন, একান্তরের গণহত্যার জন্য ক্ষমা চাওয়াসহ অমীমাংসিত তিন সমস্যার নাকি দ্বারার সমাধান হয়েছে। অমীমাংসিত ইস্যু নিয়ে তিনি বলতে চান, ১৯৭৪ সালে প্রথমবারের মতো বিষয়টির নিষ্পত্তি হয়েছে। আর ওই সময়ের জেনারেল পারভেজ মোশাররফ এখানে (বাংলাদেশে) এসে প্রকাশ্যে ও খোলামনে বিষয়টির সমাধান করেছেন। ফলে বিষয়টির দ্বার

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক বাড়ার সম্ভাবনার কথা তুলে ধরে আল জাজিরা। ২০২৪ সালে দুই দেশের মধ্যে বাণিজ্যের পরিমাণ ছিল ৭০ কোটি মার্কিন ডলারের বেশি। বাংলাদেশ তার ক্রমবর্ধমান অর্থনীতির মাধ্যমে পাকিস্তানের জন্য একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার হয়ে উঠতে পারে বলে আল জাজিরার অভিমত।

সমাধান হয়েছে। একবার ১৯৭৪ সালে, আরেকবার ২০০০ সালের শুরুতে।

ইসহাক দারের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে প্রশ্ন জাগে, বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে অমীমাংসিত ইস্যুগুলো আসলে কী? অমীমাংসিত ইস্যু তিনটি ধরা হলে প্রথমেই আসে একান্তরে সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের জন্য বাংলাদেশের জনগণের কাছে পাকিস্তানের ক্ষমা চাওয়ার প্রসঙ্গ। ইসহাক দার যেমনটি দাবি করেছেন, সে মতো পাকিস্তান কি আসলেই কখনো ক্ষমা চেয়েছে? হ্যাঁ, ১৯৭৪ সালে পাকিস্তানের পক্ষ থেকে বাংলাদেশের কাছে ‘ক্ষমা করো এবং ভুলে যাও’ আবেদন করা হয়েছিল বৈকি। তিন দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সই করা চুক্তিতে আবেদনটি ছিল

পাকিস্তানের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে। সেই আবেদনের পরিপ্রেক্ষিতেই গণহত্যা, মানবতার বিরুদ্ধে অপরাধ ও যুদ্ধাপরাধের অভিযোগে অভিযুক্ত ১৯৫ জন পাকিস্তানি সামরিক কর্মকর্তাকে পাকিস্তানের কাছে তুলে দেওয়া হয়েছিল। ওই চুক্তি করার আগে পাকিস্তানের তখনকার পররাষ্ট্রমন্ত্রী আজিজ আহমেদ সংবাদ সম্মেলন করে বলেছিলেন, ‘বাংলাদেশ যদি এদের ক্ষমা করে, তবে আমরা এই ১৯৫ জনের যাদের বিরুদ্ধে অভিযোগের প্রমাণ পাব, তাদের বিচার নিশ্চিত করব।’ কিন্তু সেই বিচার করার কোনো উদ্যোগ তো দূরের কথা, তেমন কোনো মনোভাবও পরে আর দেখায়নি ইসলামাবাদ।

এর বাইরেও চুক্তির আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শর্ত পাকিস্তান লঙ্ঘন করে। যেমন চুক্তিতে ছিল, বাংলাদেশে আটকে পড়া পাকিস্তানিদের ফিরিয়ে নেবে পাকিস্তান। কিন্তু এত বছরেও দেশটি এ বিষয়ে কোনো উদ্যোগ নেয়নি, ইচ্ছাও প্রকাশ করেনি। আইন মতে, কোনো পক্ষ চুক্তির শর্ত ভঙ্গ করলে তবে তা আপনা-আপনিই বাতিল হয়ে যায়। সংগত কারণেই বাংলাদেশের জাতীয় সংসদ চুক্তিটি কখনো অনুমোদন করেনি। পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের অমীমাংসিত ইস্যুর মধ্যে আরেকটি হলো দেশটির কাছে বাংলাদেশের প্রায় সাড়ে চার বিলিয়ন (৪৫০ কোটি) ডলার পাওনা। গত এপ্রিলে ঢাকায় পররাষ্ট্রসচিব পর্যায়ের বৈঠকেও অমীমাংসিত বিষয়গুলোর সমাধান করতে তাগিদ দেওয়া হয়েছিল পাকিস্তানকে। একান্তরে গণহত্যার জন্য আনুষ্ঠানিক ক্ষমা প্রার্থনা এবং প্রায় সাড়ে চার

বিলিয়ন ডলার পাওনা পরিশোধের বিষয়টি তখন আলোচনায় তোলা হয়েছিল। তখনকার পররাষ্ট্রসচিব জসীম উদ্দিন সেদিন বলেছিলেন, পাকিস্তানের সঙ্গে বিদ্যমান অমীমাংসিত বিষয়গুলো তিনি বৈঠকে তুলেছেন। যেমন আটকে পড়া পাকিস্তানিদের প্রত্যাবাসন, অবিভাজিত সম্পদে বাংলাদেশের ন্যায্য হিস্যা প্রদান, ১৯৭০ সালের ঘৃর্ণিবাদে ক্ষতিগ্রস্তদের জন্য প্রেরিত বিদেশি সাহায্যের অর্থ হস্তান্তর এবং ১৯৭১ সালে পাকিস্তানের তৎকালীন সশস্ত্র বাহিনী কর্তৃক সংঘটিত গণহত্যার জন্য আনুষ্ঠানিকভাবে ক্ষমা চাওয়া।

২০০০ সালে পাকিস্তানের তখনকার প্রেসিডেন্ট জেনারেল পারভেজ মোশাররফ বাংলাদেশে এসে প্রকাশ্যে ও খোলামনে ক্ষমা চাওয়ার বিষয়টি সমাধান করেছেন বলে যে দাবি ইসহাক দারের, সেটির কোনো সত্যতা নেই। প্রকৃতপক্ষে ২০০২ সালের ৩১ জুলাই পারভেজ মোশাররফ বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ পরিদর্শনের সময় দর্শনার্থী বইয়ে লিখেছিলেন, ‘১৯৭১ সালের ঘটনাগুলোর বেদনায় পাকিস্তানের আপনার ভাই ও বোনের সমব্যথী। সেই দুর্ভাগ্যজনক সময়ের বাড়াবাড়ির জন্য আমরা দুঃখিত।’ দুঃখ প্রকাশ আর ক্ষমা প্রার্থনা কি এক জিনিস! অর্ধ শতক পরও পাকিস্তান গণহত্যা ও ৩০ লাখ মানুষ হত্যার বিষয়টি স্বীকারই করেনি, রাষ্ট্রীয়ভাবে ক্ষমাও চায়নি।

পারভেজ মোশাররফ বাংলাদেশে এসে একান্তরের ‘বাড়াবাড়ির জন্য’ সাধারণভাবে ‘দুঃখপ্রকাশ’ করেছিলেন কেবল।

বাংলাদেশের ইতিহাসে ১৯৭১ সালের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ ও পাকিস্তানি বাহিনীর বর্বর গণহত্যা এখনো বেদনাদায়ক বাস্তবতা। সম্প্রতি দেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপি এই বাস্তবতা নিয়ে প্রকাশ্যে কথা বলছে। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে বলেও সম্প্রতি অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অন্যদিকে পাকিস্তানের সংবাদমাধ্যম এখনো বাংলাদেশকে ‘পূর্ব পাকিস্তান’ বানানোর স্বপ্নে বিভোর। পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ থেকে প্রকাশিত শীর্ষস্থানীয় ইংরেজি সংবাদপত্র দ্য ক্যাচলাইন ১৬ আগস্ট এক নিবন্ধে বলেছে, ৫৪ বছর পর হিসাব-নিকাশের সময় এসেছে। ‘পূর্ব পাকিস্তান’কে ফিরে আসতে হবে। এর চার দিনের মাথায় পত্রিকাটি আরেকটি নিবন্ধ প্রকাশ করে ‘পাকিস্তান অ্যান্ড বাংলাদেশ: ইমাজিনিং অ্যা লস্ট ইউনিয়ন’ শিরোনামে।

একটি কথা না বললেই নয়, অমীমাংসিত ইস্যুগুলোর সূর্যু সমাধান না করে পাকিস্তানের সঙ্গে সম্পর্কোন্নয়নের যেকোনো পদক্ষেপ হবে বাংলাদেশের জাতীয় চেতনাকে উপেক্ষা করার শামিল। পাকিস্তান যত দিন একান্তরের গণহত্যার দায় স্বীকার না করবে, তত দিন দেশটির সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ানোর উদ্যোগ মুক্তিযুদ্ধে শহীদদের আত্মত্যাগের প্রতি অবমাননারও শামিল।

লেখক : সাংবাদিক ও গবেষক

দক্ষিণ এশিয়ার ভূরাজনীতিতে বাংলাদেশ হতে পারে এক নবোদিত শক্তি

আজিজুল রমিজ

আধুনিক বিশ্বে শক্তির সংজ্ঞা বদলেছে। রাষ্ট্রশক্তি এখন আর শুধু সেনাবাহিনী বা পারমাণবিক অস্ত্রের ওপর নির্ভরশীল নয়। বরং ভৌগোলিক অবস্থান, প্রাকৃতিক সম্পদ, কৌশলগত করিডোর ও আন্তর্জাতিক বাণিজ্যপ্রবাহই একটি দেশের ভূরাজনৈতিক গুরুত্ব নির্ধারণ করে। এই প্রেক্ষাপটে দক্ষিণ এশিয়ার কেন্দ্রে অবস্থিত বাংলাদেশ হয়ে উঠতে পারে এক নতুন কৌশলগত শক্তি। একসময় যাকে অবহেলিত মনে করা হতো, সেই বাংলাদেশ এখন আন্তর্জাতিক আগ্রহের কেন্দ্রে চলে এসেছে।

বাংলাদেশের ভৌগোলিক অবস্থান স্বতন্ত্র। দক্ষিণে রয়েছে বঙ্গোপসাগর যা ভারত মহাসাগরের সঙ্গে এশিয়াকে যুক্ত করে। চীন, ভারত, মিয়ানমার, থাইল্যান্ড, শ্রীলঙ্কা, ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ার মতো দেশের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সামুদ্রিক বাণিজ্যপথ। বিশ্বের প্রায় ২০ শতাংশ সামুদ্রিক পণ্য পরিবহন হয় এই অঞ্চল দিয়ে। বঙ্গোপসাগরের তীরে অবস্থিত বাংলাদেশের সম্প্রসারিত সমুদ্রসীমা বিপুল সম্পদের সম্ভাবনা বহন করে। তাই করিডোর ও যোগাযোগ ইত্যাদি ইস্যুতে দক্ষিণ এশিয়া বা বিশ্ব রাজনীতির ছকে বাংলাদেশের অবস্থান ক্রমেই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

চট্টগ্রাম ও মোংলার পাশাপাশি পায়রা ও মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর দক্ষিণ এশিয়ার জন্য হতে পারে কৌশলগত হাব। এসব বন্দর উন্নত করে, আঞ্চলিক সংযোগ ও সহযোগিতা জোরদার করা গেলে বাংলাদেশ হয়ে উঠতে পারে সমুদ্রপথে দক্ষিণ এশিয়ার প্রবেশদ্বার। এর সুবিধা পাবে ভারত, নেপাল ও ভুটানসহ আশপাশের অনেক দেশ।

ভৌগোলিক শক্তির পাশাপাশি দেশের মাটির নিচে রয়েছে সম্ভাবনাময় খনিজ ভাণ্ডার, বিশেষ



করে রয়্যার আর্থ মেটালস। বৈদ্যুতিক গাড়ি, সৌরবিদ্যুৎ, স্মার্টফোন ও সামরিক প্রযুক্তির জন্য প্রয়োজনীয় এসব উপাদানের বড় একটি অংশ বর্তমানে চীনের নিয়ন্ত্রণে। ফলে বিকল্প উৎসের সন্ধানে পশ্চিমা দেশগুলোর নজর পড়েছে দক্ষিণ এশিয়ার দিকে। পার্বত্য চট্টগ্রাম, দিনাজপুর এবং বঙ্গোপসাগরের তলদেশে রয়্যার আর্থ উপাদানসহ গুরুত্বপূর্ণ খনিজের উপস্থিতির প্রমাণ মিলেছে। দিনাজপুরের হাকিমপুর ও রংপুর অঞ্চলে

ইউরেনিয়ামের সম্ভাবনাও ইতোমধ্যে চিহ্নিত হয়েছে। বৈশ্বিক নিরাপত্তা ও জ্বালানি ব্যবস্থায় এর গুরুত্ব অনেক। যদিও এখনও বাণিজ্যিক খনন শুরু হয়নি, সম্ভাবনার মানচিত্রে বাংলাদেশের অবস্থান ধীরে ধীরে স্পষ্ট হচ্ছে।

পর্যটন শিল্পেও রয়েছে ভূরাজনৈতিক সম্ভাবনা। কক্সবাজার, সুন্দরবন, কুয়াকাটা, মহেশখালী ও পার্বত্য চট্টগ্রাম শুধু প্রাকৃতিক সৌন্দর্যের নয়, অর্থনৈতিক ও কৌশলগত দিক

থেকেও গুরুত্বপূর্ণ। উপকূল ও পাহাড়কে ঘিরে ‘ব্লু ইকোনমি ট্যুরিজম করিডোর’ গড়ে তোলা গেলে বাংলাদেশ হয়ে উঠতে পারে দক্ষিণ এশিয়ার সফট পাওয়ার কেন্দ্র।

তবে এসব সম্ভাবনা বাস্তবায়নে দরকার রাজনৈতিক স্থিতিশীলতা ও দূরদর্শী নেতৃত্ব। দুর্নীতি বাংলাদেশের অন্যতম বড় বাধা, যা ভবিষ্যতের অগ্রযাত্রাকে ধমকে দিতে পারে। শুধু সম্পদ থাকলেই উন্নয়ন হয় না। পরিকল্পনা, দক্ষতা ও

শুধু সম্পদ থাকা যথেষ্ট নয়; পরিকল্পনা, দক্ষতা ও দায়িত্বশীল নেতৃত্বের মাধ্যমে তা বাস্তবে রূপান্তর করতে হবে। তবেই রয়্যার আর্থ, ইউরেনিয়াম বা বঙ্গোপসাগরের মতো প্রাকৃতিক সম্পদ হতে পারে টেকসই উন্নয়নের ভিত্তি। সঠিক নেতৃত্ব ও সহনশীল গণতান্ত্রিক ব্যবস্থা নিশ্চিত করলে বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় নবোদিত শক্তি হিসেবে আত্মপ্রকাশ করতে পারবে।

লেখক : শিক্ষক ও প্রাবন্ধিক।

গাজায় দুর্ভিক্ষের চেয়েও ভয়াবহ কিছু চলছে

শোগ মুখাইমার

জুলাই মাসের এক সকালে ঘুম থেকে উঠেই দেখি, আমার ফোনে অসংখ্য বার্তার ঝলকানি। প্রতিটি সংবাদ চ্যানেল, সামাজিক মাধ্যমের পোস্ট, আলাপ অনিশ্চিত হলেও আশাবাদে ভরা। শিরোনামে বলা হলো— ‘আলোচনা ভালোভাবে চলছে’, ‘যুদ্ধচুক্তি আসন্ন’ এবং ‘বিপুল সহায়তা নিয়ে একের পর এক গাড়ি ঢোকান প্রস্তুতি নিচ্ছে’।

সেই মুহূর্তে আমরা দুর্ভিক্ষের খুবই কাছাকাছি। কিছুদিন আমরা না খেয়ে থেকেছি। আপনি হয়তো কল্পনা করতে পারছেন, আমাদের মনে কী অনিশ্চিত আনন্দ ঝলমল করছিল; বার্তাগুলো কীভাবে আশা জোগাচ্ছিল। বন্ধুরা আমাকে লিখেছিল, তাদের কথাগুলো আংশিক স্বস্তিতে কাঁপছিল। একজন জিজ্ঞাসা করেছিল, ‘এটা কি সত্যিই শেষ হতে পারে?’ ‘নিরাপত্তাবোধ কেমন, আমরা কি মনে রাখব? অবশেষে আমরা কি খেয়ে বেঁচে থাকতে পারব?’

আমরা স্বপ্ন দেখার সাহস করেছিলাম। যুদ্ধবিরতির নীরবতা, উষ্ণ রুটির স্বাদ, পেট ভরে খাওয়ার আরাম কল্পনা করেছিলাম। কিছু দোকান সাময়িক আবার খুলে গেল। দাম কিছুটা কমে গেল। কয়েক মাস পর প্রথমবারের মতো রুটি প্রায় নাগালের মধ্যে মনে হলো। ক্ষণিকের জন্য জীবন মুক্ত হয়ে ফিরে এলো বলে মনে হয়েছিল। গাজায় যখন আশা আলো দেখা দেয়, তখন সবচেয়ে নির্মাতিত সম্প্রদায়গুলোও ভিন্নভাবে শ্বাস নেয়, এমনকি যদি তা কয়েক ঘণ্টার জন্যও হয়।

আমার প্রতিবেশী একজন যুদ্ধবিক্ষস্ত বিধবা; একা সাত সন্তান লালনপালন করেন। তাদের মধ্যে একটি শিশুও রয়েছে, যে ক্ষুধার জ্বালায় অবিরাম কাঁদে। তিনি আমাকে তাঁর সন্তানরা কীভাবে খালি পেটে কাঁদে, সে কথা বলেছিলেন। সেই অসহায়ত্বে তিনি নিজেও কাঁদেন। যখন যুদ্ধবিরতির গুজব ছড়িয়ে পড়ে, তখন তিনি তাদের সঠিকভাবে খাওয়ানো এবং তাদের কষ্টের অবসানের স্বপ্ন দেখেন। আমাদের সবার মতো তিনিও সেই আশা ভেঙে যেতে দেখেছিলেন। পরদিন সকালের মধ্যেই সবকিছু ধ্বংস হয়ে পড়েছিল। একটি নতুন শিরোনাম ঘোষিত হলো, যা ছিল চূড়ান্ত। এরই মধ্য দিয়ে আমাদের ভাগ্যে সিল মারা হলো— ‘আলোচনা ব্যর্থ। কোনো যুদ্ধবিরতি হচ্ছে না।’

আমি বিশ্বাস করি, বারবার আসা যুদ্ধবিরতির শিরোনামগুলো উদ্দেশ্যবিহীন কিছু নয়। এগুলো গাজার জনগণের জন্য শান্তির আবেদন রূপ। নির্মাতনের আরেক রং। আমাদের ওপর বোমা ফেলা হয়, অনাহারে রাখা হয়,



বাস্তবায়ন করা হয় এবং তার পর খবর আমাদের শেষ করে দেয়। আশা আমাদের সামনে থাকে বুলন্ত অবস্থায়, যা জ্বরদস্তি করে ছুড়ে ফেলে দেওয়া হয়। এভাবে প্রতিবারই আমাদের দুর্বল করে দেয়।

এটি ইচ্ছাকৃত ও নিয়মতান্ত্রিক নীতি, যার লক্ষ্য একটি অসহায় জনগোষ্ঠীকে খামিয়ে দেওয়া। এর উদ্দেশ্য মনোবল ভেঙে ফেলা, আমাদের অবিরাম অনিশ্চয়তার মধ্যে বসবাস করতে বাধ্য করা এবং আগামীকালের আশা করার মৌলিক মানবাধিকার কেড়ে নেওয়ার জন্য তৈরি করা। আশা জেগে ওঠার পর ভেঙে ফেলার এই চক্র অনাহারের চেয়েও গভীর ক্ষত রেখে যায়।

আমরা যখন খাবারের জন্য অপেক্ষা করি, তখন ক্ষুধাও তার মুঠোকে শক্ত করে। বাইরে হাটলেই চোখে পড়ে পুরুষরা চোখের জল মুছছে; ক্রান্তিতে রাস্তায় নারীরা ভেঙে পড়ছে; বাচ্চারা খেলতে পারছে না। ক্ষুধা কেবল একটি শারীরিক অবস্থা নয়; এক অসহনীয় বোঝা, যা আত্মাকে চূর্ণ-বিচূর্ণ করে দেয়। মায়েরা খাবারের পরিকল্পনা বন্ধ করে দেন। কারণ তারা প্রতিশ্রুতি দিতে পারেন না— তারা টেবিলে কিছু দিতে পারবেন। শিশুরা খুব সহজেই শেখে, সুসংবাদ প্রায়ই সকালের মধ্যে তিক্ততায় রূপ নেবে। সহায়তা ঘোষণা করা হলে পরিবারগুলো তাদের শেষ সম্পত্তি বিক্রি করে দেয়। যখন তা পৌঁছাতে ব্যর্থ হয়, তখন তাদের কিছুই আর বাকি থাকে না।

বারবার এই ধ্বংসযজ্ঞ সরকার ও গণমাধ্যমের প্রতি অবিশ্বাসের চেয়েও বেশি কিছু নিয়ে আসে। এটি আশার ধারণাকেই বিনষ্ট করে দেয়। এখানে অনেকে আর জিজ্ঞাসা করে না, ‘এটা কখন শেষ হবে?’ কিন্তু ‘এটা

আরও কতটা খারাপ হতে পারে?’ বিশ্ব খাদ্য কর্মসূচির হিসাব মতে, গাজার ১০০ শতাংশ মানুষ এখন তীব্র খাদ্য নিরাপত্তাহীনতায় ভুগছে। পাঁচ বছরের কম বয়সী সব শিশু তীব্র অপুষ্টির সম্মুখীন। আনুষ্ঠানিকভাবে দুর্ভিক্ষ ঘোষণা করা হয়েছে।

ইসরায়েল দাবি করেই চলেছে, তাদের অবরোধের কারণে হামাসের সরবরাহ পৌঁছাতে বাধাগ্রস্ত হচ্ছে। যদিও মার্কিন সরকার তাদের সবচেয়ে বড় মিত্র এবং ইসরায়েলি কর্মকর্তারা নিজেরাই বলছেন, প্রতিরোধ যোদ্ধাদের সাহায্য লুট করার কোনো প্রমাণ নেই।

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল গাজায় ইসরায়েলি অবরোধ ‘সম্মিলিত শাস্তি’ ও ‘যুদ্ধাপরাধ’ বলে অভিহিত করেছে। জেনেভা কনভেনশনগুলো স্পষ্টভাবে সম্মিলিত শাস্তি ও জোরপূর্বক অনাহার নিষিদ্ধ করে। আর তাই আমি জিজ্ঞাসা না করে থাকতে পারি না, এসব কিছুর মধ্যে বিশ্ববাসীর অবস্থান কোথায়? কীভাবে পুরো গ্রহ দুই মিলিয়ন মানুষকে অনাহার, বোমা হামলা ও মর্যাদা লুণ্ঠনের ঘটনার পরও চুপ থাকতে পারে?

এই নীরবতা অত্যন্ত ভাঙ্গি। ক্ষুধার মতোই এটি আত্মকে চূর্ণ-বিচূর্ণ করে। এটি এই বার্তা দেয়— আমাদের কষ্ট দেওয়া যায়; আমাদের জীবন পরিণতি না পেতেই নিঃশেষ হয়ে যেতে পারে। তবে ইতিহাস অপরাধীদের প্রতি যেমন নিন্দা জানাবে, তেমনি অপরাধে সহায়তাকারীদেরও ধিক্কার দেবে।

শোগ মুখাইমার: গাজায় বসবাসকারী ফিলিস্তিনি লেখক; আলজাজিরা থেকে সংক্ষেপিত

একজন উপদেষ্টার অনন্য দৃষ্টান্ত স্থাপন

গোলাম জিলানী নজরে মোরশেদ

সম্প্রতি এক উপদেষ্টা উদ্বোধনী অনুষ্ঠানের ফলক উন্মোচন করতে গিয়ে নিজের নাম দেখে ফলক উন্মোচন করেননি। তিনি স্পষ্ট করে বলেছিলেন, “এই বাইপাস কি আমার বাবার টাকায় হয়েছে, যে এতে আমার নাম থাকবে?” এমন আচরণ যদি নিছক ছবি তোলার আয়োজন বা শুধু মুখের কথা না হয়ে সত্যিই হৃদয় ও বিবেকের সমন্বয়ে হয়ে থাকে, তবে এটি নিঃসন্দেহে অনূকরণীয় দৃষ্টান্ত।

বাংলাদেশে প্রচলিত রীতি হলো, প্রেসিডেন্ট থেকে শুরু করে পিয়ন পর্যন্ত সবাই মনে করেন তিনি বিচারের উর্ধ্বে। তাদের ধারণা থাকে, আমি ছাড়া বাকিরা সবাই আইনের আওতাধীন। এ মানসিকতা থেকে বেরিয়ে আসতে হবে। কিন্তু সমস্যাটা হলো, যে যায় লক্ষ্য সেই হয় হনুমান।

আমি একজন অবসরপ্রাপ্ত অধ্যক্ষ। দীর্ঘ ৩৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা আমার। চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজকে একটি ছোট স্কুল থেকে ভিত্তি কলেজে উন্নীত করেছি। এর আগে বিনাইদহ ক্যান্টনমেন্ট কলেজে সাড়ে বারো বছর অধ্যাপনা করেছি। আমার বহু ছাত্র আজ পৃথিবীর নামকরা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করে অবসর নিয়েছেন, কেউ সেনাবাহিনীর সর্বোচ্চ পদে পৌঁছে অবসর নিয়েছেন।

১৯৪২ সালে জন্ম, ১৯৬৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স শেষ করেছি। পাকিস্তান আমল দেখেছি, মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দেশ স্বাধীন করেছি। গত ২৪ বছর উত্তর আমেরিকায় বসবাস করছি। নিউইয়র্ক সিটিতে চার বছর কিশোর পরামর্শক হিসেবেও কাজ করেছি। তাই আমি মনে করি আমার কিছু বলার অধিকার আছে।

সবাইকে বলব প্রথমে নিজেকে ঠিক করুন। নিজেকে প্রশ্ন করুন, আমি যা করছি তা কি আইনসঙ্গত। পৃথিবীতে জবাবদিহি এড়িয়ে গেলেও আল্লাহর কাছে জবাব দিতে হবে। মনে রাখতে হবে কাঁচের ঘরে বসে অন্যকে ঢিল মারা যায় না। নিজের লোভ-লালসা ত্যাগ করতে পারলেই দেশ ঠিক হবে।

ছাত্রসমাজকে বিশেষভাবে বলব মাছি হবেন না, মৌমাছি হোন। মাছির কোনো রুচিবোধ নেই। সে যেমন মিষ্টিতে বসে তেমনি বিষ্ঠাতেও বসে। বরং বিষ্ঠার প্রতিই তার আগ্রহ বেশি। সে কোনো উপকার করে না, বরং রোগ ছড়ায়। কিন্তু মৌমাছি মধু সংগ্রহ করে মানুষের জন্য ঔষধ তৈরি করে। তাই কোরআন শরীফে মাছির উল্লেখ নেই, কিন্তু মৌমাছি একটি বড় স্থান পেয়েছে (সূরা নাহল দ্রষ্টব্য)।

আমার এ বক্তব্য কোনো ব্যক্তি, দল বা গোষ্ঠীর জন্য নয়। এটি আমার নিজের জন্যও যেমন, তেমনি সবার জন্য।

ব্রুকলিন, নিউইয়র্ক





SECI

Sonali Exchange Co. Inc.

Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জ আসুন

জ্যামাইকা, জ্যাকসন হাইটস ও ব্রক্স শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange Mobile App

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক

SONALI EXCHANGE CO. INC.

সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DfS NY, Df&I NJ, DfFS MI, Df&F GA, DCFR MD AND FLOFR FL

NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

CORPORATE 212-808-0790	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081	JAMAICA 347-644-5150	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590			

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

প্রবাসীদের ভোটাধিকার : এখন নতুবা কখনও নয়

আলী ওসমান শেফায়েত

প্রায় দেড় কোটি প্রবাসী বাংলাদেশি, যারা দেশের অর্থনীতির চাকা সচল রাখতে অক্লান্ত পরিশ্রম করছেন, তাদের মৌলিক সাংবিধানিক অধিকার ভোটাধিকার থেকে বঞ্চিত রাখাটা দুঃখজনক। বছরের পর বছর ধরে এই দাবি উপেক্ষিত হয়েছে, যেন ‘মুলা বুলিয়ে রাখা’ হয়েছে। কিন্তু এবার একটি সুবর্ণ সুযোগ এসেছে এই দীর্ঘদিনের বঞ্চনার অবসান ঘটানোর। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সাম্প্রতিক ঘোষণা এবং অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি প্রবাসীদের আস্থার পরিস্রেক্ষিতে, ‘নাউ অর নেভার’ এর ভিত্তিতে এই দাবি বাস্তবায়নের এটাই সঠিক সময়।

সিইসি নাসির উদ্দিন জানিয়েছেন যে, আগামী নির্বাচনে সীমিত পরিসরে হলেও প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে নির্বাচন কমিশন সব প্রস্তুতি নিচ্ছে। তিনি স্বীকার করেছেন যে, পৃথিবীর অনেক দেশ ‘আউট অব কান্সিি ভোটিং’ শুরু করেও নানা সমস্যার কারণে সফল হতে পারেনি, এমনকি প্রতিবেশী ভারতও এখনও এটি চালু করতে পারেনি। তবে সিইসি দৃঢ়ভাবে বলেছেন, “আগামী নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করা আমাদের ওয়াদা। সবার দাবিও এটা আমাদের কাছে।” তিনি দেশের আর্থসামাজিক বাস্তবতা, শিক্ষা এবং রাজনৈতিক সমর্থনকে বিবেচনা করে একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার কথা বলেছেন, যেখানে মানুষের আস্থা এবং কম খরচে বাস্তবায়নের বিষয়টি প্রাধান্য পাবে।

নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদও প্রবাসীদের ভোটাধিকারের গুরুত্ব তুলে ধরেছেন। তিনি বলেছেন যে, প্রবাসীরা ভোট দিতে না পারলে ভোটের কাঙ্ঠ হারে প্রভাব পড়ে এবং সঠ্ঠ ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনে নির্বাচন কমিশন দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। তিনি উৎসবমুখর পরিবেশে নির্বাচন চান এবং এই উৎসবে প্রবাসীদের অন্তর্ভুক্ত করতে আগ্রহী।

তবে সিইসি একটি গুরুত্বপূর্ণ বিষয় মনে করিয়ে দিয়েছেন— রাজনৈতিক দলের সমর্থন ছাড়া কোনো চেষ্টাই সফল হবে না। এই প্রেক্ষাপটে, কমিশনার প্রধান আবুল ফজল মো. সানাউল্লাহ গত ১৫ মে’র মধ্যে সব রাজনৈতিক দলকে প্রবাসী ভোটারদের ভোটদানের পদ্ধতি সম্পর্কে মতামত জানানোর



আহ্বান জানিয়েছিলেন। এই সময়সীমায় রাজনৈতিক দলগুলোর কার্যক্রমে জনগণের ইচ্ছার প্রতিফলন দেখা যায়নি।

প্রবাসীদের ভোটাধিকারের দাবি নতুন নয়। নব্বই দশকে এ বিষয়ে হাইকোর্টে একটি মামলা হয়েছিল এবং একজন বিচারপতি প্রবাসীদের ভোটাধিকারের পক্ষে রায় দিয়েছিলেন। দুঃখজনকভাবে, সেই রায় আজো বাস্তবায়িত হয়নি। অতীতের সরকারগুলোর এই অনীহা বোধগম্য নয়, যখন প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সকে বাংলাদেশের অর্থনীতির ‘লাইফ লাইন’ হিসেবে অভিহিত করা হয়।

বেষম্য ও ফ্যাসিবাদবিরোধী আলোচনে প্রবাসী বাংলাদেশিরা সবসময়ই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। বিভিন্ন দেশে তারা দূতাবাস ও হাইকমিশন খোলাও করেছেন, সভা-সমাবেশ করেছেন, এমনকি অর্ধশত প্রবাসী মধ্যপ্রাচ্যে বিক্ষোভ করতে গিয়ে জেল খেটেছেন। গত বছর ৫ আগস্টের আগে মাসব্যাপী রেমিট্যান্স পাঠানো বন্ধ করে তারা তৎকালীন

সরকারের টনক নড়িয়ে দিয়েছিলেন। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব নেয়ার পর প্রবাসীদের রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির ফলে বৈদেশিক রিজার্ভে হাত না দিয়েই বৈদেশিক ঋণের কিস্তি পরিশোধ করা সম্ভব হয়েছে, যা প্রবাসীদের অপরিস্রব্ ভূমিকা প্রমাণ করে। এমন দেড় কোটি গুরুত্বপূর্ণ নাগরিককে অবহেলা করার কোনো সুযোগ নেই।

পৃথিবীর প্রায় ১৫টি স্বাধীন ও সার্বভৌম দেশ আছে যাদের মোট জনসংখ্যা দেড় কোটি হবে না। অথচ বাংলাদেশের দেড় কোটি নাগরিক প্রােসে থাকেন। এই বিপুল সংখ্যক প্রবাসীদের মৌলিক ও সাংবিধানিক অধিকার দিতে অবহেলা করলে রাষ্ট্রের টেকসই সংস্কার বা মেরামত সম্ভব নয়। তাদের সম্ভুত করলে এবং তাদের মৌলিক ও সাংবিধানিক অধিকার নিশ্চিত করলে তারা আরও কোটি কোটি ডলার রেমিট্যান্স পাঠিয়ে দেশের অর্থনীতিকে চাঙ্গা করে দেশকে অনন্য উচ্চতায় নিয়ে যাবে।

বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার একটি সফল

গণ-অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় এসেছে, যার সক্রিয় অংশীজন ছিল এই দেড় কোটি প্রবাসী। এই সরকারের কোনো রাজনৈতিক ব্যাগেজ নেই এবং তাদের অন্য কাউকে খুশি করার প্রয়োজন নেই। এখন তাদের কাছে সুযোগ এসেছে প্রবাসীদের এই ন্যায্য দাবি পূরণ করে নিজেদের সক্ষমতা ও সদিচ্ছার প্রমাণ দেয়ার।

গত ডিসেম্বরে, ড. বদিউল আলম মজুমদারের নেতৃত্বাধীন নির্বাচন সংস্কার কমিশনের সঙ্গে প্রবাসীদের একটি বিশেষজ্ঞ প্রতিনিধিদল সাক্ষাৎ করেছিল, যেখানে প্রবাসীদের ভোটাধিকার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এই আলোচনায় কমিশন নীতিগতভাবে একমত হয়েছিল যে প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করা দরকার। প্রধান নির্বাচন কমিশনারের নেতৃত্বে গোটা নির্বাচন কমিশনও এ ব্যাপারে ইতিবাচক ধারণা পোষণ করে। তাহলে প্রশ্ন হলো, আসম নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করতে অসুবিধা কোথায়? শুধু প্রয়োজন

ভারতে বাঙালি ও বাংলা ভাষা নিয়ে হচ্ছে কী

একেএম শামসুদ্দিন

একুশ বছর বয়সি আমির শেখ, পশ্চিমবঙ্গের মালদা জেলার বাসিন্দা। পেটের দায়ে মাসতিনেক আগে রাজস্থানে গিয়েছিল রাস্তার তৈরি কাজের শ্রমিক হয়ে। মাসখানেক সেখানে কাজ করার পর রাজস্থান পুলিশ তাকে আটক করে। ‘বাঙালি’ পরিচয় দেওয়ার পরই তাকে ‘বাংলাদেশি’ তকমা দিয়ে থানায় নিয়ে যায়। ভারতের নাগরিক প্রমাণের জন্য আধার কার্ড, জন্মসনদ দেখিয়েও লাভ হয়নি। চারদিন থানায় রাখার পর দু’মাসের জন্য আমিরকে ডিটেনশন ক্যাম্পে পাঠিয়ে দেওয়া হয়। তার এ আটকের কোনো খবরই পুলিশ পরিবারকে জানায়নি। তারপর বিএসএফের কাছে তাকে হস্তান্তর করা হয়। বিএসএফ অন্যদের সঙ্গে পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশ পরগনা জেলার বসিরহাটে আমিরকে নিয়ে যায়; তারপর বাংলাদেশের সাতক্ষীরা জেলার সীমান্ত দিয়ে পুশইন করে। আমির শেখের পিতা জিয়েম শেখের অভিযোগ-বর্ডারে পুশইন করার সময় সে ভারতীয় নাগরিক বলে গলার স্বর উঠু করে প্রতিবাদ করায় তার ছেলেকে অমানুষিক নির্যাতন করে বিএসএফ। তারপর গলায় বন্দুক ঠকিয়ে বলেছে, ‘বাংলাদেশ জায়গা নাই তো গোли কার দেয়গা।’ জিয়েম শেখের প্রশ্ন, ভারতের নাগরিক হয়েও যদি আমাদের এ বরকম অত্যাচার সহ্য করতে হয়, তাহলে কোথায় যাব আমরা? কোন দেশে আছি আমরা? বাংলায় কথা বলাটাই কি অপরাধ আমাদের? জিয়েম শেখ কলকাতা হাইকোর্টে হিবিয়াস কর্পাস পিটিশন দাখিল করার পর যে শুনানি হয়, সে শুনানি শেষে সংবাদমাধ্যম কর্মীদের কাছে এ কথাগুলো বলেছেন। হিবিয়াস কর্পাস পিটিশন হলো কোনো ব্যক্তির খোঁজ না পেলে তাকে সশরীরে আদালতে হাজির করানোর দাবি জানিয়ে আবেদন। জিয়েম শেখ হিবিয়াস কর্পাস পিটিশন করার পরই ভারত সরকার নড়েচড়ে বসে এবং আমিরকে বাংলাদেশ থেকে ফেরত নেওয়ার প্রক্রিয়া শুরু করে। শেষ পর্যন্ত ১৩ আগস্ট আমিরকে ভারতে ফিরিয়ে নেওয়া হয়।

উপরে যে ঘটনার বর্ণনা তুলে ধরা হলো, এটি শুধু আমির শেখের একার ঘটনা নয়। কয়েক মাস ধরেই নরেন্দ্র মোদির সরকার ভারতব্যাপী বাংলাভাষাভাষী নাগরিকদের সঙ্গে, বিশেষ করে বাঙালি মুসলিম নাগরিক হলে তো কথাই নেই এমন অমানবিক আচরণ করছে। বাঙালি মুসলিমদের ঘরবাড়ি, বরসা প্রতিষ্ঠান ভেঙে দেওয়া, বাস্তুচ্যুত করা, জেলে পুরে দেওয়া কিংবা ডিটেনশন ক্যাম্পে পাঠিয়ে দেওয়া যেন নিতানতুন ঘটনায় পরিণত হয়েছে। বিজেপিশাসিত রাজ্যগুলোতেই এর প্রকোপ বেশি দেখা যায়। অনেক আগেই এসব অনাকাঙ্ক্ষিত ঘটনার সূত্রপাত হলেও কট্টর হিন্দুত্ববাদী শাসকদল ইদানীং মুসলিম ধর্মীয় পরিচয়ের বাইরেও বাংলাভাষী মাদ্রৈই বাঙালিদের সঙ্গে এমন অমানবিক আচরণ শুরু করেছে। ভারতে এ বাঙালি বিশ্বের প্রথম বীজবপন হয় আসামে। ভারতের স্বাধীনতার পর থেকেই সেখানে বাঙালি মুসলিমদের বাস্তুচ্যুত করার ঘটনা শুরু। আসামে বাঙালি নিধন নতুন কোনো ঘটনা নয়। কুখ্যাত শিলাপাথর হত্যাকাণ্ড এর মধ্যে



অন্যতম উদাহরণ। দেশভাগের সময় তৎকালীন পূর্ববাংলা থেকে শরণার্থী হয়ে যেসব বাঙালি আসামে আশ্রয় নিয়েছিল, তাদের হত্যা করাই ছিল দুর্বৃত্তদের মূল লক্ষ্য। ১৯৮৩ সালে তির-ধনুক, তলোয়ার-বর্শা ও বন্দুক নিয়ে অসমীয়ারা আসামের অবিভক্ত লক্ষ্মীপুর জেলার শিলাপাথর এলাকায় আশ্রয়গ্রহণকারী বাঙালিদের ওপর ঝাঁপিয়ে পড়ে সহস্রাধিক মানুষকে নৃশংসভাবে হত্যা করেছিল।

২০১৮ সালে আসামজুড়ে জাতীয় নাগরিকপঞ্জি বা এনআরসি করা হলে ধর্মীয় বিবেচনা ছাড়াই বাঙালি বিতাড়নের আশঙ্কা আরও জেরদার হয়। এনআরসির চূড়ান্ত তালিকা থেকে ১৯ লাখ বাঙালির নাম বাদ দেওয়া হয়। এ ১৯ লাখের মধ্যে ১১ লাখের বেশি বাঙালি হিন্দুর নাম বাদ পড়ে যায়। আসাম থেকে বাঙালি বিতাড়নের ঘটনা যে কত মর্মান্তিক, একটি ছোট ঘটনার অবতারণা করলে উপলব্ধি করা যাবে। পশ্চিমবঙ্গের কুচবিহার জেলার বাসিন্দা সতীশ ঘোষের মেয়ে আরতি দেবীর বিয়ে হয় আসামের বরপেটায়া। তার স্বামী অসমীয়া হলেও এনআরসি তালিকা করার সময় পরপর দুবার আবেদন করলেও তা নাকচ করে দিয়ে এনআরসির তালিকা থেকে আরতির নাম বাদ দেওয়া হয়। তারপর সেই যে স্বামীর ঘর ছেড়ে বাপের বাড়ি চলে যেতে হলো আরতিকে, আসামে আ্র ফিরতে পারেননি। মাঝেমাঝে আসামে গেলেও বেশিদিন থাকার অনুমোদন নেই তার। আসামের মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক ঘোষণা বাঙালিদের ভেতর আরও আতঙ্ক বাড়িয়ে দিয়েছে। তিনি ঘোষণা দিয়েছেন, ‘আসামের কোনো বাসিন্দা জনগণের নথিতে মাতৃভাষা বাংলা লিখলে বোঝা যাবে রাজ্যে কতজন বিদেশি (বাংলাদেশি) বসবাস করছে।’ আরতি দেবীও কম আতঙ্কিত নন। আরতি দেবী আফসোস করে বলেন, ‘বাংলাভাষায় কথা বলাই কি কাল হলো? আমি আদৌ কি আর কোনোদিন স্বামীর ঘরে ফিরতে পারব না!

প্রতিবেশী রাজ্যে বিয়ে করা কি তাহলে অপরাধ?’ আরতির এ প্রশ্নের কোনো উত্তর নেই! আরতি দেবী অবশ্য একা নন। আসামে অনেক বাঙালি নারীর ভাগ্যেও এমন অমানবিক ঘটনা ঘটেছে। ভারতে বাঙালিবিদ্বেষ এমন পর্যায়ে পৌঁছেছে, মহারাষ্ট্র, ওড়িশা, মুম্বাই, আসাম, দিল্লিসহ বিজেপিশাসিত একাধিক রাজ্যে বাংলাভাষায় কথা বললেই নেমে আসছে অমানবিক অত্যাচার।

ভারতকে হিন্দু রাষ্ট্রে রূপান্তরিত করতে গিয়ে বিজেপি মুসলমান নিধন দিয়ে শুরু করলেও ধীরে ধীরে এর পরিধি বৃদ্ধি পাচ্ছে। ক্ষমতা পাকাপোক্ত করতে বিজেপি নিতানতুন ইস্যু নিয়ে হাজির হচ্ছে। পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে জয়লাভের আশায় বিজেপি সর্বশেষ যে ইস্যুটি সামনে এনেছে, তা হলো বাঙালি মুসলিম মানেই বাংলাদেশি নাগরিক; এ তকমা লাগিয়ে দেশছাড়া করে হিন্দু নাগরিকদের ভোট টানা। তাতে পশ্চিমবঙ্গসহ বাংলা ভাষাভাষী বাঙালিদের ভেতর উলটো ক্ষোভের সঞ্চার হয়েছে। বিজেপির এ সর্বনাশা পদক্ষেপ বুমেরাং হওয়ার সম্ভাবনাই বেশি। ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের ফলাফলে এর ছাপ পড়বে, সন্দেহ নেই। মুসলিম নিধনে হাতরাঙা করে নরেন্দ্র মোদি দেশ ও আন্তর্জাতিক পর্যায়ে এমনিতেই অনেক বদনাম কুড়িয়েছেন। ২০১৪ সালে মোদির নেতৃত্বে বিজেপি রাষ্ট্রক্ষমতায় আসার পর থেকে ভারত তার ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের পরিচয় মুছে দিয়ে ধীরে ধীরে সাম্প্রদায়িক দাঙ্গাপীড়িত দেশে পরিণত হয়েছে। মোদি সরকারের অধীনে মুসলিমদের চরম অবহেলিত, অত্যাচারিত ও বৈষ্যমের শিকার হচ্ছে। মুসলিমদের নিরাপত্তা দেওয়া থেকে ভারত সরকার এক ধরনের হাত গুটিয়েই বসে আছে। মুসলিমদের ওপর বিজেপিশাসিত রাজ্য সরকারগুলোর স্বেচ্ছাচারিতার চিত্রই তার প্রমাণ দেখ।

ভারতে সংখ্যালঘু মুসলিমদের ওপর

সত্যিকার সদিচ্ছা, যথাযথ কমিটমেন্ট, প্রয়োজনীয় রিসোর্স এবং যোগ্য লোক। দেশের ভেতরে যোগ্য ও প্রশিক্ষিত লোকবল না থাকলে বাইরের সহায়তাও নেয়া যেতে পারে। পশ্চিমা বিশ্বে বসবাসকারী অনেক প্রবাসী বাংলাদেশি বিশেষজ্ঞ আছেন যারা সরকার ও নির্বাচন কমিশনকে সহায়তা করতে পারেন।

অন্য দেশের প্রবাসীরা তাদের নিজ দেশের নির্বাচনে ভোট দিতে পারলে বাংলাদেশ কেন কার্পণ্য করবে? তুরস্কের বিপাক প্রেসিডেন্ট নির্বাচনে তুরস্কের প্রবাসীদের ভোট বিজয়ের ক্ষেত্রে একটি ‘ডিসাইসিভ ফ্যাক্টর’ ছিল। বিশ্বের বিভিন্ন প্রান্তে থাকা ১৬ লাখেরও বেশি তুরস্কের নাগরিক ভোট দিতে পেরেছিলেন, যার জন্য ফিনল্যান্ড, সুইডেন, কাতার, লেবাননসহ বিভিন্ন দেশে প্রয়োজনীয় সংখ্যক পোলিং বুথ স্থাপন করা হয়েছিল। তুরস্ক যদি তাদের প্রবাসীদের জন্য এত সুন্দর ব্যবস্থা করতে পারে, তবে বাংলাদেশ কেন পারবে না?

ফরাসীরা তাদের প্রবাসীদের ব্যাপারে আরও এক ধাপ এগিয়ে। ফ্রান্সে তাদের প্রবাসীদের শুধু ভোটাধিকারই দেয়া হয়নি, বরং ফ্রান্সের পার্লামেন্টে ১১ জন প্রতিনিধি (এমপি) নির্বাচিত হন শুধুমাত্র প্রবাসে বসবাসরত ফ্রান্সের নাগরিকদের দ্বারা। বাংলাদেশের জন্য প্রবাসী বাংলাদেশিদের ভূমিকা ফ্রান্সের জন্য তাদের প্রবাসী নাগরিকদের ভূমিকার চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ। প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সকে বাংলাদেশের অর্থনীতির ‘ব্লাড সার্কুলেশন’ বলা হয়। মহান মুক্তিযুদ্ধে এবং ২০২৪-এর মহান জুলাই বিপ্লবে প্রবাসীদের ভূমিকা ছিল অসামান্য।

এমতাবস্থায় প্রবাসীদের দীর্ঘদিনের এই ন্যায্য দাবি পূরণে আর কোনো গড়িমসি কাম্য নয়। এটি বাংলাদেশের প্রায় এক দশমাংশ অর্থাৎ দেড় কোটি প্রবাসীর প্রাণের দাবি। এই অন্তর্বর্তীকালীন সরকারকেই এই দায়িত্ব নিতে হবে এবং আসম জাতীয় নির্বাচনে যেকোনো উপায়ে প্রবাসীদের ভোট দেয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

এইবার যদি প্রবাসীদের ভোট দেয়ার ব্যবস্থা করা না হয়, তাহলে হয়তো আর কখনও করা হবে না। তাই সব প্রবাসী ঐক্যবদ্ধভাবে সমন্বরে আওয়াজ তুলতে হবে: ‘নাউ অর নেভার’ আপনাদের এই অধিকার নিশ্চিত করতে আপনাদের পক্ষ থেকে আর কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে?

হিন্দুদের মন্দিরে প্রবেশ করা নিষেধ, সে দেশে অন্য ধর্মে বিশ্বাসী মানুষের প্রতি হিন্দুদের কতটুকু সহানুভূতি থাকতে পারে, তা সহজেই অনুমেয়।

২ মে ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনের প্রধানদের, রাজ্য পুলিশ এবং বিএসএফকে অনুপ্রবেশকারী বাংলাদেশি নাগরিক ও রোহিঙ্গাদের ফেরত পাঠানোর একটি সার্কুলার জারি করে। এরপর থেকেই বিভিন্ন রাজ্য থেকে শত শত বাংলাভাষী শ্রমিক; যার বেশিরভাগ মুসলিম, বাংলাদেশি সম্ন্দেহে আটক করে জোরপূর্বক বাংলাদেশে পাঠানোর পর জানা গেছে, তাদের অধিকাংশই ভারতীয়, পরে তাদের ফেরতও নেওয়া হয়েছে। বাংলাভাষীদের ওপর লাগাতার নির্যাতন ও প্রতিবাদ চলাকালেই বাংলাভাষাকে ‘বাংলাদেশি ভাষা’বলে উল্লেখ করে চিঠি লিখে দিল্লি পুলিশ পরিস্থিতি আরও যোলা করে ফেলেছে। দিল্লি পুলিশের এ অর্বাচীন কাজের পক্ষে সাফাই গাইতে গিয়ে আরও বেশি জট পাকিয়েছেন বিজেপির আইটি সেলের দায়িত্বপ্রাপ্ত অমিত মালব্য। তিনি এক পোস্টে লেখেন, “দিল্লি পুলিশ ‘বাংলাদেশি ভাষা’বলতে বোঝাতে চেয়েছে এমন এক ধরনের ভাষার রূপ, যার উপভাষা, ব্যাকরণ এবং উচ্চারণগত বৈশিষ্ট্য পশ্চিমবঙ্গের বাংলাভাষা থেকে আলাদা। বাংলাভাষা বলে এমন কোনো একক ভাষা নেই, যা এসব ভিন্নতা ঢেকে দিতে পারে।” অমিত মানব্যোর এ মন্তব্য যেন আগুনে ঘি ঢেলে দিয়েছে। তার এ মন্তব্যকে বাংলাভাষা ও সংস্কৃতি ধ্বংসের ছমকি বিবেচনা করে বাঙালিরা প্রতিবাদে ফেটে পড়েন। ইংতঃপূর্বে হিন্দি বলতে না পারা অথবা হিন্দি বলতে অস্বীকার করা নিয়ে খোদ কলকাতায় অন্য ভাষাভাষী মানুষের ঔদ্ধত্যপূর্ণ আচরণে পশ্চিমবঙ্গের বাঙালিরা ক্ষেপে ছিল। এর সঙ্গে এখন যোগ হয়েছে দিল্লি পুলিশ ও অমিত মানব্যোর কটু মন্তব্য। ভারতের মাটিতে বাঙালি আজ আক্রান্ত। সেখানকার বাঙালিদের উপলব্ধি; ‘বাংলা ভাষা, সংস্কৃতি, অর্থনীতি, এমনকি তার বাঙালি পরিচয়ও ছমকির মুখে। বাঙালি কি তার নিজ দেশে বাঙালি হিসাবে থাকতে পারবে না? ভারতে থাকতে গেলে হিন্দি জানতেই হবে-এমন জোরজবরদস্তি আর কিছুতেই সহ্য করা হবে না।’

১৯৪৭ সালে স্বাধীন হওয়ার পর বাংলাভাষা নিয়ে তৎকালীন পাকিস্তান শাসকগোষ্ঠীও বেশি বাড়াবাড়ি করেছিল, যার পরিণতি পাকিস্তানের জন্য ভালো হয়নি। বাঙালি আবেগপ্রণু জাতি। বাংলাভাষা ও সংস্কৃতির বিরুদ্ধে যে কোনো অন্তঃ প্রচেষ্টাকে বাঙালি কখনো মেনে নেয়নি। বাংলাভাষার মর্যাদা রক্ষায় ১৯৫২ সালে ঢাকায় এবং ১৯৬১ সালে আসামের শিলচরে অকাতরে প্রাণ বিসর্জন দিতেও বাঙালি পিছু হটেনি। ওই একই সূত্রে, বাংলাভাষার মর্যাদা রক্ষায় পশ্চিমবঙ্গের বাঙালিরা আর যেভাবে জেগে উঠেছে, তারপরও যদি ভারতের বর্তমান শাসকগোষ্ঠীর বোধ্যোদয় না হয়, তাহলে তার পরিণতিও যে ভালো হবে না, তা বলাই বাহুল্য।

অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল, কলাম লেখক



বিদেশে গিয়ে নতুন জীবনের স্বপ্ন দেখলেও বাস্তবতা প্রায়ই হয় ভিন্ন। প্রবাস জীবনের একদিকে থাকে সুযোগ-সুবিধা ও নিরাপত্তা, অন্যদিকে থাকে বিচ্ছিন্নতা, মানসিক একাকিত্ব, কিংবা সবচেয়ে ভয়াবহভাবে প্রিয়জনের অবহেলা। এবারের উত্তরের জনপদ সমৃদ্ধ করেছেন- রাশিদা কামাল ও শামছুন ফৌজিয়া। তাদের গল্প আমাদের দেখায়-আমেরিকার প্রবাস জীবনে স্বপ্ন ও বাস্তবের এই দ্বন্দ্ব কেমন করে মানুষের ভেতরকে নাড়িয়ে দেয়। আশা করি এই গল্প দুটো পাঠকের মনে প্রবাস জীবনের আড়ালের বাস্তবতাকে নতুনভাবে ভাবতে উদ্বুদ্ধ করবে।

ধন্যবাদান্তে—**ফরিদা ইয়াসমীন, সোহানা নাজনীন**

বাঙালি কমিউনিটিতে আমার মূল্যায়ন

রাশিদা কামাল

নভেম্বর মাস। স্কুলে বসে পরীক্ষার খাতা চেক করছিলাম। এ সময় বাসা থেকে ফোন এলো-রূপমের ফোন। অল্প কথা তবুও এতে আমি নড়েচড়ে বসলাম। কথাটা ছিলো-আমেরিকান এয়াসি থেকে ফোন এসেছে আমার ইন্টারভিউয়ের তারিখ জানিয়ে। যথা সময় ইন্টারভিউ দিলাম। এরপর যাবার পালা। দিনও ঠিক হলো। এরই মধ্যে আমি কথাটা প্রিন্সিপালকে জানালাম। শুনে তিনি মোটেই খুশি হলেন না। সিরিয়াস মুখ করে বললেন, কেন যাবে ওদেশে? তুমি এখানে খুব ভালো আছো।

আমি মিনমিনে গলায় কিছু বলতে চেয়েও বলতে পারলাম না। শুধু একটু হাসলাম। এর আগে আমি ভিজিট ভিসায় আমেরিকা গিয়েছি, তবে এবারের যাওয়াটা অন্য রকম লাগছে। বার বার মনে হচ্ছে এবার আমি সব ছেড়ে চলে যাচ্ছি। উত্তেজনার পাশাপাশি বিষণ্ণতাও ঘিরে রইলো আমাকে।

ডিসেম্বর মাস। শিকাগো থেকে কলম্বাস যাব। বেশ অনেকটা পথ। এখানকার শীতের সাথে আমার পরিচয় নেই। তাই জ্বরথুবু হয়ে গাড়িতে উঠলাম। রথী চাইছিলো রাতের শিকাগো দেখাতে, কিন্তু আমার খুব ঘুম পাচ্ছিলো। কথার ফাঁকে ফাঁকে আমি ঘুমিয়েও পড়েছিলাম।

এভাবেই এক সময় বাসায় পৌঁছালাম। দিন না রাত সে হিসেব না করেই খাওয়া - দাওয়া সেরে ঘুমাতে গেলাম। এভাবে ঘুম আর জেগে থাকার ভেতর দিয়ে কাটলো সাতদিন। ঘুমের ঘোর কাটার পর বুঝলাম বাসায় আমি একা! সবাই যার যার কাজে চলে গেছে। আমার সঙ্গী কেবল কাঠবেড়ালি আর খরগোশ। আমি একাই পড়ে আছি। এই একাকিত্ব আমার ভালো লাগলো না। কয়েকদিনের মধ্যে একাকিত্বটা দুঃসহ হয়ে ধরা দিলো। মনে পড়লো প্রিন্সিপালের কথা- “এখানে তুমি ভালো আছো....!”



একদিন ভয়ে ভয়ে রথীকে বললাম, এখানে ভালো লাগছে না। আমি চলে যাব। রথী ব্যাপারটা বুঝলো। নরম সুরে বলল, কয়েকটা মাস থাকো তারপর ঢাকা য়েও।

রথীর কথায় আমার মন গলল না। আমি সিদ্ধান্ত নিলাম চলেই যাব। সবার অনাস্থরিকতা আমার ভালো লাগছে না।আমি আমার বর্শিল জীবনে ফিরে যেতে চাই! মনে হতো আমি পড়ে আছি কলম্বাসে কিন্তু আমার মন পড়ে আছে ঢাকা, উত্তরায়।

সত্যিই আমার জীবনটা ছিলো

কর্মময়। সকাল থেকে রাত পর্যন্ত নানা কাজে জড়িয়ে থাকতাম। সেই আমি নিজেকে খুঁজে পেলাম ভীষণ একাকিত্বের মাঝে। কেউ কথা বলে না যার যার কাজ নিয়ে সবাই ব্যস্ত। আমি সারাদিন একা বসে থেকে কখনও বই পড়ি, টিভি দেখি আর ফোনে কথা বলি। তবুও সময় ফুরায় না! নিঃসঙ্গতা কাটে না।

ক্রমেই মানসিকভাবে দুর্বল হতে লাগলাম। মাঝেমাঝে বেয়ানের বাসায় যাই। সেখানে গেলে কিছুটা চাপা হই। আমার ইচ্ছে হতো বেয়ানের বাসায় থেকে যেতে । কিন্তু কথাটা লজ্জায় বলতে

পারতাম না। অনেক সময় রথীরা দাওয়াতে যায়। আমাকেও সঙ্গে নিয়ে যায় কখনও কখনও। সেখানেও একই অবস্থা- কেউ আমাকে তেমন চেনে না। তাই পাশা পাওয়ার প্রল্লই আসে না। যার যার গ্রুপ নিয়ে তারা গল্পে মশগুল হয়। আমি সেই একা আগের মতো। প্রায়ই কান্না পেত। আর তখনই মনে পড়তো প্রিন্সিপালের কথা- “কেন যাচ্ছে?...?”

খুব ভোরে ঘুম থেকে ওঠা আমার অভ্যাস। কলম্বাসে আমার রুমটা ছিলো পুবমুখী ।আমি পুব আকাশের দিকে তাকিয়ে সূর্যের নরম গোলাপি রঙ থেকে

কমলা রঙের পরিবর্তনের অপূর্ব দৃশ্য দেখতাম। আমার জানালার আলসেতে এক ঘুমুদম্পতি বাসা বেঁধেছিল- আকাশটাঁয় আলো ফুটতে না ফুটতে ঘুমুদম্পতি মিষ্টি সুরে ডেকে উঠতো। তখন আমার একাকিত্ব কিছুটা হলেও দূর হতো।

ওদের ডানা ঝাপটানোর শব্দে আমি শিহরিত হতাম। মনে হতো আমি একা না! আমার সঙ্গী কেউ আছে! একটু বেলা হলে কাঠবেড়ালি আর খরগোশের আনাগোনা টের পেতাম। কখনও কখনও মেপেল গাছ থেকে পাখিদের ডাক ভেসে আসতো। আমি সবাইকেই তখন সঙ্গী মনে করতাম। তবুও মন খারাপের অনিশ্চয়তা থেকেই যেতো। আর তখনই সিদ্ধান্ত নিতাম- আমি চললই যাব। রথী যতই রাগ করুক থাকব না এখানে।

এখানে শীতের দিনগুলি খুব কষ্টকর। দুপুর গড়াতেই সন্ধে নামে। লম্বা রাতটা তাই পার হতে চাইত না। মন খারাপের ছোঁয়াটা আমাকে গভীরভাবে আঁকড়ে ধরতো। সেই মুহূর্তে আমি প্রাণপণ চেষ্টা করতাম ফেলে আসা স্মৃতিটাকে ফিরে পেতে। বুকের ভেতরে একটা পাখি অস্পষ্ট আওয়াজ তুলে টুই টুই করে ডাকতো আর আমাকে কাঁদাতো। আমি ভাবতে চেষ্টা করতাম টুই টুই আওয়াজটা যেন আমার উত্তরার বাসার সামনের মেহগিনি গাছ থেকে আসছে।

এখানে আসার পর আমার গুরুত্বটা একেবারেই কমে গেলো। কষ্ট হলেও এই গুরুত্বহীনতাকে মেনে নিতে চেষ্টা করলাম। কিছুটা অভ্যস্ত হয়ে পড়লাম। তাই অতীতকে বর্তমানের মাঝেই খুঁজতাম।

আমাদের হিলিয়ার্ডের বাসার পাশেই থাকতো এক আমেরিকান পরিবার। প্রতিবেশী হওয়াতে ওদের সাথে প্রায়ই দেখা হতো। সৌজন্য বিনিময় ছাড়া তেমন কোন কথা হতো না। একদিন এই বেড়াটা ভাঙ্গলো-আনা। খুব আন্তরিকতা নিয়ে কথা বলল আমার সাথে। এভাবে আনার সাথে ভাব হলো। জন আর আনা-

দুজনই খুব ভালো প্রতিবেশী। এরপর থেকে আনা আমার কাছে প্রায়ই আসতো। আমার দুপুরটা কাটতে লাগলো আনার সাথে গল্প করে। মাঝে মাঝে ডেকের ওপাশ থেকে জনও কথা বলতো। আমি কিছুটা পাল্টে গেলাম বন্ধু পেয়ে। আমার জীবনে আনা এলো একমুঠো রোদ নিয়ে।

আমার জীবনে কিছুটা গতি ফিরে এলো আনার কারণে। তবুও এখানকার অনাস্থরিকতা আমাকে ছুঁয়ে থাকতো। কত উপায়ে পরিচিত মানুষকে তুষ্ট করতে চাইতাম। দিনশেষে দেখতাম কেউই তুষ্ট হয় নি! সব ফাঁকা-সব মেকি! আমার ভেতরের আন্তরিকতার ছোঁয়া কেউ বুঝতেই পারতো না। হয়তো কেউ বুঝতে চাইতো না। মেকি মানুষগুলি আমাকেও হয়তো ভাবতো মেকি! ভালোবাসা যেমন নিতে জানতে হয় তেমনি দিতেও জানতে হয়। আমি এদের কাউকে কাউকে চিনতে পেরে সরে এলাম। গুটিয়ে নিলাম নিজেকে। কিছুটা নির্বিকার ও আত্মকেন্দ্রিক হয়ে উঠলাম। প্রশ্ন করতাম নিজেকে- আমি কেন সব ছেড়ে এখানে এসেছি? কেনই বা পড়ে আছি জগদ্বল পাথরের মতো?

তবুও আমি রয়ে গেলাম এখানে।রথীর ঐকান্তিক চেষ্টায় আমি যেতে পারলাম না। গোভা খাওয়া ঘুড়ির মতো আকাশের দিকে তাকিয়ে পড়েই রইলাম। তবে রথী আরও একটা কাজ করলো। আমার লেখার সরঞ্জামের ব্যবস্থা করলো। আর আমি লিখে ফেললাম তিনটে উপন্যাস।

বয়ে যায় বেলা, চারুলতা ও তোমার হাওয়ায় হাওয়ায়।

আমাদের সবার জীবনেই গল্প থাকে কোন কোন গল্প জীবনকে থামিয়ে দেয়। আবার কোন কোন গল্প গন্তব্যে পৌঁছাতে সাহায্য করে। আমি থামা বা পৌঁছানোর হিসেব করি নি। করি নি কারণ জীবনের সব হিসেব অংকের মত মেলে না। তাই মেলাতে যাওয়া বুধা। জীবন থেকে একটা অধ্যায় হারিয়ে গেলে জীবন কি শেষ হয়ে যায়। এ কথার উত্তরও খুঁজি নি। ইচ্ছে - অনিচ্ছে বা প্রাপ্তি - অপ্রাপ্তি নিয়ে আমি

স্বপ্নের দেশ ও আত্মজা

শামছুন ফৌজিয়া

প্রায় ছয় মাস পর ছোলাভুনা দেখে খুশিতে বলে উঠলেন রুবিনা বেগম, “আমেরিকায় ছোলা পাওয়া যায়?”

হেসে ফাবিহা বলল, “এখানে সবই পাওয়া যায়।”

এরপর আরও অবাক হলেন রুবিনা বেগম, যখন ফাবিহার ঘরে পানসুপারি দেখতে পেলেন। নাস্তা না খেয়েই তিনি আরাম করে পানসুপারি চিবুতে লাগলেন। আর সেই মুহূর্তে তার চোখ ভরে উঠল অশ্রুতে।

ফাবিহা জিজ্ঞেস করল, “খালা! আপনার মেয়ের ঘরে কি পানসুপারি চলেনা?”

রুবিনা বেগম দীর্ঘশ্বাস ফেলে বললেন, “কি বলব মা! মেয়ে বলেছে এগুলো এখানে পাওয়া যায় না, পানের অভ্যাস যেন ছেড়ে দিই।”

রুবিনা বেগম ও তার স্বামী আহমদ হোসেন-মেয়ে রায়নার মাধ্যমে আমেরিকা এসেছেন। আহমদ হোসেন অবসরপ্রাপ্ত সার্জেন্ট- দেশে নিজের বাড়ি, স্বেতের জমি, সন্তানাদি নিয়ে খুব ভালোই ছিলেন তিনি।

নিউজার্সির প্যাটার্সনে রায়নার নিজের বাড়ি রয়েছে এবং তার স্বামী ট্যাক্সি চালায়।রায়না স্কুল বাসে কাজ করে,পাঁচ ও দুই বছরের ছেলে মেয়েকে তার মা দেখাশোনা করেন সেইসাথে রান্নাবান্নাও করেন। কিছুদিন যাবার পর রায়নার বাবাও মাংস প্রসেসিং এর কোম্পানিতে লং টাইমের কাজ নেন।

ফাবিহার মায়ের বান্ধবী-রুবিনা বেগম। সেই সুবাদে তিনি আমেরিকা এসে ফাবিহার সাথে যোগাযোগ করেন। ফাবিহা ও প্যাটার্সনে থাকে বলে তাদের দেখা সাক্ষাৎ হয় কিন্তু দাওয়াত দিলেও রায়নার সময় হয়না বলে, ফাবিহা নিজেই গিয়ে তাদেরকে নিয়ে আসেন।

এবারো নিয়ে এলেন, যাবার সময় ফাবিহা উনার হাতে পানসুপারি ও ছোলাভুনা দিতে ভুললেন না।

এরপর থেকে ফাবিহা ফোন করলেও তারা ফোন ধরেনা, ধরলেও বলে-ব্যস্ত আছি।

একবছর পরে আহমদ হোসেনের সাথে ফাবিহার স্বামীর দেখা হয় এক গ্রোসারিতে। আহমদ হোসেন জানান, মেয়ে তাদেরকে নিষেধ দিয়েছে কারো সাথে যোগাযোগ বা দেখা না করতে। তিনি

দুঃখ করে বললেন, “আমি যা রোজগার করি সব মেয়ের হাতে দেই।মেয়ে ঘরের কাজ কিছুই করেনা সবই তার মাকে করতে হয়। ধরে নাও বাবা, আমার মেয়ে দেশ থেকে মাকে ঘরের কাজের জন্য এনেছে..”-বলেই তার গলাটা ধরে এলো।

ফাবিহা তার স্বামীর কাছে রুবিনা বেগমের এমন অবস্থার কথা শুনে আহত হলেন। দেখা করে আবারো দাওয়াত দিলেন। এবার তাদের মেয়ে রায়না তাদেরকে নিয়ে এলেন, একা ছাড়লেন না।

এরই ফাঁকে রুবিনা বেগম আফসোস করে বলে ফেললেন, “এই মেয়েকে আমি চিনিনা। মেয়ের ঘরের কাজ করতে আমার কষ্ট হয়না, কষ্ট হয় ওর আচরণে। কাজ থেকে এসেই বিছানায় শুয়ে পড়ে আর কাজের লোকের মত খবরদারি করে। যত্ন নিয়ে রান্নাবান্না করি, নাতি নাতনীদের দেখে রাখি তবুও সন্তুষ্ট হয়না।”

তিনি আরো বললেন, “আমি প্রশ্নারের রোগী। দেশ থেকে ছেলে ঔষধ পাঠায়। মেয়ে ও জামাইর সময় নেই ডাক্তার দেখানোর। আসার পরে তারা মাত্র দুইবার হাসপাতালে নিয়ে গিয়েছিল।”

এসব শুনে ফাবিহার ভীষণ মন খারাপ হলো, কিন্তু কিছুই করার থাকল না।

বছর দুয়েক পর আবারো আহমদ হোসেন স্ত্রীকে নিয়ে ফাবিহার বাসায় আসলেন। ঘরে স্ত্রীকে বসিয়ে রেখে বাংলা শপ থেকে কিছু জিনিস কিনে আনলেন-পানসুপারিও। ফাবিহাকে বললেন, “লুকিয়ে অভারটাইম করছি কিছু ডলার জমালে ওমরাহ করে একেবারে দেশে চলে যাব। অসুস্থ হয়ে পড়লেও এখানে ডাক্তারের কাছে যেতে পারিনা! তোমাদের মামী জ্বর নিয়েও কাজ করেন নিজের মেয়ে দেখেনা পরের ছেলে দেখবে কেন?”

ফাবিহার সাথে রায়নার একদিন দেখা হয়। কথায় কথায় ফাবিহা বলল, মা বাবাকে যত্ন নেওয়ার কথা। এতে রায়না বেশ রেগে যায়। বলে, “আমার মা-বাবার যত্ন নেইনা আপনি কিভাবে জানলেন?”

ফাবিহা বলল, “কেউ বলেনি নিজের মন থেকে বলছি কারণ বাবা মা চিরকাল কারো থাকেনা। তুমি ছোটবোনের মত তাই বললাম।”

দুঃখের ভার হালকা করতে, আহমদ হোসেন মাঝে মধ্যে ফাবিহার বাসায় চলে আসেন। একদিন আফসোস করে বললেন, বেইজমেন্টে যে রুমে তারা থাকেন সেখানে মেয়ে অনেক জিনিস রাখায় হাটার পথ নেই! তাছাড়া মেয়ে আবারো



প্রেরণ্যান্ট,জব ছেড়ে দিয়েছে। জানালেন, তার মেয়ে এখন তার স্ত্রীর হোম কেয়ারার জব করে। অথচ বাস্তবে মাকেই মেয়ের কাজ করতে হচ্ছে। মেয়ের জামাইও ঘরে এসে টেবিলে ভাত রেডি না পেলে রাগ করেন।

তিনি বলেন, “আমার শরীরটা ভালো নেই মা। সোয়া করিও যাতে ওমরাহ করে দেশে চলে যেতে পারি।ইদানিং বুকের বাম পাশে ব্যথা বেড়েছে কাজ করতে হাপিয়ে যাই।”

রায়না ও ফাবিহারা একই এলাকায় থাকে বলে রায়নার স্বশ্বুরবাড়ির লোকজনের সাথেও ফাবিহার পরিচয় আছে।আত্মীয়স্বজনের অনেকেই নিজের চোখে দেখেছেন মা বাবার সাথে রায়নাদের দুর্ব্যবহার।

এর কিছুদিন পরে ফাবিহার স্বামী মসজিদ থেকে এসে জানালেন, রায়নার বাবা হার্ড অ্যাটারি-এ ঘরেই মারা গেছেন। লোকজন বলাবলি

করছে, তিনদিন ধরে বুকে ব্যথা হচ্ছিল কিন্তু কেউ হাসপাতালে নেয়নি। এখন হয়তো থানা পুলিশ হতে পারে।

ফাবিহা ছুটে গেলেন রায়নার বাড়িতে, রায়নার মা কেঁদেই যাচ্ছেন। ফাবিহাকে দেখে বললেন, “মা আমাকে কিছু জিজ্ঞেস করোনা প্লিজ। মেয়ের জামাই কাউন্সিল ম্যানের সাথে যোগাযোগ আছে যাতে সহজে হাসপাতাল হতে ডেথ সার্টিফিকেট পাওয়া যায় সেই ব্যবস্থা করছেন।”

দেশ থেকে আহমদ হোসেনের বাকি ছেলেমেয়েরা ফোনে কান্নাকাটি করছে। এর মাঝেও রায়না সচেতন ভাবে চোখ রাখছে মায়ের ওপর যাতে কারো সাথে কথা না বলেন। তার কথা-আমার বাবা চলে গেছেন আল্লাহর ছকুমে। এখন মাকে সবাই একা থাকতে দেন, তার রেস্ত দরকার।

এরইমধ্যে রায়নার স্বামী স্বশ্বুরের লাশ দেশে পাঠানোর ব্যবস্থা করে দিয়েছে।

পরদিন ফাবিহা কিছু খাবার নিয়ে রায়নার বাড়িতে আসেন। রায়নার মা চুপিচুপি বললেন, “আমি যদি মুখ খুলি তারা বলেছে-আমার ছেলেদের এপ্রাই করা আছে তা বন্ধ করে দিবে। আমার ছেলেদের ভবিষ্যতের কথা ভেবে মুখে কুলুপ দিলাম মা, তুমিও এই নিয়ে কিছু বলিওনা।আসার আগে মনে করেছিলাম আমেরিকা স্বর্গের দেশ। আজ পাঁচ বছর ধরে বড় জোর হাসপাতালে দুই তিনবার যাওয়া ছাড়া বাইরের কিছুই দেখিনি। এসেছিলাম বড় শখ করে কিন্তু রায়নার বাবা এই বয়সে এত কাজ করে কুলিয়ে উঠতে পারেননি! আর কাজ না করে কোন উপায় ছিলনা। আমার বড় আদরের মেয়ে ছিল রায়না, এখানে এসে আমার মেয়েকে আমিই চিনতে পারিনা...,”-বলে আঁচলে মুখ ঢেকে কাঁদতে লাগলেন তিনি।

ফাবিহা আবারো ব্যাখিত হলো। কিন্তু কিছুই করার থাকল না।



ট্রমা

আলতাফ শাহনেওয়াজ

মানুষের ব্যক্তিগত ব্যথা, বলতে না পারা অনেক কথা—
এক সকালে ট্রেনের জন্য সেজে থাকা
গভীর এক রেললাইনের সামনে
গলা খুলে বলতে চেয়েছিলাম,
আমাকে অক্ষত রেখেই ট্রেন চলে গেল,
একফালি রোদ পাতার ওপর বসে
হাসল, বিহ্বল হয়ে দেখলাম: সব চিৎকার,
প্রতিধ্বনিগুলো সাউন্ডলেস, শোনা যায় না;
ঝিক ঝিক আস্তনগরের গম্ভব্য
আমার এ দরদি হৃদয় ফুঁটো করতে পারে,
কেবল বলতে না পারা কথা,
তারে আমি হৃদয়ের কোন পাশে রাখি?

সমান্তরাল রেললাইনে দাঁড়ানো আমি,
আমার মেয়ে ফোন করে বলে, 'বাবা, আসো!'
তাই কোনো কথাই আর বলা হয় না আমার!
কথা আর চিৎকার বৃকের মধ্যে ভেঙে ভেঙে
রক্ত খুবলে খায়; আর ট্রমা—
নিই যদি মেনে যতি দাঁড়ি-কমা
হে আমার অমোচনীয় ক্ষত,
তোমাদের—তোমারেও আমি বৃকের তন্ত্রীতে বেঁধে
কাউকে কিছুই বলিনি, যেমন গোম্বলি বলে না
কোনো অস্থির পাখির শব্দ

কত মানুষই কথা না বলে জীবন কাটায়!
সন্ধ্যাবেলা তারা মদ খায়
পায়ের পাতায় বিঁধে যাওয়া কাঁটা খুলতে খুলতে;
আবার কত মানুষ কথা বলে শুধু বলার জন্যই;
আমাতে একাকার হও যদি তুমি মম ব্যাখিত হৃদয়,
তুমি এই নিঃসহায় জুলাইয়ের বরিষণে
ভিজেই যাচ্ছ, তবু কেউ তোমাকে দিচ্ছে না
জল থেকে বাঁচার একটুকরো পলিথিন',—এটাই এস্কেটিঙ্গ ম্যান, টেক ইট ইজি'
ফুল লেহু ছবি তুলতে গেলে ফটোগ্রাফার তোমাকে
হয়তো এভাবেই বলবেন!

হাত তো বাঁধা, মুখ দিয়ে শব্দ বের হয় না,
রাজশাহীগামী আস্তনগর প্রতিসকালে
তোমাকে-আমাকে ক্রস করে চলে যায়!
আর রাত ১টা থেকে ২টার মধ্যে আমার বোন
বারংবার ঝুলে পড়ে ফ্যানের সঙ্গে, আহা চক্রাকার—

সেই ফ্যানের রাফুসী বাতাসও আমি খাই?
হে আমার পাষণ হৃদয়, না বলতে পারা কথাগুলো
ভয়াবহ নাকি? এস্কেটিঙ্গ?
যে লোকটাকে মেরে ফেললে চুপচাপ
তার কানে ব্রাদার এ বেলা বেলিফুল গুঁজে দাও,
এই বাম বাম বোমবাস্টিং রেইনি সিজনে
তোমাদের রবিবাহিত বাদলমুখর দিন...আমার বাকরুদ্ধ লাশ পানিতে ভাসে;
প্রিয়তম ব্যাখিত হৃদয়, তুমি জুলাইয়ের টুপটাপ বরষায়
ট্রমার মতো এস্কেটিঙ্গ...আঝোরে দেখাও আমাকে শেখাও
শাহ মখদুমের রেললাইনে কীভাবে দাঁড়াতে হয়...

উৎপত্তি

মঈনউদ্দিন মুনশী

মানুষ বলেছিল এটা প্রয়োজন,
সেটা হয়নি।
মানুষ বলেছিল এটা ক্ষতিকর,
সেটা হয়েছে।

একটা রক্তবর্ণ কুয়াশা নেমে এসেছে বিশ্বের উপর।
বৃক্ষের শিকড়গুলো ঝুঁকড়ে গেছে।
নদীতে বইছে রক্তস্রোত।

পৃথিবী ভাগ হয়ে গেছে দুটো দেশে।

প্রতিটি আলোকচিত্র যা প্রথমে তোলা হয়েছিলো
সেগুলো ছিল মানুষের।
প্রতিটি আলোকচিত্র যা পরে তোলা হয়েছিলো
সেগুলো ছিল শূন্য।

সব মেয়ে শিশুদের নাম রাখা হয়েছিলো এবং।
সব ছেলে শিশুদের নাম রাখা হয়েছিলো তখন।

কতদাহের পরে

দীপংকর গৌতম

কতকাল যে তোমায় খুঁজে পাচ্ছি না।
তোমায় মোটেই পাচ্ছি না।
আমার কি আর তেমন জীবন ঘুরবো বেঘোর সবখানে।
খুঁজে যাওয়ার টানটা আমার যাচ্ছে নিয়ে কোনখানে।
পাহাড় বলে নদীতে যাও, নদী বলে পাহাড়,
পাক পাখালি পাতার ভিড়ে সাহস পাইনা যাওয়ার।
ফুলের বনে গিয়ে বলি দাওনা আমার তাকে।
ফুলেরা সব বললো হেসে সে কি এখন থাকে?
সেতো থাকে রাতের বেলায় নাক্ষত্রিক কালে
আকাশ খুঁজে নিও ,বৃষ্টি ধোয়ার কালে।
দিন ফুরালো কাল ফুরালো,তোমার আশায় থাকি
রাত চলে যায় দিন চলে যায়,পাখির ভিড়ে দেখি।
স্বপ্নলতা ছিলে বলে, লতার বনে যাই
কত লতায় জিজ্ঞাসিলাম, সবাই বলে নাই
অনেক কালের পরে, সূর্য গেছে পাটে
হঠাৎ দেখি ঘরের পাশে,তুমি আছো ফুটে।
তুমি আমার কাজল রেখা, ফিরে পাওয়া নদী
মনে ভেতর যাও বয়ে যাও, চক্ষুতে পাই যদি।



আজিমপুর গোরস্থান

শেখর ভট্টাচার্য

আজিমপুর গোরস্থানে কবিতার মতো রহস্য কিছু নেই
রমনীর শাড়ির ভাজে গাঁথা নন্দন কাননের ছায়া নেই
হোমারের চোখের আলো খেলা করে এপিটাফের গায়ে গায়ে
মিছিল, মিটিং, বিক্ষোভ মিউট করা আছে অনন্ত কাল ধরে।

কবিতা আছে, আত্ননাদ আছে, পবিত্র চোখের জলে
লেখা আছে- 'তাকাও পথিক 'আমাদের বৃকের মানিক নিলু ঘুমায় এখানে',
অগণন পংক্তিমালা তারার মতো জ্বলজ্বল করে চোখের আকাশে।
ভাইয়ের আত্ননাদ মূর্ত হয়ে ওঠে কবিতার অক্ষরে অক্ষরে
"বিকশিত না হতেই মুকুলের মতো ঝরে যায় সোনা বোন রত্না"

শীতল পাটির মতো হিম গালিচাতে রাখা আছে থোকা থোকা ফুল,
গোরস্থানের সজীব বৃক্ষের ছায়ায় লিখি নিজেকে নিয়ে এলিজি
এবার থামো, প্রতিহিংসার আগুন নেভাও, নিজেকে শীতল করো
অদেখা, অজানা নদীতে রাত শেষে ভাসবে তুমি শীতল পাটিতে
অনন্ত যাত্রা পথ, কৃত্রিম স্বপ্ন সৌধ মিশে যাবে কোমল মাটিতে।

আয়ুরেখা

হাশিম কিয়াম

কাকের মেলায় তুমি নপুংসক ইগাল
আকাশটাও বেদখল
সুমুদ্রের খুঁইয়েছো চোখ
মাছের লেজের ওজন মাপা এতো সহজ না
না খেয়ে মরো
শুয়োরের বাচ্চায় রূপান্তরিত হতে
তপস্যায় মগ্ন হও
আয়ুরেখায় ঘুমন্ত ভাগ্যলিপি ছিড়ে
ফেলে লাভ নেই
যা হবার তা হবে না একালে
বুনো মহিষের শিং থেকে লাফিয়ে পড়ছে সৃষ্টিক্ষণের
সব উৎসব
পালাবে? পথ চেনো তো?
ঠোঁটের ভেতর বরং ঢুকে কাতরাতে থাকো
যতক্ষণ না ঘাসের বাগানে আগুন লাগে...!

পাথর চোর

আশরাফ চঞ্চল

প্রতিহিংসায় মানুষ মানুষেরই রক্ত খায়
অভাবের তাড়নায় কেউ কেউ কচু আর ঘাস খায়
পানি আর পানি খায়!
কিছু খারাপ লোক ঘুষ খায়
অপরের খাবার লুটেপুটে খায়

আমরা মদখোর
গাঁজাখোর
নারীখোর দেখেছি

সৃষ্টিজগতে কোন প্রাণিই পাথর খায় না
শুনছি সিলেটের মানুষেরা নাকি এখন পাথর চুরি করে
পাথর খায়!

কঙ্কেসুন্দা

বশির আহমেদ

পচা শরীরে জৈব বাড়ে!
আমাকে কবরস্থ করার পর জৈবের অভাবে যে গাছ
বেড়ে উঠতে পারে না,
তেমন একটি গাছ লাগিয়ে দিও কবরের পাশে,
জেরানিয়াম অথবা গ্ল্যাডিলিয়াস,
এসবের গন্ধে আমাকে পাবে।
চাকুন্দার মতো আড়ালে কেটেছে জীবন,
দাঁতের চিপায় কঙ্কেসুন্দার বিষ!
বিষক্রিয়ায় নীল হলে জৈবে রূপান্তরিত হয় পচা শরীর।

উত্তরাধুনিক কাজী নজরুল

আহম্মদ হোসেন বাবু

চুর্কলিয়ায় জন্ম বাংলাদেশে মৃত্যু
কবি কাজী নজরুল
দুখু মিয়া থেকে বিদ্রোহী কবি সে
বাংলায় ফোটা এক ফুল।

তোমার কবিতা ও গানে জেগে ওঠে
প্রগাঢ় অভিমান
শত অভাব অনটন করেছে মহান
তুমিই বাংলার সম্মান।

বাংলা, উর্দু, ফার্সি ভাষার ভুবনখ্যাত
অহংকারের এক নাম
"মানুষের চেয়ে বড় কিছু নেই" বলেন-
কাজী নজরুল ইসলাম।

প্রেম, দ্রোহ, সাম্য, অসাম্প্রদায়িকতা
মানবতার উজ্জ্বল ছবি
লেটো গান, রুটির দোকান পেরিয়ে তুমি
আজ জাতীয় কবি!

তোমার গল্পে, উপন্যাসে জীবনদর্শন
আজও খুব প্রাসঙ্গিক
তোমার সূরে শেকল ভাঙার গাই গান, তাই-
তুমি উত্তরাধুনিক।

তুমি জেল, জুলুম, হলিয়া হাসিমুখে
করেছিলে বরণ
লাল-সবুজের পতাকা তোমাকে শ্রদ্ধার
সাথে করে স্মরণ।।

পঞ্চাশ বছর

চাষা হাবিব

তখনও ধ্রুবাবর্ত জীয়েন কুপে
ঢালছিল বিবস্ত্র জল;
উড়তে উড়তে উড়নচড়ী দেহখান কইতে থাকে
হামার বাড়িত আছিলো বড় বড় মোটাকা ভর্তি চাল;
আজ সেই চালে মায়ার চাদর বালিশ চাপাকল;
উত্তেজনা আর পঞ্চাশ বছরের পুরান একরত্তি
ছিপিছিপে বংশাল শাল।
এখনো চালে ধ্রুবজল;
হামরা হাপশাই যাই; হামার দাদা হাপশায়—
বাপ হাপশায়; কোটিবর্ষ—উলগুলান—ভিতরগড়;
দমের ভিতর শালখানি গন্ধহুড়ায়
দাদার বিড়ির গন্ধ—তামুক—খুঁইনি
পঞ্চাশ বছরের পুরান একরত্তি ছিপিছিপে শাল।





GOLDEN AGE HOME CARE

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE**
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
আপনাকে **HOME CARE** সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব সম্বন্ধে সেবা প্রদান করবো

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: **718-775-7852**
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com



Design by: ihopeprint.com, 929-538-7903

JACKSON HTS OFFICE

71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE

3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. OFFICE

170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

BROOKLYN OFFICE

516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

Parkchester + Medical

PARKCHESTER MEDICAL

TEL: 718-828-6610 1211 WHITE PLAINS ROAD,
BRONX, NY 10472

WE WELCOME WALK INS



পার্কচেস্টার মেডিক্যাল

WE ARE OPEN:

MONDAY & THURSDAY 8:30AM-8:00PM	TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM	SATURDAY 9:00AM-3:00PM
------------------------------------	---	---------------------------

**WE ACCEPT ALL
MEDICAID / MEDICARE
MOST INSURANCES
ACCEPTED INCLUDING
WORKERS COMP.
NO-FAULT, SLIP AND FALL.**



শারীরিক অভ্যন্তরীণ সমস্যা
শ্বাসকষ্ট, ডায়াবেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র



আমরা বাংলায় কথা বলি

মেডিক্যাল সময়সূচি:

সোমবার এবং বৃহস্পতিবার সকাল ৮:৩০ মি থেকে সন্ধ্যা ৮:০০টা	মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার সকাল ৮:৩০ মি থেকে সন্ধ্যা ৬:০০টা	শনিবার সকাল ৯:০০ মি থেকে দুপুর ৩:০০টা
--	---	--

**আমরা সকল প্রকার মেডিকেইড ও
মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।**
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপূরণ
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া



Community Development for Asian American (CDAA)

একটি স্বাস্থ্য সামাজিক ব্যপস্থাপনা সংস্থা

যাঁরা আপনার ভাষায় কথা বলে এবং আপনার অধিকারের জন্য কথা বলে

আমাদের সেবা সমূহ-

- আর্থিক অনুদান গ্রহণে সহায়তা
- বাসস্থান ও বাড়ি ভাড়া প্রাপ্তিতে সহায়তা
- কর্মসংস্থান ও দক্ষতা প্রশিক্ষণ
- ফুডস্ট্যাম্প ও পুষ্টিকর খাদ্য সামগ্রী গ্রহণে সহায়তা
- যাতায়াত ব্যবস্থা গ্রহণে সহায়তা

এছাড়া যে কোন শারীরিক ও মানসিক স্বাস্থ্য বিষয়ক পরামর্শ।

Tel: +1(866) 367-3232 Email: info@cdaany.org



ABRAMS LAW GROUP আব্রামস আইন গ্রুপ



বৃহস্পতিবার (Thursday), ৭ আগস্ট
২০২৫

INJURED? WE CAN HELP!!

FREE
Accident
Consultation



Have you or a loved one been injured by a carelessly driven vehicle or 18-wheeler or by another's irresponsible conduct?

Let us protect your rights and recover the full amount due from the insurance companies and responsible parties.

ATTORNEY AT LAW

MELANIE ABRAMS, ESQ.

RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.

WE ALSO HANDLE

- ✓ CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
- ✓ TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
- ✓ TRIP AND FALL | ট্রিপ এবং পতন
- ✓ UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
- ✓ DEPORTATIONS | নির্বাসন
- ✓ ADJUSTMENT OF STATUS | স্থিতির সামঞ্জস্য
- ✓ ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
- ✓ VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
- ✓ FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
- ✓ FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
- ✓ EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
- ✓ UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ

GET HELP TODAY! 718-997-9797

104-70 QUEENS BOULEVARD, SUITE 403
FOREST HILLS, NY 11375

[abramslawgroupny.com](https://www.abramslawgroupny.com)

<https://g.co/kgs/iC36XA>

[abramslawgrouppe](#)

[abramslawgrouppe](#)

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন



২৩ আগস্ট নিউইয়র্কের রিগো পার্কের জয়া পার্টি হলে স্বেচ্ছাসেবী সংগঠন নি-ইউ-কো ইনক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ।

প্রবাসীদের চ্যারিটি ডিনার, সম্মাননা ও সাংস্কৃতিক উৎসব

বিশেষ প্রতিনিধি

শনিবার, ২৩ আগস্ট। নিউইয়র্কের রিগো পার্কের জয়া পার্টি হলে আলো-বলমলে পরিবেশে জমে উঠেছিল প্রবাসীদের অনন্য সমাবেশ। স্বেচ্ছাসেবী সংগঠন নি-ইউ-কো ইনক, (NiUKo – Self-Motivated দেউশ) আয়োজন করেছিল তাদের বার্ষিক চ্যারিটি ডিনার, অ্যাওয়ার্ডস সেরিমনি ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

এটি ছিল কেবল একটি সামাজিক আয়োজন নয়—বরং মানবতার প্রতি গভীর অঙ্গীকারের বহিঃপ্রকাশ। দেশের জন্য, সমাজের জন্য, মানুষের জন্য যারা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন, তাদের আত্মতাগ ও অকৃত্রিম ভালোবাসা যেন মিলিত হলো এই মহোৎসবে।

স্বেচ্ছাসেবার মানে সময় দেওয়া, পরিশ্রম দেওয়া—কিন্তু তার চেয়েও বড় হলো হৃদয়ের টান থেকে তা করা। নিজের সাফল্যের আলো কেবল নিজের মধ্যে সীমাবদ্ধ না রেখে, অন্যের জীবনে তা ছড়িয়ে দেওয়াই স্বেচ্ছাসেবার মূল দর্শন। নি-ইউ-কো ইনকের সদস্যরা ঠিক

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

KARNAFULLY

কর্ণফুলী ট্যাক্স

TAX SERVICES INC.

www.karnafulllytax.com

ইনকাম ট্যাক্স

কর্পোরেট ট্যাক্স

সেলস ট্যাক্স

পেয়োল

বিজনেস সেটআপ

ইমিগ্রেশন

নোটারী পাবলিক

ENROLLED

IRS AGENT

PH: 718-205-6040

37-20 74th Street, 2Fl, Jackson Heights

Mohammed Hosen, EA, MBA

MBA in Accounting

IRS Enrolled Agent

IRS Certifying Acceptance Agent

Home & Habitat

Realty Corp.

নিউইয়র্কে বাড়ী ক্রয়

বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান

516-460-8260

Mohammed Islam

Branch Manager

646-724-6417

71-20 35th Ave, Jackson Heights, NY 11372

এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

TOLL FREE 1-866-MOIN-LAW

Cell: 917-282-9256

To Schedule Appointment Only.

গাড়ী এক্সিডেন্ট

বিল্ডিং এ দুর্ঘটনা

ট্রিপ এন্ড ফল

বিকলাঙ্গ শিশুর জন্য

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা

স্লিপ এন্ড ফল

হাসপাতালে ভুল চিকিৎসা

লেড পয়জনিং

MOIN CHOUDHURY, ESQ.

Attorney at Law

IMMIGRATION

Law offices of Timothy Bompert 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan & Long Island Office By Appointment Only

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompert is admitted in NY only

নিউইয়র্কে ব্যক্তিগত বিরোধের জের ধরে রাস্তায় সংঘর্ষ

কমিউনিটিতে তোলপাড়

ব্যবসায়ী শাহনেওয়াজের সঙ্গে অর্থ সংক্রান্ত ব্যক্তিগত বিরোধের জেরে ঘটেছে মারামারির এ ঘটনা।

উত্তর আমেরিকা অফিস

সম্প্রতি নিউইয়র্ক থেকে বাংলা প্রেস সম্পাদক ছাবেদ সাথী গ্রেফতারের পর ব্যবসায়ী শাহ নেওয়াজকে করা সাংবাদিকদের প্রশ্নে উঠে আসে চাঞ্চল্যকর তথ্য। জানা গেছে, ব্যবসায়ী শাহনেওয়াজের সাথে অর্থ সংক্রান্ত ব্যক্তিগত বিরোধের জেরে ঘটেছে মারামারির এ ঘটনা।

শাহনেওয়াজ বলেন, বাড়ি কিনতে

ছাবেদ সাথীকে টাকা ধার দিয়েছিলাম। কিন্তু টাকা ফেরত চাইলে সে আমার সাথে শত্রুতা শুরু করে। আমার কাছে তাকে টাকা ধার দেয়ার নোটারাইজ ডকুমেন্ট আছে। টাকা উদ্ধারে তার বিরুদ্ধে কোর্ট মামলা চলছে বলেও জানান তিনি।

এদিকে ব্যবসায়ী শাহনেওয়াজের পরিবারকে ইঙ্গিত করে অপর ব্যবসায়ী আসেফ বারী টুটুলের ডাকা সংবাদ সম্মেলনের খবরটিতে শাহনেওয়াজকে অত্যন্ত বাজেভাবে উপস্থাপন করতে দেখা গেছে ছাবেদ সাথীকে। এসব কুরুচিপূর্ণ লেখালেখি সম্পর্কে অনিক রাজ প্রশ্ন করলে তার উপরে ছাবেদ সাথী হামলে পড়ে বলে অভিযোগ ব্যবসায়ী শাহ নেওয়াজের।

অপরদিকে ব্যবসায়ী আসেফ বারীর

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ২

M

মতিন

OTIN

An Icon of Growth & Development

Sweets & Masala

বাংলাদেশের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

(BANGLA TRAVELS)

JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372

সুপার সেক **\$৫৪৯+**

917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

লুইস-মার্টিনের বিরুদ্ধে ঘুষ ও প্রভাব খাটানোর মামলা

বিশেষ প্রতিনিধি

নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের দীর্ঘদিনের ঘনিষ্ঠ উপদেষ্টা ইনগ্রিড লুইস-মার্টিন ও তার ছেলসহ ছয়জনের বিরুদ্ধে ঘুষ ও প্রভাব খাটানোর অভিযোগ আনা হয়েছে। বৃহস্পতিবার (২১ আগস্ট) ম্যানহাটনের জেলা অ্যাটর্নি অ্যালভিন ব্র্যাগ এই অভিযোগ উন্মুক্ত করেন।

অভিযোগ অনুযায়ী, লুইস-মার্টিন নগদ অর্থ, বাড়ি সংস্কার, বিনা মূল্যে খাবার পরিবেশন এবং অন্যান্য সুবিধার

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

মিন-স্ট্রিট থেকে ক্লিন স্ট্রিট: নিউইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন শহর

এইচ বি রিতা

“আমরা আমাদের আবর্জনা কেমনভাবে সামলাই, সেটিই বলে দেয় আমরা কেমন সমাজে বাস করি”—এই স্লোগান সামনে রেখে

নিউইয়র্ক সিটি গত চার বছর ধরে ‘ট্র্যাশ রেভল্যুশন’-এর পথে হটিছে। একসময়ের কালো গার্বের ব্যাগে স্তূপাকার সাইডওয়ায়কগুলো, যা ‘মিন-স্ট্রিট’ নামে পরিচিত ছিল, তা এখন ধীরে ধীরে রূপ নিচ্ছে ‘ক্লিন-স্ট্রিট’-এ।

শহরের আবর্জনা ফেলার সময় বিকেল ৪টা থেকে সরিয়ে রাত ৮টা করা হয়েছে। এতে রাস্তায় আবর্জনা কম সময় থাকে, দুর্গন্ধও কমে এবং অফিস শেষে পথচারীদের আর হেঁচট খেয়ে পড়তে হয় না। পাশাপাশি খাবার-সম্পর্কিত ব্যবসা এবং চেইন ব্যবসাগুলোকে চাকনায়ুক্ত বিন ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে।

আবাসিক এলাকায় কনটেইনার

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

BANGLA TRAVELS

JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372

সুপার সেক **\$৫৪৯+**

917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার

Immigrant Elder Home Care LLC

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

টেলর সুইফট ও ট্রাভিস কেলসির বাগদান

ভক্তদের উচ্ছ্বাসে ভরে উঠল সামাজিক মাধ্যম

ইব্রাহীম চৌধুরী

পপ সুপারস্টার টেলর সুইফট এবং এনএফএল তারকা ট্রাভিস কেলসি-র বাগদান ঘিরে বিশ্বজুড়ে ভক্তদের মধ্যে তৈরি হয়েছে ব্যাপক উন্মাদনা। ইনস্টাগ্রামে মাত্র এক লাইনের ঘোষণা— “তোমাদের ইংরেজি শিক্ষক আর জিম শিক্ষক বিয়ে করতে যাচ্ছেন”—এবং সঙ্গে পাঁচটি ছবি, এর মাধ্যমে নিজদের বিশেষ মুহূর্ত প্রকাশ করেন এ তারকা যুগল। পোস্টের শেষে যুক্ত হয় একটি আতশবাজির ইমোজি, যা মুহূর্তেই ইন্টারনেট দুনিয়ায় আগুনের মতো ছড়িয়ে পড়ে।

মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই ছবিগুলোতে লাইক পড়েছে ১৮ মিলিয়নের বেশি। সেখানে দেখা যায়, ফুলে সাজানো এক মনোরম প্রাকৃতিক পরিবেশে কেলসি হাটু গেড়ে বসে সুইফটকে আংটি পরাচ্ছেন। অন্য এক ছবিতে রালফ লরেনের হাল্টার নেক ড্রেস ও কার্টিয়ের হীরকখচিত ঘড়ি পরিহিতা

টেলর হাত তুলে দেখাচ্ছেন তাঁর আংটি— একটি সোনালি ব্যান্ডে বসানো কুশন কাট হীরা।

মার্কিন সংবাদমাধ্যমের তথ্যমতে, আংটিটি কেনা হয়েছে আর্টিফেক্স ফাইন জুয়েলারি থেকে। সেখানে আংটির দাম শুরু হয় প্রায় ২৯ হাজার ডলার থেকে। বাগদানের জায়গা সাজানো হয়েছিল গোলাপ, অ্যানিমোনি, ডেলফিনিয়াম ও হাইড্রেনজিয়াসহ নানা ফুল দিয়ে। খ্যাতনামা ফুল শিল্পী নিকোলা পল জানিয়েছেন, “এটি একেবারেই সাদামাটা অথচ শোভন সাজ। বনের ভেতরে সবুজের মাঝে ফুল আর খিলান দিয়ে গড়া হয়েছে এক স্বপ্নিল দৃশ্য।” সেলিব্রিটি ক্লোরিস্ট জেফ লিথাম পুরো আয়োজনকে বর্ণনা করেছেন “গোপন বাগান” হিসেবে— রোমান্টিক ফুলেল পরিবেশে সাজানো এক স্বপ্নের আসর।

এই ঘোষণার সঙ্গে ব্যাকগ্রাউন্ডে

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

অবিশ্বাস্য সেল!

718-721-2012

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

সেখা বাড়ার পথে ওমরাহ পালনের সুযোগ

25-78- 31ST., ASTORIA, NY 11102

Subway: 30 Avenue Station

Nazrul Islam

President & CEO

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয় সহযোগিতার জন্য কল করুন

"REALTOR, YOU CAN DEPEND ON"

RE/MAX PROS

Hashan Chowdhury

Realtor

Mobile: 301-675-1822

Office: 301-916-1400

Fax: 301-916-0282

মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২

অফিস: ৩০১-৯১৬-১৪০০

ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২

Realtorchowdhury@gmail.com

12810 Wisteria Dr, #306

Germantown, MD 20884

HILLSIDE TAX & MULTISERVICES INC.

e-file

Income Tax

Sales Tax

Corporate Tax

Partnership Tax

Business setup

Payroll (W2, 1099)

All immigration Services

Accounting & Bookkeeping

MD SHORIFUL ISLAM

President & CEO

165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432

Tel: 347-254-9924, Email: HillsideTax21@gmail.com

ZAKIR CPA, PLLC

Certified Public Accountants

Accurate, Fast & Reliable Services

আমাদের সেবা অনন্য

• ব্যক্তিগত ও বিজনেস ট্যাক্স সলিউশন

• ব্যক্তিগত ও বিজনেস ইনভেস্টমেন্ট

• ইমিগ্রেশন ও এস এল টি সলিউশন

• ইমিগ্রেশন ও এস এল টি সলিউশন

• ইমিগ্রেশন ও এস এল টি সলিউশন

• ইমিগ্রেশন ও এস এল টি সলিউশন

929-207-1516

2152B Westchester Ave,

Bronx, NY 10462

আমরা ইমিগ্রেশন এবং ইমিগ্রেশন স্পীশ এর আবেদন করে থাকি

www.zakircpa.com

info@zakircpa.com

Zakir Choudhury, CPA

Founder & CEO

RAHMANIA TRAVEL SERVICES

TICKETS: DOMESTIC & INTERNATIONAL

EMIRATES

KUWAIT AIRWAYS

TURKISH AIRLINES

QATAR

ETIHAD

এয়ার টিকেট, হজ্জ-ওমরাহ ও ভিসা প্রসেসিং

CALL: 718-205-3270, 646-322-1654

37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

সম্পাদক: ইব্রাহীম চৌধুরী, নির্বাহী সম্পাদক: মনজুরুল হক। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, স্যুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: 718-308-5020, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com